- (২) যে অক্ষমতার কারণে বিশেষ অক্ষমতাজনিত ছুটি চাওয়া হয়, সেই অক্ষমতা ৩(তিন) মাসের মধ্যে প্রকাশ না পাইলে, এবং যে ব্যক্তি অক্ষম হন, সেই ব্যক্তি উক্ত অক্ষমতার কারণে অবিনময়ে উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত না করিলে বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা হইবে না। তবে, সংগঠিত ঘটনা ও কারণের তিন মাস পরেও অক্ষমতার স্পষ্টতা প্রমাণিত হইলে ব্যবস্থাপনা পরিচালক/বোর্ড অক্ষমতার কারণ সম্পর্কে নিশ্চিত ও সন্তুষ্টিক্রমে এই ছুটি প্রদান করিতে পারেন।
- (৩) যে মেয়াদের জন্য বিশেষ অক্ষমতাজনিত ছুটি প্রয়োজনীয় বলিয়া এতদুদ্দেশ্যে নিমুক্ত চিকিৎসা কর্তৃপক্ষ প্রত্যায়ন করিবে, সেই মেয়াদের জন্য উক্ত ছুটি মঞ্জুর করা হইবে, উক্ত চিকিৎসা কর্তৃপক্ষের প্রত্যায়ন ব্যতিরেকে তাহা বর্ধিত করা হইবে না এবং এইরূপ ছুটি কোনক্রমেই ২৪ (চব্বিশ) মাসের অধিক হইবে না।
- (৪) বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তৃপক্ষের বিশেষ বিবেচনার জন্য যে কোন ছুটির সংগে সংযুক্ত করা যাইতে পারে।
- (৫) যদি একই ধরনের অবস্থায় পরবর্তীকালে কোন সময় অক্ষমতা বৃদ্ধি পায় বা উহার পুনরাবৃত্তি ঘটে, তাহা হইলে, একাধিকবার বিশেষ অক্ষমতাজনিত ছুটি মঞ্জুর করা যাইবে, তবে এইরূপ একাধিকবার মঞ্জুরীকৃত ছুটির পরিমাণ ২৪(চব্বিশ) মাসের অধিক হইবে না এবং এইরূপ ছুটি যে কোন একটি অক্ষমতার কারণেও মঞ্জুর করা যাইবে।
- (৬) যেই সকল কোম্পানীতে পেনশন প্রথা চালু রাখিয়াছে, সেই সকল কোম্পানীতে শুধুমাত্র আনুভবিকের এবং যে ক্ষেত্রে অবসর ভাতা প্রাপ্য হয়, সে ক্ষেত্রে অবসর ভাতার ব্যাপারে চাকুরী হিসাব করিবার সময় বিশেষ অক্ষমতাজনিত ছুটি কর্তব্য পালনের সময় হিসাবে গণনা করা হইবে এবং উহা ছুটির হিসাব হইতে বিরোধিতা করা হইবে না। গ্র্যাচুইটি প্রথার ক্ষেত্রে এই নিয়ম প্রযোজ্য হইবে না।
- (৭) বিশেষ অক্ষমতাজনিত ছুটি কালীন বেতন হইবে নিম্নরূপ, যথা :-
- (ক) উপ-প্রবিধান-(৫) এর অধীনে মঞ্জুরকৃত ছুটির মেয়াদসহ যে কোন মেয়াদের ছুটির প্রথম চার মাসের জন্য পূর্ণ বেতন, এবং
- (খ) এইরূপ ছুটির অবশিষ্ট মেয়াদের জন্য অর্ধ বেতন।
- (৮) এই প্রবিধানের অন্যান্য বিধান সমূহের প্রযোজ্যতা এমন কর্মচারীর ক্ষেত্রেও সম্প্রসারিত করা যাইতে পারে। যিনি তাহার যথাযথ কর্তব্য পালনকালে বা উহা পালনের পরিনতিতে অথবা তাহার পক্ষে অধিষ্ঠিত থাকিবার কারণে দুর্ঘটনাবশতঃ আঘাত প্রাপ্ত হইয়াছেন, অথবা যিনি নির্দিষ্ট কোন কর্তব্য পালনকালে তাহার পদের স্বাভাবিক ঝুঁকি বহির্ভূত অসুস্থতা বা জখম সারায়া তোলার সম্ভাবনা থাকে, এইরূপ অসুস্থতা বা জখমের দরুন অক্ষম হইয়াছেন।

২২। সংগরোধ ছুটি :

- (১) কোন কর্মচারীর পরিবারে বা গৃহে সংক্রামক বাধি থাকার কারণে যদি আদেশ দ্বারা তাহাকে অফিসে উপস্থিত না হওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়, তবে সে সময়ের জন্য উক্ত রূপ নির্দেশ কার্যকর থাকে, সেই সময়কাল হইবে সংগরোধ ছুটি।
- (২) অফিস প্রধান, কোন চিকিৎসা কর্মকর্তা বা জনস্বাস্থ্য কর্মকর্তার সার্টিফিকেটের ভিত্তিতে অনূর্ধ্ব ২১ (একুশ) দিন অথবা স্বাভাবিক অবস্থায় ৩০ (ত্রিশ) দিনের জন্য সংগরোধ ছুটি মঞ্জুর করিতে পারে।
- (৩) সংগরোধের জন্য উপ-প্রবিধান-(২) এ উল্লিখিত মেয়াদের অতিরিক্ত ছুটি প্রয়োজন হইলে, উহা উপযুক্ত কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে এই প্রবিধানমালার অধীন অন্যকোন প্রকার ছুটি হিসাবে গণ্য হইবে।
- (৪) সংগরোধ ছুটি অন্য যে কোন প্রকার ছুটির সংগে সংযুক্ত করিয়াও মঞ্জুর করা যাইতে পারে। সংগরোধ ছুটিতে থাকাকালে কোন কর্মচারীকে তাহার দায়িত্বপালনে অনুপস্থিত বলিয়া গণ্য করা হইবে না, এবং যখন কোন কর্মচারী নিজেই সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হন, তখন তাহাকে এইরূপ কোন ছুটি দেওয়া যাইবে না।

২৩। প্রসূতি ছুটি :

- (১) কোন মহিলা কর্মকর্তা/কর্মচারীকে পূর্ণ বেতনে প্রসবের ছয় সপ্তাহ আগে এবং ছয় সপ্তাহ পরে অধিক চার মাস প্রসূতি ছুটি মঞ্জুর করা যাইতে পারে এবং উহা তাহার পাওনা ছুটির হিসাব হইতে বাদ দেওয়া যাইবে না।

চলমান পাতা-১০

(২) প্রস্তুতি ছুটি মঞ্জুরীর অনুরোধ কোন নিবন্ধিত চিকিৎসক কর্তৃক সমর্থিত হইলে, উপযুক্ত কর্তৃপক্ষের বিবেচনা মতে কর্মচারীর প্রাপ্য যে কোন ছুটির সহিত একত্রে বা উহা সম্প্রসারিত করিয়া মঞ্জুর করা যাইতে পারে।

(৩) কোম্পানীতে যে কোন কর্মচারীর সম্পূর্ণ চাকুরী জীবনে তাহারে দুই বারের অধিক প্রস্তুতি ছুটি মঞ্জুর করা যাইবে না।

২৪। অবসর প্রস্তুতি ছুটি :

(১) কোন কর্মচারীর ছুটি পাওনা থাকা সাপেক্ষে ১২(বার) মাস পূর্ণ গড় বেতনে অবসর প্রস্তুতি ছুটি পাইবেন এবং এইরূপ ছুটিত মেয়াদ তাহার অবসর গ্রহণের তারিখ অতিক্রম করার পর উহা সম্প্রসারণ করা যাইতে পারে, কিন্তু ৫৮ (আটদশ) বৎসর বয়সসীমা অতিক্রমের পর উহা সম্প্রসারণ করা যাইবে না।

(২) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে একমাস পূর্বে অবসর প্রস্তুতি ছুটির জন্য আবেদন না করিলে, তাহার পাওনা ছুটি অবসর গ্রহণের তারিখের পর তামাদি হইয়া যাইবে।

(৩) কোন কর্মচারী তাহার অবসর গ্রহণের তারিখের কমপক্ষে এক দিন পূর্বে অবসর প্রস্তুতি ছুটিতে যাইবেন।

২৫। অধ্যয়ন ছুটি :

(১) কোম্পানী ইহার চাকুরীর জন্য সহায়ক হইতে পারে এইরূপ বৈজ্ঞানিক, কারিগরী বা অন্যরূপ সমস্যাদি অধ্যয়ন অথবা বিশেষ প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণের জন্য কোন কর্মচারীকে উপযুক্ত কর্তৃপক্ষ অর্থ-বেতনে অনর্থক ১২(বার) মাস অধ্যয়ন ছুটি মঞ্জুর করিতে পারেন এবং এইরূপ ছুটি তাহার ছুটির হিসাব হইতে বাদ দেওয়া হইবে না।

(২) যে ক্ষেত্রে কোন কর্মচারীকে নির্দিষ্ট সময়ের জন্য কোন অধ্যয়ন ছুটি মঞ্জুর করা হয় এবং তিনি পরবর্তীকালে দেখিতে পান যে, মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ তাহার অধ্যয়ন বা প্রশিক্ষণ ও পরীক্ষার জন্য প্রয়োজনীয় মেয়াদ অপেক্ষা কম, সেই ক্ষেত্রে সময়ের স্বল্পতা পূরণকল্পে উপযুক্ত কর্তৃপক্ষ অনর্থক এক বৎসরের জন্য উক্ত অধ্যয়ন ছুটির মেয়াদ বর্ধিত করিতে পারেন।

(৩) পূর্ণ বেতনে বা অর্ধ বেতনে ছুটি বা বিনা বেতনে অসাধারণ ছুটির সহিত একত্রে অধ্যয়ন ছুটি মঞ্জুর করা যাইতে পারে। তবে, কোন অবস্থাতেই বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা গ্রহণের জন্য কোন কর্মকর্তাকে একাধারে ৫ বৎসরের বেশী সময়ের মঞ্জুরী দেওয়া যাইবে না। যদি কোন প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য একাধারে ৫ বৎসরের বেশী সময় ছুটিতে অথবা ছুটি ছাড়া নিজ পদ হইতে অনুপস্থিত থাকেন, তবে, তাহার ক্ষেত্রে বিএসআর-৩৪ প্রযোজ্য হইবে এবং শিক্ষা ছুটি উদারভাবে মঞ্জুর করা যাইবে এবং ইহা দেশের অভ্যন্তরে কোন সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানে অথবা কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নের জন্যও মঞ্জুর করা যাইবে; যে কোন শিক্ষা ছুটির ক্ষেত্রে প্রস্তাবিত শিক্ষা বিগ্গেষের সাথে কর্মকর্তার দাণ্ডরিক দায়িত্বের সামঞ্জস্য না থাকিলেও ইহা কার্যকরী হইবে। এতদবিষয়ে সংস্থাপন মন্ত্রণালয়ে সূত্র নং-সম(বিঃ প্রঃ)-৮০/৯২-৫১৮(৫০০) তারিখ ২৯-০৮-১৯৯২ ইং অনুসরণীয় হইবে এবং এই বিধির পরবর্তীতে সময়ে সময়ে জারীকৃত বিধানাবলী/সংশোধনীসমূহ একই ভাবে প্রযোজ্য হইবে।

২৬। নৈমিত্তিক ছুটি :

(১) সরকার সময়ে সময়ে উহার কর্মচারীদের জন্য প্রতী পঞ্জিকা বৎসরে যতদিন ছুটি নির্ধারণ করিবে, কর্মচারীগণ মোট ততদিন নৈমিত্তিক ছুটি পাইবেন।

২৭। ছুটির পদ্ধতি :

- (১) প্রত্যেক কর্মচারীর ছুটির হিসাব কোম্পানী কর্তৃক নির্ধারিত নিয়ম ও পদ্ধতিতে সংরক্ষণ করা হইবে।
- (২) ছুটির জন্য সকল আবেদন কোম্পানী কর্তৃক নির্ধারিত ফরমে ও উপযুক্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।
- (৩) আবেদনকারী যে কর্মকর্তার অধীনে কর্মরত আছেন, তাহার সুপারিশক্রমে উপযুক্ত কর্তৃপক্ষ ছুটি মঞ্জুর করিতে পারেন।
- (৪) বিশেষ পরিস্থিতিতে কোন কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, তাহার অধীনে কর্মরত কোন কর্মচারীর ছুটি পাওনা রহিয়াছে, তবে তিনি আনুষ্ঠানিক মঞ্জুরী আদেশ সাপেক্ষে উক্ত কর্মচারীকে অতৃষ্ণ ১৫(পনের) দিনের জন্য ছুটিতে যাইবের অনুমতি দিতে পারেন।
- (৫) পেনশন প্রথার একজন কর্মচারী কমপক্ষে ১৫(পনের) দিনের পূর্ণ বেতনে, ছুটি জমা থাকা সাপেক্ষে, প্রতি তিন বৎসর ধারাবাহিক চাকুরীর জন্য একবার ১৫(পনের) দিনের বিনোদন ছুটি ভোগ করিতে পারিবেন। এই প্রকার ছুটিকালীন সময়ে ছুটিকালীন বেতন ছাড়াও এক মাসের মূল বেতন এর সমান বিনোদন জাত প্রাপ্য হইবে। তবে, বিনোদন ছুটির বিকল্প হিসাবে অবকাশ খাপনের জন্য প্রচলিত 'শীড ফেয়ার এ্যাসিসটেন্স' সুবিধা ভোগ করা যাইবে(যাচুইটি প্রথায়ও ইহা প্রযোজ্য হইবে)।

চন্দ্রমান পাতা-১১

২৮। ছুটিকালীন বেতন :

- (১) কোন কর্মচারী পূর্ণ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন, সেই বেতনের সমান হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।
- (২) কোন কর্মচারী অর্ধ বেতনে ছুটিতে থাকাকালে উক্ত ছুটি আরম্ভের পূর্বে তিনি সর্বশেষ যে বেতন পাইয়াছেন, সেই বেতনের অর্ধ হারে ছুটিকালীন বেতন পাইবার অধিকারী হইবেন।

২৯। ছুটি হইতে প্রত্যাবর্তন করানো :

- (১) ছুটি ভোগেরত কোন কর্মচারীকে ছুটির মেয়াদ শেষ হইবার পূর্বে দায়িত্ব পালনের জন্য তখন করা যাইতে পারে এবং তাহাকে অনুরূপভাবে তদার করা হইলে, তিনি যেই কর্মস্থলে ফিরিয়া আসিবার জন্য নির্দেশিত হইয়াছেন, উহার উদ্দেশ্যে বণ্ডানা হওয়ার তারিখ হইতে তাহাকে কর্মরত বলিয়া গণ্য করা হইবে, এবং এতদুদ্দেশ্যে ভ্রমণের জন্য প্রবিধান-৩১ অনুসারে তিনি ভ্রমণভাতা ও অন্যান্য ভাতা পাইবার অধিকারী হইবেন।

৩০। ছুটি নগদায়ন :

- (১) কোন একজন কর্মচারী যিনি পেনশন এবং সাধারণ ভবিষ্যৎ জীবন পরিকল্পনা নিজ অর্ন্তভুক্তির ইচ্ছা প্রকাশ করেন নাই, তিনি তাহার সম্পূর্ণ চাকুরীকালে প্রতি বৎসরে প্রত্যাখ্যাত বা অজোগকৃত অর্জিত ছুটির শতকরা ১০০ ভাগ নগদ টাকায় রূপান্তরিত করার জন্য অনুমতি পাইতে পারেন।
- (২) সর্বশেষ মূল বেতনের ভিত্তিতে উপ-প্রবিধান-(১), উল্লেখিত ছুটি নগদ টাকায় রূপান্তরিত করা যাইবে।

পঞ্চম অধ্যায়

ভ্রমণ ভাতা, সম্মানী ভাতা ইত্যাদি


৩১। কোম্পানীর কোন কর্মচারী/কর্মচারী তাহার দায়িত্ব পালনার্থে বা বদলী উপলক্ষে ভ্রমণকালে যেই ভ্রমণভাতা ও দৈনিক ভাতা পাইবেন, উহার পরিমাণ ও সংশ্লিষ্ট বিষয়াদি এতদুদ্দেশ্যে প্রণীত অথবা প্রণীতব্য প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে, এবং উক্ত ভ্রমণভাতা প্রবিধানমালা এই চাকুরী প্রবিধানমানার অংশ হিসাবে গণ্য হইবে।

৩২। সম্মানী ভাতা ইত্যাদি :

- (১) কোম্পানী ইহার কোন কর্মচারীকে সাময়িক প্রকৃতির উন্নয়নমূলক কর্ম সম্পাদনের জন্য নগদ অর্থ আকারে বা অন্যবিধভাবে সম্মানী বা পুরস্কার প্রদান করিতে পারিবে।
- (২) এতদুদ্দেশ্যে গঠিত কমিটি কর্তৃক সুপারিশকৃত বা হইলে উপ-প্রবিধান-(১) এর অধীনে কোন সম্মানী ভাতা বা পুরস্কার মঞ্জুর করা যাইবে না।
- (৩) অন্যান্য ভাতা/ সম্মানের ভাতার ক্ষেত্রে কোম্পানী পরিচালনা বোর্ড কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হইবে। তবে, বর্তমানে প্রচলিত ভাতাদি বহাল থাকিতে পারে এবং প্রয়োজনে কোম্পানী পরিচালনা বোর্ড উহার পরিবর্তন ও সংযোজন করিতে পারিবে।

৩৩। কার্যভার ভাতা :

- (১) চলতি দায়িত্ব বা অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য প্রচলিত শর্তাদি পালন সাপেক্ষে, দায়িত্ব পালনকালে সময়সূচী সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মচারী বা কর্মচারী মূল বেতনের ৫% হারে সর্বোচ্চ ১০০০ টাকা কার্যভারভাতা ১ জুলাই, ২০০৬ তারিখ হইতে প্রাপ্য হইবেন। তবে, জুন, ২০০৬ ইং পর্বন্ত উপযুক্ত কর্তৃপক্ষের আদেশক্রমে কমপক্ষে ২১(একুশ) দিনের জন্য তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসাবে উচ্চতর/সমপর্ধ্যায়ের কোন পদের দায়িত্ব পালন করিলে, সমগ্র সময়ের জন্য তাহার মূল বেতনের শতকরা ১০% ভাগ হারে প্রতিমাসে সর্বোচ্চ ৭৫০/= (সাতশত পঞ্চাশ) টাকা দায়িত্ব ভাতা সর্বোচ্চ এক বৎসর মেয়াদের জন্য প্রদান করা যাইবে।



চন্দ্রমান পাতা- ১২

৩৪। উৎসব বোনাস :

- (১) সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে সময় সময় জারীকৃত আদেশ মোতাবেক কোম্পানীর কর্মকর্তা/কর্মচারীগণকে উৎসব বোনাস প্রদান করা যাইতে পারে।

ষষ্ঠ অধ্যায়

চাকুরীর বৃত্তান্ত

৩৫। চাকুরীর বৃত্তান্ত :

- (১) প্রত্যেক কর্মচারীর চাকুরীর বৃত্তান্ত পৃথকভাবে সংরক্ষণ করা হইবে এবং উক্ত বৃত্তান্ত কোম্পানী কর্তৃক নির্ধারিত চাকুরী বহিতে সংরক্ষিত থাকিবে।
- (২) কোন কর্মচারী এতদুদ্দেশ্যে কর্তৃত্ব প্রাপ্ত কর্মকর্তার উপস্থিতিতে প্রতি বৎসরে একবারে তাহার চাকুরী বহি দেখিতে পারিবেন এবং এইরূপ দেখিবার পর উহাতে লিপিবদ্ধ বিষয়াদি সঠিক ও সম্পূর্ণ বলিয়া উল্লেখ পূর্বক তারিখসহ স্বাক্ষর করিবেন।
- (৩) যদি কোন কর্মচারী তাহার চাকুরী বহি দেখিবার সময় উহাতে কোন বিষয় ত্রুটিপূর্ণভাবে লিপিবদ্ধ হইয়াছে বা বাদ পড়িয়াছে বলিয়া মনে করেন, তাহা হইলে, তিনি উহা সংশোধনের জন্য ১৫ (পনের) দিনের মধ্যে বিষয়টি লিখিতভাবে কর্তৃত্ব প্রাপ্ত কর্মকর্তার দৃষ্টিগোচর করিবেন এবং উক্ত কর্মকর্তা চাকুরী বহিতে প্রয়োজনীয় সংশোধন করিবেন।

৩৬। বার্ষিক প্রতিবেদন :

- (১) কোম্পানী উহার কর্মচারীগণ কর্তৃক সম্পাদিত কার্য এবং তাহাদের আচরন সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি প্রস্তুত করিবেন এবং উক্ত প্রতিবেদন "বার্ষিক গোপনীয় প্রতিবেদন" নামে অভিহিত হইবে এবং বিশেষ ক্ষেত্রে প্রয়োজনবোধে কোম্পানী উহার কোন নির্দিষ্ট কর্মচারীর "বিশেষ গোপনীয় প্রতিবেদন" প্রতিবেদনকারী কর্মকর্তার নিকট হইতে চাইতে পারিবে।
- (২) কোন কর্মচারী তাহার গোপনীয় প্রতিবেদন দেখিতে পারিবেন না। কিন্তু উহাতে কোন বিরূপ মন্তব্য থাকিলে, উহার কৈফিয়ত প্রদান কিংবা তাহার নিজেকে সংশোধনের সুযোগ দেওয়া হইবে।

সপ্তম অধ্যায়


সাধারণ আচরণ ও শৃংখলা

৩৭। আচরণ ও শৃংখলা :

- (১) প্রত্যেক কর্মচারী --
- (ক) এই প্রবিধানমালা মানিয়া চলিবেন।
- (খ) যে ব্যক্তি বা ব্যক্তিবর্গের এপত্তিয়ার তত্ত্বাবধান বা নিয়ন্ত্রণ আপাততঃ কর্মে নিয়োজিত রহিয়াছেন, তাহার বা তাহাদের দ্বারা সময় সময়ে প্রদত্ত সকল আদেশ নির্দেশ পালন করিবেন এবং মানিয়া চলিবেন, এবং
- (গ) সততা, নিষ্ঠা ও অধ্যবসায়ের সহিত কোম্পানীর চাকুরী করিবেন।

(২) কোন কর্মচারী -

- * (ক) কোন রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করিবেন না, উহার সাহায্যার্থে চাঁদাদান বা অন্য কোন উপায়ে উহার সহায়তা করিবেন না এবং কোম্পানীর স্বার্থের পরিপন্থী কোন কার্যকলাপে নিজেকে জড়িত করিবেন না।



৩ চন্দ্রমান পাত্ত-১৩

- (খ) তাহার অব্যবহিত উর্দ্ধতন কর্মকর্তার পূর্ব অনুমতি ব্যতিরেকে দায়িত্বে অনুপস্থিত থাকিবেন না কিংবা চাকুরীস্থল ত্যাগ করিবেন না।
- (গ) কোম্পানীর সহিত লেনদেন রহিয়াছে কিংবা লেনদেন থাকার সম্ভাবনা রহিয়াছে, এমন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে কোন দান বা উপহার গ্রহণ করিবেন না।
- (ঘ) কোন বীমা কোম্পানীর এজেন্ট হিচাবে কাজ করিবেন না।
- (ঙ) কোন ব্যবসায়ের কাজে নিয়োজিত হইবেন না, কিংবা নিজে বা অন্য কোন ব্যক্তির প্রতিনিধি হিচাবে অনুরূপ কোন ব্যবসা পরিচালনা করিবেন না।
- (চ) উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন ব্যতিরেকে, বাহিরের কোন অবৈতনিক বা বৈতনিক চাকুরী গ্রহণ করিবেন না, এবং
- (ছ) সরকার বা উপযুক্ত কর্তৃপক্ষের অনুরোধ ব্যতিত কোন বৈতনিক কার্যের দায়িত্ব গ্রহণ করিবেন না।
- (৩) কোন কর্মচারী কোম্পানীর নিকট বা উহার কোন উর্দ্ধতন কর্মকর্তার নিকট কোন ব্যক্তিগত নিবেদন সরাসরি পেশ করিতে পারিবেন না। কোন নিবেদন থাকিলে তাহা কর্মচারীর অব্যবহিত উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে পেশ করিতে হইবে।
- (৪) কোন কর্মচারী তাহার চাকুরী সম্পর্কিত কোন দাবির সমর্থনে বোর্ড বা কোন উর্দ্ধতন কর্মকর্তার বা কোন কর্মকর্তার উপর রাজনৈতিক বা অন্যবিধ প্রভাব বিস্তার করিবেন না অথবা বিস্তারের চেষ্টা করিবেন না।
- (৫) কোন কর্মচারী তাহার কোন বিষয়ে হস্তক্ষেপ করার জন্য সরাসরি কোন মন্ত্রী বা সংসদ সদস্য বা অন্য কোন বে-সরকারী বা সরকারী ব্যক্তির শরণাপন্ন হইবেন না।
- (৬) কোন কর্মচারী কোম্পানীর বিষয়াদি সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষের পূর্ব অনুমতি ব্যতিত সংবাদপত্র বা অন্য কোন গণমাধ্যমের সহিত কোন যোগাযোগ স্থাপন করিবেন না।
- (৭) প্রত্যেক কর্মচারী অভ্যাসগত ঋণগ্রহণ পরিহার করিবেন।
- (৮) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারীগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৩৮। দণ্ডের ভিত্তি :

কর্তৃপক্ষের মতে যদি কোন কর্মচারী ----

- (ক) তাহার দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী হন, অথবা-
- (খ) অসদাচরণের দায়ে দোষী হন, অথবা
- (গ) পলায়নের দায়ে দোষী হন, অথবা
- (ঘ) অদক্ষ হন, অথবা ক্ষমতা হারাইয়া ফেলেন, অথবা
- (ঙ) নিম্ন বর্ণিত কারণে দুর্নীতি পরায়ন হন বা যুক্তি সংগতভাবে দুর্নীতিপরায়ন বলিয়া বিবেচিত হন, যথা-
- (অ) তিনি বা তাহার কোন পোষ্য বা তাহার মাধ্যমে বা তাহার পক্ষে অন্য কোন ব্যক্তি তাহার প্রকাশ্য আয়ের উৎসের সহিত সংশ্লিষ্ট পূর্ণ অর্থ সম্পদ বা সম্পত্তি দখলে রাখেন, যাহা অর্জনের যৌক্তিকতা দেখাইতে তিনি ব্যর্থ হন, অথবা
- (আ) তাহার প্রকাশ্য আয়ের সংশ্লিষ্ট রক্ষা না করিয়া জীবন যাপন করেন, অথবা
- (ই) চুরি, আত্মসং, তহবিল তসরুপ বা প্রতারণার দায়ে দোষী হন অথবা
- (ঈ) কোম্পানী বা জাতীয় নিরাপত্তার হানিকর বা নাশকভাষনক কার্যে লিপ্ত হন বা অনুরূপ কার্যে লিপ্ত রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তি সংগত কারণ থাকে, অথবা এইরূপ অন্যান্য ব্যক্তিদের সহিত সংশ্লিষ্ট রহিয়াছেন বলিয়া সন্দেহ করার যুক্তি সংগত কারণ থাকে যে, অন্যান্য ব্যক্তিগণ কোম্পানীর বা জাতীয় নিরাপত্তা হানিকর বা নাশকভাষনক কার্যে লিপ্ত রহিয়াছেন এবং সেই কারণে চাকুরীতে রাখা সমীচীন নাহে বলিয়া বিবেচিত হয়, তাহা হইলে, কর্তৃপক্ষ উক্ত কর্মচারীর উপর এক বা একাধিকবার দণ্ড আরোপ করিতে পারেন।
- (জ) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারীগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

চলমান পাতা-১৪

৩৯। দত্ত সমূহ :

(১) এই প্রবিধানের অধীনে নিম্নরূপ দত্ত সমূহ আলোচ্যযোগ্য হইবে, যথা :-

(ক) নিম্নরূপ লঘু দত্ত, যথা :-

(অ) তিরস্কার,

(আ) নির্দিষ্ট মেয়াদের জন্য পদোন্নতি বা বেতন বৃদ্ধি স্থগিত রাখা,

(ই) ৭(সাত) দিনের বেতনের সম-পরিমাণ টাকা কর্তন।

* (খ) নিম্নরূপ গুরু দত্ত, যথা :-

(অ) নিম্ন পদে বা নিম্নতর বেতনক্রমে বা বেতনক্রমের নিম্নতরে অবতরণকরণ অথবা এক বা একাধিক বেতন বৃদ্ধি ব্যঞ্জেয়াগুণকরণ।

(আ) কর্মচারী কর্তৃক সংঘটিত কোম্পানীর আর্থিক ক্ষতির অংশ বিশেষ বা সম্পূর্ণ তাহার বেতন বা অন্য কোন ঋতের পাওনা হইতে আদায়করণ।

(ই) চাকুরী হইতে অপসারণ, অবসর প্রদান এবং

(ঐ) চাকুরী হইতে বরখাস্ত।

(২) কোন কর্মচারী চাকুরী হইতে অপসারিত হওয়ার ক্ষেত্রে নহে এবং চাকুরী হইতে বরখাস্ত হওয়ার ক্ষেত্রে, ভবিষ্যতে কোম্পানীর চাকুরীতে লিখিত হওয়ার অযোগ্য বলিয়া গণ্য হইবে।

(৩) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারীগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৪০। ধসাহক কার্যকলাপের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি :

(১) প্রবিধান-৩৮ (ছ) এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে--

(ক) সংশ্লিষ্ট কর্মচারীকে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশে উল্লিখিত তারিখ হইতে তাহার প্রাপ্য কোন প্রকার ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারেন।

(খ) লিখিত আদেশ দ্বারা তাহার ব্যাপারে সেই ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করে, সেই ব্যবস্থা এবং সেই ব্যবস্থা গ্রহণের ভিত্তিসমূহ সম্পর্কে তাহাকে অবহিত করিবেন এবং

(গ) উপ-প্রবিধান-(২) এর অধীনে গঠিত তদন্ত কমিটির নিকট উক্ত কর্মচারীর বিরুদ্ধে প্রস্তাবিত ব্যবস্থার বিপক্ষে কারন দর্শাইবার জন্য, তাহাকে যুক্তি সংগত সুযোগ প্রদান করিবেন।

তবে, শর্ত থাকে যে, সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হয় যে, কোম্পানী বা জাতীয় নিরাপত্তার স্বার্থে তাহাকে অনুরূপ সুযোগ প্রদান সমীচীন নহে, সেই ক্ষেত্রে তাহাকে অনুরূপ কোন সুযোগ প্রদান করা যাইবে না।

(২) এই প্রবিধানের অধীনে কোন কার্যধারার তদন্ত সম্পাদন করিবার জন্য কর্তৃপক্ষ অভিযুক্ত কর্মকর্তা/কর্মচারীর পদ-মর্যাদার নিম্নে নাহে, এমন তিনজন কর্মকর্তা/কর্মচারীর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করিবে।

(৩) উপ-প্রবিধান-(২) এর অধীনে গঠিত তদন্ত কমিটি অভিযোগের তদন্ত করিয়া কর্তৃপক্ষের নিকট তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে পেশ করিবে এবং কর্তৃপক্ষ উক্ত প্রতিবেদনের উপর যেইরূপ উপযুক্ত বলিয়া মনে করিবে, সেইরূপ আদেশ প্রদান করিবেন।

(৪) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারীগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৪১। লঘু দত্তের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি:

(১) এই প্রবিধানমালার অধীনে কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কার্যধারা সূচনা করার ক্ষেত্রে কর্তৃপক্ষ যদি এইরূপ অতিমত পোষণ করেন যে, তাহার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হইলে, তাহাকে তিরস্কার অপেক্ষা গুরুতর প্রদান করা হইবে, তাহা হইলে কর্তৃপক্ষ.....

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহ তাহাকে লিখিতভাবে জানাইবে এবং অভিযুক্ত ব্যক্তি কর্তৃক অভিযোগনামা প্রাপ্তির অনধিক সাতটি কার্য দিবসের মধ্যে তাহার আচরনের কৈফিয়ৎ দেওয়ার জন্য এবং তিনি ব্যক্তিগতভাবে চান্সীর ইচ্ছা পোষণ করেন কি-না, তাহা জানাইবার জন্য, তাহাকে নির্দেশ প্রদান করিবে, এবং

চলমান পাতা-১৫

(খ) নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত ব্যক্তি কর্তৃক পেশপূক্ত কৈফিয়ৎ যদি কিছু থাকে, বিবেচনা করিবে এবং তিনি যদি ব্যক্তিগতভাবে তদন্তকারীর ইচ্ছা পোষণ করিয়া থাকেন তবে তাহাকে ব্যক্তিগতভাবে তদন্তকারীর সূযোগ দেওয়ার পর অথবা নির্ধারিত সময়ের মধ্যে যদি তিনি কৈফিয়ৎ পেশ না করিয়া থাকেন, তবে এইরূপ সময়ের মধ্যে তাহাকে লম্বু দত্ত প্রদান করিতে পারেন।

তবে, শর্ত থাকে যে, কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অভিযুক্ত কর্মচারীর পদমর্যাদার উচ্চ পদে অধীন একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিতে পারিবেন এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তের প্রতিবেদন দাখিল করিবেন।

(২) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন পাইবার পর কর্তৃপক্ষ উৎসাহিত সাক্ষাৎ গ্রহণ করিবেন, অথবা প্রয়োজন মনে করিলে, পুনঃ/অধিকতর তদন্তের জন্য আদেশ দিতে পারেন, অথবা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারেন।

(৩) পুনঃ তদন্তের ফলাফল ও প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(৪) যে ক্ষেত্রে ৩৮(ক) বা (খ) বা (ঘ) এর অধীনে কোন কর্মচারীর বিরুদ্ধে কোন কার্যধারা সূচনা করিতে হয় এবং কর্তৃপক্ষ অভিযুক্ত পোষণ করেন যে, অভিযোগ প্রমাণিত হইলে, তিরস্কারের দত্ত প্রদান করা হইবে, সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ ব্যক্তিগতভাবে তাহার তদন্তকারী গ্রহণ করতঃ দস্তের কারণ নির্ণয় করার পর অভিযুক্ত ব্যক্তির প্রতি উক্ত দত্ত আরোপ করিতে পারেন তবে যদি অভিযুক্ত ব্যক্তি উপস্থিত না হন বা উপস্থিত হইলে জব্বার করেন, তাহা হইলে, তদন্তকারী ব্যক্তিরকেই তাহার উপর দত্ত আরোপ করা যাইবে। অথবা উপ-প্রবিধান-(১) (খ) এবং (৩) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করার পর অভিযোগ প্রমাণিত হইলে তিরস্কার অপেক্ষা গুরুতর দত্ত আরোপ করা যাইবে এবং যদি অভিযুক্ত ব্যক্তি দাবী করেন যে, তাহাকে লিখিতভাবে জানাইতে হইবে, তাহা হইলে, উপ-প্রবিধান-(১) হইতে (৩)-এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

(৫) শ্রম ও শিল্প আইনের আওতাবীন কর্মচারীগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইন-এর সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৪২। গুরু দস্তের ক্ষেত্রে তদন্তের পদ্ধতি :

(১) যেই ক্ষেত্রে কোন কর্মচারীর বিরুদ্ধে এই প্রবিধানমালায় অধীন কোন কার্যধারা সূচনা করিতে হইবে এবং কর্তৃপক্ষ এইরূপ অভিযুক্ত পোষণ করেন যে, অভিযোগ প্রমাণিত হইলে গুরুদত্ত আরোপ করার প্রয়োজন হইবে, সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ ...

(ক) অভিযোগনামা প্রণয়ন করিবে এবং প্রস্তাবিত দস্তের বিষয় উহাতে উল্লেখ করিবে এবং যে সকল অভিযোগের ভিত্তিতে অভিযোগনামাটি প্রণীত হইয়াছে, উহার বিবরণ এবং কর্তৃপক্ষ আদেশ প্রদানের সময় অন্য যে সকল ঘটনা বিবেচনা করার ইচ্ছা পোষণ করে, তাহাও কর্মচারীকে অবহিত করিবে।

(খ) অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগনামা অবহিত করার পর দশটি কার্য দিবসের মধ্যে তিনি তাহার আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি পেশ করিবেন এবং প্রস্তাবিত দত্ত কেন তাহার উপর আরোপ করা হইবে না, উৎসাহিত কারণ দর্শাইবার এবং তিনি ব্যক্তিগত তদন্তকারীর ইচ্ছা পোষণ করেন তাহাও উক্ত বিবৃতিতে উল্লেখ করিবেন।

তবে, শর্ত থাকে যে, উল্লেখিত মেয়াদ শেষ হইবার পূর্বে অভিযুক্ত ব্যক্তি যদি সময় বৃদ্ধির জন্য আবেদন করেন, তাহা হইলে কর্তৃপক্ষ তাহার লিখিত বিবৃতি পেশ করার জন্য দশটি কার্যদিবস পর্যন্ত সময় দিতে পারেন।

(২) যেই ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তি উপ-প্রবিধান-(১)তে উল্লেখিত সময়ের মধ্যে, তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশ করেন, সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ অভিযোগ সংক্রান্ত সকল বিষয়াদি প্রমাণসহ তাহার লিখিত বিবৃতি বিবেচনা করিবে এবং অনুরূপ বিবেচনার পর কর্তৃপক্ষ যদি অভিযুক্ত পোষণ করে যে, --

(ক) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ নাই, তাহা হইলে উক্ত অভিযোগ প্রত্যাহার করিবে এবং তদন্তকারী উক্ত কার্যধারা নিষ্পত্তি হইবে।

(খ) অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে সূচিত কার্যধারাটি অগ্রসর হইবার পর্যাপ্ত কারণ আছে, কিন্তু তাহার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হইলে দত্ত প্রদানের প্রয়োজন হইবে, তাহা হইলে অভিযুক্ত ব্যক্তিকে ব্যক্তিগতভাবে তদন্তকারীর সূযোগদান করিয়া তাহার আত্মপক্ষ সমর্থনের জন্য বিবৃতি পেশের আদি হইতে ত্রিশটি কার্য দিবসের মধ্যে যে কোন একটি লম্বু দত্ত প্রদান করিতে পারিবেন অথবা লম্বু দত্ত আরোপের উদ্দেশ্যে প্রবিধান-৪১ এর অধীনে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করিয়া উক্ত প্রবিধানে বর্ণিত কার্য প্রণালী অনুসরণ করিতে পারিবে।

(গ) উক্ত কার্য ধারায় অভিযুক্ত ব্যক্তির উপর গুরু দত্ত আরোপের জন্য পর্যাপ্ত কারণ আছে, তাহা হইলে, অভিযোগ তদন্তের জন্য অভিযুক্ত ব্যক্তির পদ মর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা অনুরূপ একাধিক কর্মকর্তা সমন্বয়ে একটি তদন্ত কমিটি নিয়োগ করিবে।

চলমান পাতা-১৬

- (৩) যেই ক্ষেত্রে অভিজুক্ত ব্যক্তি উপ-প্রবিধান-(১) এ উল্লেখিত বা বর্ধিত সময়ের মধ্যে তাহার অর্থাপক্ষ সমর্থনের জন্য লিখিত বিবৃতি পেশ না করেন, সেই ক্ষেত্রে কর্তৃপক্ষ নির্ধারিত সময়সীমা বা বর্ধিত সময় শেষ হওয়ার তারিখ হইতে দশটি কার্যদিবসের মধ্যে অভিযোগনামায় বর্ণিত অভিযোগ তদন্ত করার জন্য অভিজুক্ত ব্যক্তির পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন তদন্ত কর্মকর্তা বা অনুরূপ একাধিক কর্মকর্তা সমন্বয়ে একটি তদন্ত কমিটি নিয়োগ করিবেন।
- (৪) তদন্তকারী কর্মকর্তা বা ক্ষেত্র বিশেষে তদন্ত কমিটি তদন্তের আদেশ দানের ডারিখ হইতে দশটি কার্যদিবসের মধ্যে তদন্তের কাজ শুরু করিবেন এবং প্রবিধান-৪৩ এ বর্ণিত পদ্ধতি অনুসারে তদন্ত পরিচালনা করিবেন এবং তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটি কর্তৃপক্ষের নিকট তাহার বা উহার তদন্ত প্রতিবেদন পেশ করিবেন।
- * (৫) তদন্তকারী কর্মকর্তা বা তদন্ত কমিটির তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষ প্রতিবেদনটি বিবেচনা করিবে এবং উক্ত অভিযোগের উপর উহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন, অভিজুক্ত ব্যক্তিকে উক্ত প্রতিবেদনের কপি সহ সিদ্ধান্তটি জানাইবেন।
- (৬) কর্তৃপক্ষ যদি উপ-প্রবিধান-৫ মোতাবেক গুরুত্বপূর্ণ কারণের সিদ্ধান্ত গ্রহণ করে, তবে, প্রস্তাবিত দত্ত অভিজুক্ত ব্যক্তির প্রতি কোন আশ্রয় করা যাইবে না, তৎসম্পর্কে সাতটি কার্যদিবসের মধ্যে কারণ দর্শাইবার জন্য তাহাকে নির্দেশ দিবে।
- (৭) কর্তৃপক্ষ, উক্ত কার্যধারার উপর চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং অভিজুক্ত ব্যক্তিকে উহা অবহিত করিবে।
- (৮) এই প্রবিধানের অধীন তদন্ত কার্যধারায় পর্যাপ্ত সাক্ষ্য প্রমাণ লিপিবদ্ধ থাকিতে হইবে এবং তদন্ত কর্মকর্তা বা তদন্ত কমিটির প্রতিবেদন উক্ত সাক্ষ্য প্রমাণ ও মুক্তিসংগত কারণের ভিত্তিতে প্রস্তুতকৃত হইবে।
- (৯) এইরূপ সকল তদন্ত কার্যধারা গোপনীয় বলিয়া গণ্য হইবে।
- (১০) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারীগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৪৩।

তদন্ত কর্মকর্তা কর্তৃক অনুসরণীয় কার্য প্রণালী :

- (১) তদন্ত কর্মকর্তা দ্রুততার সহিত সংশ্লিষ্ট বিষয়ে তদন্তী অনুষ্ঠান করিবেন এবং কারণ লিপিবদ্ধ না করিয়া উক্ত তদন্তী রাখিবেন না।
- * (২) এই প্রবিধানের অধীনে পরিচালিত তদন্তের ক্ষেত্রে অভিজুক্ত ব্যক্তি যে সকল অভিযোগ স্বীকার করেন নাই, সেই সকল অভিযোগ সম্পর্কে মৌখিক সাক্ষ্য তদন্তী ও লিপিবদ্ধ করা হইবে এবং অভিযোগ সমূহের ব্যাপারে প্রাসঙ্গিক বা গুরুত্বপূর্ণ দর্শনাদি স্বাক্ষ্য বিবেচনা করা হইবে। অভিজুক্ত ব্যক্তি তাহার প্রতিপক্ষের স্বাক্ষীগণকে জেরা করার এবং তিনি নিজে স্বাক্ষ্য প্রদান করার এবং তাহার পক্ষ সমর্থন করার জন্য কোন স্বাক্ষীকে তলব করার অধিকারী হইবে না। অভিযোগ ও সংশ্লিষ্ট সকল বিষয় উপস্থাপনকারী ব্যক্তি ও অভিজুক্ত ব্যক্তি এবং তাহাদের তলবকৃত স্বাক্ষীগণকে জেরা করার অধিকারী হইবেন। অভিজুক্ত ব্যক্তি প্রাসঙ্গিক নথিপত্রের জন্য অনুরোধ করিতে পারিবেন, তবে তাহাকে তাহার বক্তব্যের অংশ ব্যতীত নথির তৌক্ক অংশ কোন প্রকারেই দেখাতে দেওয়া হইবে না। অভিজুক্ত ব্যক্তিকে যেই লিখিত বিবৃতি প্রদানের নির্দেশ দেওয়া হইবে, তিনি তাহা লিখিয়া স্বাক্ষর করিবেন এবং যদি অভিজুক্ত ব্যক্তি তাহা স্বাক্ষর করিতে অস্বীকার করেন, তাহা হইলে তদন্তকারী কর্মকর্তা এই বিষয়টি লিপিবদ্ধ করিয়া রাখিবেন।

- (৩) তদন্তকারী কর্মকর্তা কারণ লিপিবদ্ধ করিয়া, কোন নির্দিষ্ট স্বাক্ষীকে তলব করিতে বা কোন নির্দিষ্ট স্বাক্ষ্য তলব করিতে বা উহা গ্রহণ করিতে অস্বীকার করিতে পারেন।

* (৪) কর্তৃপক্ষ অভিযোগ ও উহার সমর্থনে অন্যান্য সকল বিষয়ে তদন্তকারী কর্মকর্তার নিকট উপস্থাপনের জন্য যে কোন ব্যক্তিকে মনোনীত করিতে পারেন।

- (৫) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিজুক্ত ব্যক্তি তদন্তের অগ্রগতিতে বাধা প্রদান করিতেছেন বা বাধা প্রদানের চেষ্টা করিতেছেন, তাহা হইলে তিনি অভিজুক্ত ব্যক্তিকে ঐ ব্যাপারে সতর্ক করিয়া দিবেন, এবং ইহার পরেও যদি দেখিতে পান যে, অভিজুক্ত ব্যক্তি ইহা অমান্য করিয়া কাজ করিতেছেন, তাহা হইলে তিনি সেই মর্মে তাহার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং ন্যায় বিচারের জন্য তিনি যেই পদ্ধতি সর্বোত্তম বলিয়া মনে করেন, সেই পদ্ধতিতে তদন্ত সমাপ্ত করিবেন।

- (৬) তদন্তকারী কর্মকর্তা যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, অভিজুক্ত ব্যক্তির আচরণ উক্ত কর্মকর্তার কর্তৃত্বের প্রতি অবমাননাকর, তাহা হইলে, তিনি তৎসম্পর্কিত প্রাসঙ্গিক ঘটনার নথি ও পরিষ্কৃতি লিপিবদ্ধ করিবেন এবং বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করিবেন। অতঃপর কর্তৃপক্ষ উপযুক্ত বিবেচনা করিলে, প্রবিধান-৩৮(ব) মোতাবেক অভিজুক্ত ব্যক্তির বিরুদ্ধে পৃথকভাবে কার্যধারা সূচনা করিতে পারেন।

চলমান পাতা-১৭

- ✓(৭) তদন্তকারী কর্মকর্তা তদন্ত সমাপ্তির পর দশটি কার্য দিবসের মধ্যে তাহার তদন্তের ফলাফল প্রতিবেদন আকারে তদন্তের আদেশ দানকারী কর্তৃপক্ষের নিকট পেশ করিবেন।
- (৮) অভিযুক্ত ব্যক্তি দোষী বা নির্দোষ কিনা তাহা উল্লেখপূর্বক তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদন প্রতিটি অভিযোগের উপর স্বীয় সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন, তবে তিনি শাস্তি বা অন্য কিছু সম্পর্কে কোন সুপারিশ করিবেন না।
- (৯) কর্তৃপক্ষ কোন বিষয়ে উপযুক্ত বলিয়া মনে করিলে, এই প্রবিধানমানার অধীনে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করার পরিবর্তে একাধিক ব্যক্তির সমন্বয়ে একটি তদন্ত কমিটি নিয়োগ করিতে পারেন এবং যেই ক্ষেত্রে অনুকূপ কোন তদন্ত কমিটি নিয়োগ করা হয়, সেই ক্ষেত্রে এই প্রবিধান তদন্তকারী কর্মকর্তার ক্ষেত্রে উল্লেখিত বিষয় তদন্ত কমিটির ক্ষেত্রে উল্লেখিত বিষয় বলিয়া বিবেচিত হইবে।
- (১০) উপ-প্রবিধান (৯) এর অধীনে নিযুক্ত কমিটির কোন সদস্যের অনুপস্থিতির কারণে উহার কোন কার্যক্রম বা সিদ্ধান্ত বাতিল প্রতিলিপ্য হইবে না কিংবা তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।
- (১১) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারীগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৪৪। সাময়িক বরখাস্ত :

- (১) প্রবিধান-৩৮ ও ৩৯ এর অধীনে কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগের দায়ে গুরুত্বপূর্ণ প্রদানের সম্ভাবনা থাকিলে, কর্তৃপক্ষ প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে তাহাকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারেন।

তবে শর্ত থাকে যে, কর্তৃপক্ষ অধিকতর সমীচীন মনে করিলে, এইরূপ কর্মকর্তা/ কর্মচারীকে সাময়িকভাবে বরখাস্ত করার পরিবর্তে লিখিত আদেশ দ্বারা উক্ত আদেশের উল্লেখিত তারিখ হইতে তাহার ছুটি প্রাপ্যতা সাপেক্ষে, তাহাকে ছুটিতে যাইবার জন্য নির্দেশ দিতে পারেন।

- (২) যেই ক্ষেত্রে কোন কর্মকর্তা/কর্মচারীর প্রতি আরোপিত চাকুরী হইতে বরখাস্ত বা অপসারণের আদেশ কোন আদালতের সিদ্ধান্তের দ্বারা বা উহার ফলে বাতিল বা অকার্যকর বলিয়া ঘোষিত হয় এবং কর্তৃপক্ষ বিষয়টির পরিস্থিতির বিবেচনার পর মূলতঃ যেই অভিযোগের ভিত্তিতে তাহাকে বরখাস্ত বা অপসারণের দস্ত দেওয়া হইয়াছিল, সেই ব্যাপারে তাহার বিরুদ্ধে অধিকতর তদন্ত কার্য চালাইবার সিদ্ধান্ত গ্রহণ করে, সেই ক্ষেত্রে উক্ত বরখাস্ত বা অপসারণের দস্ত আরোপের আদেশের তারিখ হইতে উক্ত কর্মকর্তা/ কর্মচারীর সাময়িকভাবে বরখাস্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে এবং পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত তিনি সাময়িকভাবে বরখাস্ত থাকিবেন।

- (৩) কোন কর্মকর্তা/কর্মচারী সাময়িকভাবে বরখাস্ত থাকিবার সময়ে নিয়মানুযায়ী খোরাকী ভাতা পাইবেন।

- ✗(৪) ঋণ বা ঋণজন্য মামলায় কারাগারে সোপর্দ কোন কর্মকর্তা/কর্মচারীকে গ্রেফতারের অধিষ্ঠ হইতে কারাগারে থাকা পর্যন্ত সময়ের জন্য সাময়িক বরখাস্ত করা যাইবে।

- (৫) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারীগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৪৫। পূনর্বহাল :

- (১) যদি প্রবিধান-৪০ (ক) মোতাবেক ছুটিতে প্রেরিত কোন কর্মকর্তা/কর্মচারীকে চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত, বা পদাবনত করা না হইয়া থাকে, তবে তাহাকে চাকুরীতে পূনর্বহাল করা হইবে, অথবা ক্ষেত্র বিশেষে, তাহাকে তাহার পদমর্যাদায় আসীন বা সমপদমর্যাদা প্রদান করা হইবে এবং ঐ ছুটিকালীন সময়ে তিনি পূর্ণ বেতনে কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য করা হইবে।

- (২) সাময়িকভাবে বরখাস্ত কোন কর্মকর্তা/কর্মচারীকে পূনর্বহালের বিষয়ে সরকারী কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বাংলাদেশ চাকুরী বিধিমালা প্রয়োজনীয় অভিযোজনসহ, প্রযোজ্য হইবে।

- (৩) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারী/শ্রমিকদের জন্য শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

চলমান পাতা-১৮

৪৬। ফৌজদারী মামলা, ইত্যাদিতে আবশ্যিক কর্মচারী :

ঋণ বা ফৌজদারী অপরাধের দায়ে কোন কর্মকর্তা/কর্মচারী কারাগারে সোপর্দ হওয়ার কারণে কর্তব্য হইতে অনুপস্থিত থাকিলে, তাহার বিরুদ্ধে মামলা পরিসমাপ্তি না হওয়া পর্যন্ত এইরূপ অনুপস্থিত কালের জন্য তিনি কোন বেতন, ছুটিকালীন বেতন বা উক্ত সোপর্দ থাকাকালীন জন্মান্য ভাতাদি (বোরাকী ভাতা ব্যতীত) পাইবেন না। মাফলায় পরিসমাপ্তি অনুসারে তাহার বেতন ও ভাতাদি উক্ত ঋণ বা অপরাধ সংক্রান্ত মামলা নিষ্পত্তির পর, সমন্বয় সাধন করা হইবে। তিনি অভিযোগ হইতে খালস পাইলে, অথবা ঋণের দায়ে কারাবরণের ক্ষেত্রে, উক্ত দায় তাহার নিয়ন্ত্রণ বহির্ভূত পরিস্থিতির কারণে উদ্ভব হইয়াছে বলিয়া প্রমাণিত হইলে, তাহার প্রাপ্য বেতন-ভাতাদির টাকা সম্পূর্ণরূপে প্রদান করা হইবে। এইরূপ ভাতাকে সম্পূর্ণ টাকা প্রদান করা হইলে, উক্ত অনুপস্থিতকালে তিনি কর্তব্যরত ছিলেন বলিয়া গণ্য হইবে, এবং উক্ত রূপে প্রাপ্য বেতন-ভাতাদি বাকদ সম্পূর্ণ টাকা অগণ্য কম টাকা প্রদান করা হইলে, উক্ত সময় কর্তব্যরত বা ছুটি বলিয়া গণ্য হইবে, কিন্তু আদেশ দানকারী কর্তৃপক্ষ সেই মর্মে নির্দেশ প্রদান না করিলে, এইরূপ গণ্য করা হইবে না।

৪৭। আদেশের বিরুদ্ধে আপীল :

(১) কোন কর্মকর্তা/কর্মচারী নির্ধারিত কর্তৃপক্ষের নিকট অথবা যে ক্ষেত্রে অনুরূপ কোন কর্তৃপক্ষ নির্ধারিত নাই, সে ক্ষেত্রে যে আদেশদানকারী কর্তৃপক্ষের আদেশের বিরুদ্ধে আপীলের প্রস্তাব করা হইবে, সেই কর্তৃপক্ষ যে কর্তৃপক্ষের অব্যবহিত অধস্তন তাহার নিকট, অথবা যে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের অধস্তন কোন কর্তৃপক্ষ আদেশদান করিয়াছেন, সেই ক্ষেত্রে নিয়োগদানকারী কর্তৃপক্ষের নিকট, আপীল করিতে পারিবেন।

(২) আপীল কর্তৃপক্ষ নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করিবেন, যথা :-

(ক) এই প্রবিধানমালায় নির্ধারিত পদ্ধতি পালন করা হইয়াছে কি-না ; না হইয়া থাকিলে, উহার কারণে ন্যায় বিচারের হানি হইয়াছে কি-না;

(খ) অভিযোগ সমূহের উপর প্রদত্ত সিদ্ধান্ত ন্যায় সংগত কি-না;

(গ) আরোপিত দত্ত মাতারিত্ত, পর্যাপ্ত বা অপর্থাপ্ত কি-না ; এবং যেই আদেশ দান করা উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে, সেই আদেশ প্রদান করিবেন।

(৩) কর্তৃপক্ষের আদেশের বিরুদ্ধে কোন আপীল দায়ের করা চলিবে না, তবে প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট বিষয়টি পূর্ণবিবেচনার জন্য আবেদন করা যাইবে।

(৪) আপীল বা পূর্ণবিবেচনার দরখাস্তে উহার কারণ সংক্ষিপ্ত আকারে লিপিবদ্ধ করিয়া দরখাস্তের সহিত প্রাসংগিক কাগজাদি দাখিল করিতে হইবে।

(৫) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারী/শ্রমিকদের জন্য শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান প্রযোজ্য হইবে।

৪৮। আপীল ও পূর্ণবিবেচনার দরখাস্ত দাখিলের সময়সীমা :

(১) যেই আদেশের বিরুদ্ধে আপীল বা পূর্ণবিবেচনার দরখাস্ত দাখিল করা হইবে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ভৎসম্পর্কে অব্যবহিত হওয়ার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহার বিরুদ্ধে আপীল বা ক্ষেত্র মত পূর্ণবিবেচনার দরখাস্ত দাখিল না করিলে, উক্ত আপীল বা পূর্ণবিবেচনার দরখাস্ত গ্রহণযোগ্য হইবে না।

তবে, শর্ত থাকে যে, বিলম্বের কারণ সম্পর্কে সন্তুষ্ট হইয়া যথায় মনে করিলে আপীল কর্তৃপক্ষ বা পূর্ণবিবেচনার ক্ষেত্রে কোম্পানী কর্তৃপক্ষ উক্ত ৩০ (ত্রিশ) দিন অতিরিক্ত হওয়া সত্ত্বেও পরবর্তী ত্রিশ দিনের মধ্যে কোন আপীল বা পূর্ণবিবেচনার দরখাস্ত বিবেচনার জন্য গ্রহণ করিতে পারেন।

(২) কোন কর্মকর্তা/কর্মচারী Public Servants (Dismissal on conviction) Ordinance, 1985 (V of 1985) -এ বর্ণিত কোন অপরাধ ব্যতিত অন্য কোন অপরাধের দায়ে কোন আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হইয়া সাজা প্রাপ্ত হইলে, উক্ত কর্মকর্তা/কর্মচারীকে এই বিধিমালার অধীনে শাস্তি প্রদান করা হইবে কিনা কর্তৃপক্ষ তাহা স্থির করিবে।

(৩) এই বিধির অধীনে কোন কর্মকর্তা/কর্মচারীকে শাস্তি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিলে কর্তৃপক্ষ বিষয়টির পরিস্থিতিতে যেইরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করে সেইরূপ দত্ত প্রদান করিতে পারে এবং এইরূপ দত্ত প্রদানের জন্য কোন কার্যধারা সূচনা করা প্রয়োজন হইবে না এবং প্রস্তাবিত দত্তের বিরুদ্ধে কারণ দর্শাইবার জন্যও ঐ কর্মকর্তা/কর্মচারীকে কোন সুযোগ দেওয়ার প্রয়োজন হইবে না।

চলমান পাতা-১৯

অষ্টম অধ্যায়

অবসর গ্রহণ ও অন্যান্য সুবিধা :

৪৯। ভবিষ্য তহবিল :

- (১) কোম্পানী উহার কর্মকর্তা/কর্মচারীগণের জন্য প্যাস ট্রাসমিশন কোম্পানী লিমিটেড(জিটিসিএল) কর্মকর্তা/কর্মচারী অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল নামে একটি তহবিল গঠন করিবে। যাযাতে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী এবং কোম্পানী/সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত হারে টাকা প্রদান করিবেন। এই নিয়ম শুধুমাত্র গ্র্যাচুইটি পদ্ধতির ক্ষেত্রে প্রযোজ্য হইবে। পেনশন পদ্ধতির ক্ষেত্রে পেনশন ক্লাস অনুসরণীয় হইবে।
- (২) উপ-প্রবিধান-(১) এর বিধান সত্ত্বেও এই প্রবিধানমালা প্রবর্তনের অব্যবহিত পূর্বে বিদ্যমান অংশ প্রদায়ক ভবিষ্য তহবিল,অতঃপর উক্ত তহবিল বশিয়া উল্লেখিত এই প্রবিধানের অধীনে গঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উক্ত তহবিলে উক্তরূপে প্রবর্তনের পূর্বে টাকা প্রদান ও উহা হইতে অগ্রীম প্রদানসহ গৃহীত যাবতীয় কার্যক্রম এই প্রবিধানমালার অধীনে গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৫০। আনুতোমিক :

- (১) নিম্নোক্ত যে কোন কর্মকর্তা/কর্মচারী আনুতোমিক পাইবেন, যথা-
 - (ক) যিনি কোম্পানীতে কমপক্ষে তিন বৎসর অব্যাহতভাবে চাকুরী করিয়াছেন, এবং শান্তি স্বরূপ চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত হন নাই বা যাহার চাকুরীর অবসান ঘটান হয় নাই।
 - (খ) তিনি যেই পদে নিযুক্ত হইয়াছেন, সেই পদ বিলুপ্ত হইয়াছে অথবা হ্রাস, পদত্যাগ বা চাকুরী ত্যাগ করিয়াছেন।
 - (গ) তিন বৎসর পূর্ণ হওয়ার পূর্বে নিম্নরূপ কারণে যে কর্মকর্তা/কর্মচারীর চাকুরীর অবসান হইয়াছে, যথা -
 - (ঘ) তিনি যে পদে নিযুক্ত রহিয়াছেন, সেই পদ বিলুপ্ত হইয়াছে অথবা পদ সংখ্যা হ্রাসের কারণে তিনি চাকুরী হইতে ছাঁটাই হইয়াছেন।
 - (জ) সম্পূর্ণ বা আংশিক অসাধারণ্যের কারণে তাহাকে চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত করা হইয়াছে। অথবা
 - (ই) চাকুরীতে থাকাকালে তিনি মৃত্যুবরণ করিয়াছেন।
- (২) কোন কর্মকর্তা/কর্মচারীকে তাহার চাকুরীর প্রত্যেক পূর্ণ বৎসর বা আংশিক বৎসরের ক্ষেত্রে একশত বিশটি কার্য দিবসে বা তদুর্ধ্ব কোন সময়ের চাকুরীর জন্য দুই মাসের মূল বেতনের হারে আনুতোমিক প্রদান করা হইবে।
- (৩) সর্বশেষ গৃহীত বেতন আনুতোমিক গণনার মূল ভিত্তি হইবে।
- (৪) কোন কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুর কারণে আনুতোমিক প্রাপ্য হইলে যাহাতে তাহার মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণ উহা পাইবার অধিকারী হন, তজ্জন্য প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফরমে এক বা একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিবেন এবং ফরমটি উক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত কর্তৃপক্ষের নিকট জমা দিবেন।
- (৫) কোন কর্মকর্তা/কর্মচারী উপ-প্রবিধান(৪) অনুযায়ী একাধিক ব্যক্তিকে মনোনয়ন দান করিলে, মনোনয়ন পত্রে তাহাদিগকে প্রদেয় অংশ এইরূপ উল্লেখ করিবেন, যেন আনুতোমিকের সম্পূর্ণ টাকা উহাতে অন্তর্ভুক্ত হয়, এবং যদি এইরূপে উল্লেখ করা না হয় তবে টাকার পরিমাণ সমান অংশে ভাগ হইবে।
- (৬) কোন কর্মকর্তা/কর্মচারী যে কোন সময়ে লিখিত নোটিশ দ্বারা উক্ত মনোনয়ন পত্র বাতিল করিতে পারেন এবং এইরূপ বাতিল করিলে, তিনি উক্ত নোটিশের সহিত উপ-প্রবিধান (৪) ও (৫) এর বিধান অনুসারে একটি নূতন মনোনয়ন পত্র জমা দিবেন।
- (৭) কোন কর্মকর্তা/কর্মচারী মনোনয়ন পত্র জমা না দিয়া মৃত্যুবরণ করিলে, তাহার আনুতোমিকের টাকা উত্তরাধিকার প্রমাণ পত্রের ভিত্তিতে তাহার বৈধ ওয়ারিশ বা ওয়ারিশগণকে প্রদান করা হইবে।
- (৮) কোন কর্মকর্তা/কর্মচারীদের আনুতোমিক প্রদানের ক্ষেত্রে কোম্পানী কর্তৃপক্ষ ক্ষেত্র বিশেষে উহা শিথিল করিতে পারেন।

৫১। সাধারণ ভবিষ্য তহবিল, অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি :

- (১) কোম্পানী পেট্রোলিং/সরকারের পূর্ব অনুমোদনক্রমে, লিখিত আদেশ দ্বারা, সাধারণ ভবিষ্য তহবিল, অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি পরিকল্পনা চালু করিতে পারিবে এবং প্রয়োজনবোধে এইরূপ আদেশ ভূতাপেক্ষ কার্যকারিতাসহ জারী করা যাইবে এবং এইরূপ পরিকল্পনা সংক্রান্ত যাবতীয় বিধানে সরকারী কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে প্রযোজ্য বিধিমালা ও সরকার কর্তৃক তৎসম্পর্কে সময় সময় জারীকৃত আদেশ বা নির্দেশ, প্রয়োজনীয় অভিযোজন সহ প্রযোজ্য হইবে।

চলমান পাতা-২০

- (২) উপ-প্রবিধান (১)-এ উল্লেখিত পরিকল্পনা চালু করা হইলে, প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী কোম্পানী কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত তারিখের মধ্যে, উক্ত পরিকল্পনার আওতাধীন হইবার বা না হইবার ইচ্ছা জ্ঞাপন করিয়া উপযুক্ত কর্তৃপক্ষকে অবহিত করিবেন।
- (২) উক্ত পরিকল্পনের আওতাধীন হইবার জন্য উপ-প্রবিধান-(২) এর অধীন ইচ্ছা প্রকাশকারী কোন কর্মকর্তা/কর্মচারী উক্তরূপ ইচ্ছা প্রকাশের সময় অংশ প্রদায়ক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদানকারী কর্মচারী হইয়া থাকিলে,
- (ক) উক্ত তহবিলে তাহার প্রদত্ত চাঁদা ও উহার উপরে অর্জিত সুদ সাধারণ ভবিষ্য তহবিলে স্থানান্তরিত হইবে,
- (খ) কোম্পানী কর্তৃক প্রদত্ত চাঁদা ও উহার উপরে অর্জিত সুদ কোম্পানী ফেরৎ পাইবে এবং কোম্পানী উক্ত চাঁদা ও সুদ উহার সিদ্ধান্ত প্রকাবেক, অবসর ভাতা, পরিকল্পনা বা অন্য কোন খাতে ব্যবহার করিতে পারিবে।
- (গ) কোম্পানীর সিদ্ধান্ত সাপেক্ষে, তাহার পূর্বতন চাকুরীকাল অবসর ভাতা ও অবসরজনিত সুবিধাদি প্রাপ্তির উদ্দেশ্যে গণনাযোগ্য চাকুরীকাল হিসাবে গণনা করা হইবে।

নবম অধ্যায়

অবসর গ্রহণ, চাকুরী অবসান ইত্যাদি

৫২। অবসর গ্রহণ ইত্যাদি বিষয়ে Act XII of ১৯৭৪ এর প্রয়োগ :

অবসর গ্রহণ এবং উহার পর পুনঃ নিয়োগের ব্যাপারে Public Servants Retirement Act ১৯৭৪ (XII of ১৯৭৪) এর বিধানাবলী প্রযোজ্য হইবে। তবে, এই ক্ষেত্রে কোম্পানীর অনুমোদিত পেনশন বিধি (যদি থাকে) অনুসরণীয় হইবে।

৫৩। চাকুরীর অবসান (টার্মিনেশন) :

- (১) নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে ১২০ (একশত বিশ) দিনের লিখিত পূর্ব নোটিশ প্রদান করিয়া অথবা উক্ত নোটিশের পূর্ববর্তে ১২০ (একশত বিশ) দিনের বেতন নগদ প্রদান করিয়া কোন কর্মচারীকে চাকুরীর অবসান ঘটাইতে পারিবে এবং এইরূপ চাকুরী অবসানের কারণে কর্মচারী কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না এবং প্রবেশকারীর ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে ৩০(ত্রিশ) দিনের পূর্ব নোটিশ বা উক্ত নোটিশের পরিবর্তে ৩০(ত্রিশ) দিনের মূল বেতন নগদ প্রদান করিয়া চাকুরীর অবসান ঘটাইতে পারিবে এবং এইরূপ চাকুরীর অবসানের কারণে প্রবেশকারী কোন প্রকার ক্ষতিপূরণ পাইবেন না।
- (২) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারী/শ্রমিকগণের চাকুরী শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী টার্মিনেশন করা যাইবে।
- (৩) এই প্রবিধানমালায় ভিন্নরূপ যাহা কিছু থাকুক না কেন, উপযুক্ত কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া কোন কর্মচারীকে ১২০(একশত বিশ) দিনের নোটিশ প্রদান করিয়া অথবা ১২০(একশত বিশ) দিনের বেতন নগদ পরিশোধ করিয়া তাহাকে চাকুরী হইতে অপসারণ বা অবসর প্রদান করিতে পারিবেন। অবসর গ্রহণ কর্মচারী পেনশন সুবিধাদি পাইবেন। গ্র্যাচুইটি অংশন দানকারী তাহার সুবিধাদি যথারীতি পাইবেন।
- (৪) কোন কর্মচারীর চাকুরীকালীন সময়ে মৃত্যু ঘটিলে তাহার মর্যেণীত বাজি/ পরিবারবর্গকে ৩ (তিন) মাসের গ্রস সেলাগীর সমপরিমাণ অর্থ যত তাড়াতাড়ি সম্ভব পরিশোধ করিতে হইবে। ইচ্ছাছাড়াও দাফন-কাফনের সহায়তা দাবদ সর্বোচ্চ মের্ট ১০,০০০/= (দশ হাজার) টাকা প্রদান করা হইবে।

৫৪। ইস্তফাদান ইত্যাদি :

- (১) কোন কর্মকর্তা/কর্মচারী নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাহার অভিজ্ঞায় উল্লেখ পূর্বক ১২০ (একশত বিশ) দিনের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে বা চাকুরী হইতে বিরত থাকিবে পারিবেন না, এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে, তিনি কোম্পানীকে তাহার ১২০ (একশত বিশ) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।
- (২) কোন প্রবেশকারী তাহার অভিজ্ঞায় উল্লেখ পূর্বক একমাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করিয়া তাহার চাকুরী ত্যাগ করিতে পারিবেন না, এবং এইরূপ নোটিশ প্রদানে ব্যর্থতার ক্ষেত্রে, তিনি কোম্পানীকে তাহার এক মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রদান করিতে বাধ্য থাকিবেন।
- তবে, কোম্পানী বোর্ড বিশেষ ক্ষেত্রে বিশেষ বিবেচনায় উপরোক্ত বিধি ও শর্ত শিথিল করিতে পারিবে।
- (৩) যে কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে শৃংখলাজনিত ব্যবস্থা গ্রহণ শুরু হইয়াছে, তিনি কোম্পানীর চাকুরীতে ইস্তফাদান করিতে পারিবেন না।

চলমান পাতা-২১


- (৪) শ্রম ও শিল্প আইনের আওতাধীন কর্মচারী/শ্রমিকগণের ক্ষেত্রে শ্রম ও শিল্প আইনের সংশ্লিষ্ট বিধি-বিধানসমূহ প্রযোজ্য হইবে। তবে, শর্ত থাকে যে, কোম্পানী কোন বিশেষ ক্ষেত্রে যেইরূপ উপযুক্ত বলিয়া বিবেচনা করিবে, সেইরূপ শর্তে কোন কর্মচারীকে ইস্তফাদানের অনুমতি দিতে পারেন।

দশম অধ্যায়

বিবিধ

৫৫। অসুবিধা দূরীকরণ :

- (১) যেই ক্ষেত্রে এই প্রবিধানমালা অনুসরণে অসুবিধা দেখা দেয়, সেই ক্ষেত্রে কোম্পানী বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী উক্ত বিষয়ে প্রয়োজ্য বা অনুসরণীয় পদ্ধতি নির্ধারণ করিতে পারিবেন।
- (২) এই প্রবিধানমালায় কোন বিষয়ে সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে উল্লেখ না থাকিলে অংশা উহা প্রয়োগে অসুবিধা দেখা দিলে সেই ক্ষেত্রে সরকারী নিয়ম/বিধি অথবা শ্রম ও শিল্প আইন প্রয়োগ করা যাইতে পারে, এবং উক্ত প্রবিধানমালার সাথে সংশ্লিষ্ট কোন বিষয়ে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত আদেশ/নির্দেশ/সংশোধনী কোম্পানী বোর্ড-এর অনুমোদনক্রমে এই প্রবিধানমালায় অন্তর্ভুক্ত বলিয়া গণ্য করা যাইবে।
- (৩) যতদূর সম্ভব কোম্পানী সমূহে যে সকল সুযোগ সুবিধা বিদ্যমান রহিয়াছে, উহা বহাল রাখা যাইতে পারে। তবে, শর্ত থাকে যে, এই প্রবিধানমালা কার্যকরী হইবার পর প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন বা সময়ানের সিদ্ধান্ত কোম্পানী বোর্ড গ্রহণ করিতে পারিবে।



২৩/১০/১৫

চেয়ারম্যান

বোর্ড অব ডাইরেক্টরস

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)





তফসিল অংশ (সংশোধিত-২০১৫)

তফসিল

[ক্রমিক-২(৯) ট্রইবা]

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল	সরকারি নিয়োগের জন্য ব্যবসায়ীতা	নিয়োগ পদ্ধতি	সরকারি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	পদসমূহের জন্য যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১।	ব্যবস্থাপনা পরিচালক-(টেকনিক্যাল)	৮ ৭৫,০০০.০০ (৪টির শর্তসূচী) *পেশা/বাংলা/সরকার কর্তৃক নির্ধারিত হারে বেতন-ভাতা ও অসামান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হইবে।	অনুষ্ঠ ৫৫ বৎসর। তবে, গ্যাম সেক্টরে অভিজ্ঞ হাইস্কুলের সেক্রেটারি নিখিলযোগ্য।	সরকারি মনোনীত	(ক) বৃত্ত সংস্থা/প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা ক্ষেত্রে কমপক্ষে ২০ (বিশ) বৎসরের অভিজ্ঞতাসমূহ যে কোন পারিচালক পেশায় ন্যূনতম ০১ (এক) টি প্রথম বিভাগ/প্রাথমিক সনাক্তের সিবিপিএসই কোন যুক্ত বিবিধ/প্রাথমিক ইনস্টিটিউট সিবিপিএসই ইনস্টিটিউট অথবা অন্য যে কোন বিজ্ঞান স্নাতকোত্তর ডিগ্রী। বিদেশে উচ্চতর ডিগ্রীসহ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে এবং গ্যাম সেক্টরে কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বহিঃ বিবেচিত হইবে। (খ) বিজ্ঞানীয় প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত শিক্ষাগত যোগ্যতা ও ১৭ (সেতের) বৎসরের বাহ্যে অভিজ্ঞতা থাকিতে হইবে।	প্রযোজ্য নয়।
২।	প্রোগ্রাম (সম্পর্ক) কাজাবঃ কোম্পানি সচিব -সহকারী সচিব (প্রশাসন/এইচ অফ/ডেপার্টমেন্ট সার্ভিসেস) ও সমন্বয়ের পদ।	৮ ২৯,০০০-৩৫,৯০০/=	অনুষ্ঠ ৪৮ বৎসর	(ক) টেকনিক নং-৩ এ বর্ণিত পদসমূহ হইতে পদসমূহের মাধ্যমে। (খ) বিজ্ঞানীয় উপযুক্ত প্রার্থী পাওয়া যা গেলে সরকারি নিয়োগের মাধ্যমে।	প্রশাসনিক/ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদ কমপক্ষে ১৬ (ষোল) বৎসরের অভিজ্ঞতাসমূহ স্নাতকোত্তর অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মত) ডিগ্রী।	প্রথম শ্রেণীর কর্মকর্তা পদ কমপক্ষে ১৪ (চৌদ্দ) বৎসরের চাকরিকাল এবং পূর্বতন পদে চাকরীর সময়কাল কমপক্ষে ৩ (তিন) বৎসরের ন্যূনতম স্নাতক ডিগ্রী।
৩।	উপ-সহকারী/সহকারী/ডেপার্টমেন্ট এডমিনিস্ট্রেশন/এইচ এফ এন্ড ওয়েলফেয়ার/স্টোর/সিকিউরিটি এন্ড ট্রেনিং/পার্শ্বগোলাক সিকিউরিটি এন্ড গার্ডস/কমান্ড সার্ভিসেস/প্রোগ্রামেট কন্ট্রোল/প্রকিউরমেন্ট) ও সমন্বয়ের পদ।	৮ ২৫, ৭৫০-৩৩, ৭৫০/=	অনুষ্ঠ ৪৬ বৎসর	(ক) টেকনিক নং-৪ এ বর্ণিত পদসমূহ হইতে পদসমূহের মাধ্যমে। (খ) বিজ্ঞানীয় উপযুক্ত প্রার্থী পাওয়া যা গেলে সরকারি নিয়োগের মাধ্যমে।	(ক) উপ-সহকারী/সহকারী/ডেপার্টমেন্ট এডমিনিস্ট্রেশন/সহকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদ কমপক্ষে ১৪(চৌদ্দ) বৎসরের অভিজ্ঞতাসমূহ স্নাতকোত্তর অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মত) ডিগ্রী। (খ) উপ-সহকারী/সহকারী/প্রশাসনিক/ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদ কমপক্ষে ১৪(চৌদ্দ) বৎসরের অভিজ্ঞতাসমূহে আইন বিষয়ে স্নাতকোত্তর অথবা ৪ (চার) বৎসর মেয়াদী স্নাতক (সম্মত) ডিগ্রী।	প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১২(দ্বায়ে) বৎসরের চাকরিকাল এবং পূর্বতন পদে চাকরীর সময়কাল কমপক্ষে ৩ (তিন) বৎসরের ন্যূনতম স্নাতক ডিগ্রী।

১৪/১১/১৯

১৪/১১/১৯

১৪/১১/১৯

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল	সরাসরি নিয়োগের জান্য বয়সসীমা	নিয়োগ শর্ত	সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	পদোন্নতির জন্য যোগ্যতা
	(১)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৪।	ব্যবস্থাপক (সমাধা/বোর্ড/পাবলিক রিলেঞ্চ/শেয়ার/এজিউকেশন/পোস্টিং এন্ড প্রমোশন-কনকর্ড/এমপ্লয়ী রিলেঞ্চ/ পোস্টিং এন্ড প্রমোশন-কনকর্ড/ ওয়েলফেয়ার/সেন্ট্রাল স্টোর/স্টোবক- অংশগু/ম্যানপাওয়ার-রিজিস্ট্রেশন/ ম্যানপাওয়ার-আইটেম সোর্সিং/ট্রেনিং এন্ড ইন্সট্রুমেন্টাল এজিমেন্ট এন্ড নিউমেরিক্যাল সিস্টেম মনিটরিং/ বিজিওমাল সিংকিউরিটি/সেন্ট্রাল এস্টেট/ এনালিসিস এন্ড হাউজিং/ডেপুটি এন্ড প্রটেকশন/ ট্রান্সপোর্ট অফিসার/ডকুমেন্ট এন্ড সিওএল/ অফিসার/সিপিও এন্ড হাউজিং/ জেনারেল সার্ভিসেস- জাওগু/ জেনারেল সার্ভিসেস- চট্টগ্রাম/জেনারেল সার্ভিসেস- সিদ্ধান্তগু/জেনারেল সার্ভিসেস- রাজশাহী/ জেনারেল সার্ভিসেস- খুলনা) -ব্যবস্থাপক(এল এন্ড কন্ট্রোল) ও সমমানের পদ।	অধিক ৪৪ বছর	(ক) ক্রমিক নং-৫ এ বর্ণিত পদসমূহ পদোন্নতির মাধ্যমে। (খ) বিভাগীয় উপস্থিত প্রার্থী পাওয়া যা গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) ব্যবস্থাপক (সি এন্ড কন্ট্রোল) প্রশাসনিক/ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকারী/স্বাধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ১২(বার) বছরের বঙ্গবরেব অভিজ্ঞতা/সংযুক্ত আইন বিষয়ে স্নাতক/স্নাতক অধঃ ৪ (তার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী।	প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ৭ (সাত) বছরের চাকরিরাজি এবং পূর্বতন পদে চাকরির সমসংক্রান্ত কমপক্ষে ৩ (তিন) বছরের স্নাতক স্নাতক ডিগ্রী।	

[Handwritten signature]

[Handwritten signature]

[Handwritten signature]

ক্র.সং. নং	পদের নাম	বেতন স্কেল	সরাসরি নিয়োগের জন্য বয়সসীমা	নিয়োগ পরিস্থিতি	সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	পদোন্নতির জন্য যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৫।	উপ-ব্যবস্থাপক(বোর্ড/পাবলিক স্টেশন)/ সেরার/এডমিনিস্ট্রেশন/পার্সিং এন্ড প্রমোশন- কর্কর্তা/এমপ্লয়ী রিলেশন/পেসিফিক এন্ড প্রমোশন-কর্মচারী/একেক্সেক্টিভ/সৌর-কেড অফিস/সৌর-বিরাজগঞ্জ/সৌর-চট্টগ্রাম/সৌর- অংশগঞ্জ/ম্যানপাওয়ার-ফিল্ড/মেক্ট/ম্যানপাওয়ার- আউট লোর্সিং/স্ট্রিং এন্ড ইন্ডেন্ট/স্যালারী এডমিন/লিড এন্ড নিট/ম্যানারমেন্ট/সেইট/এন সিকিউরিটি/রিজিওনাল সিকিউরিটি/সেইট/এন এস্টেট/একোমোডেশন এন্ড হাউজিং/সিকিউরিটি/সেইট/এন ডেসপাচ এন্ড গ্রাউন্ড/সিকিউরিটি/সেইট/এন কম্পিউটার/ডেপুটি এন্ড পিওএল/একিউইটমেন্ট/ সিকিউরিটি এন্ড হাউজিং/জেনারেল সার্ভিসেস- কন্স্ট্রাক্টর, মুচাই/জেনারেল সার্ভিসেস-কন্স্ট্রাক্টর, এলসস/৩ উপ-ব্যবস্থাপক(নং ৫৩ পদস্ট্রী) ও সমমানের পদ।	১৮,৫০০-২২,৭০০/=	অধিকতম ৩৯ বছর	(ক) তাসিক ২-৬ এ বর্ণিত পদসমূহ হইতে ৩৭% পদোন্নতির মাধ্যমে। (খ) ৩০% সরাসরি নিয়োগের মাধ্যমে। (গ) তবে, পরোক্ষ বা নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উল্লিখিত হারের ব্যতিক্রম করা যাইবে।	(ক) উপ-ব্যবস্থাপক(নং ৫৩ পদস্ট্রী) বাণীত অন্যান্য পদ: সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকারী/আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ৭(সাত) বছরের অভিজ্ঞতাসমন্বিত কমপক্ষে দ্বিতীয় শ্রেণী/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর অথবা ৪ (চার) বছরের সেরাদ্বিতীয় স্নাতক (সম্মান) ডিগ্রী। তবে, কোন পরীক্ষায় ওয় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ প্রমাণযোগ্য হবে। (খ) উপ-ব্যবস্থাপক(নং ৫৩ পদস্ট্রী): সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ৭(সাত) বছরের অভিজ্ঞতাসমন্বিত অধিন বিষয়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণী/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর অথবা ৪ (চার) বছরের সেরাদ্বিতীয় স্নাতক (সম্মান) ডিগ্রী। তবে, কোন পরীক্ষায় ওয় বিভাগ/শ্রেণী/সমমানের সিজিপিএ প্রমাণযোগ্য হবে।	প্রথম শ্রেণীর কর্মকর্তা পদে কমপক্ষে ৪(চার) বছরের চাকরীকালসহ দু'নতম স্নাতক ডিগ্রী।

১৫৯

Signature


ক্র.সং.	পদের নাম	বেতন স্কেল	সরাসরি নিয়োগের জন্ম তারিখ/সীমা	নিয়োগ পদ্ধতি	সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	পদের/পদের জন্য যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১৯	ইমার-স্থল/উজ্জ্বিক	সিভিল এন্স জন্ম বেতন সর্বসম্মুদ্যে ৳ ১৩,৫০০.০০	অনুর ৩০ বছর	সরাসরি চুক্তি/স্বাধীন মাধ্যমে।	বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ইংরেজি কামিল অথবা কোন কওমী মাদ্রাসা ইংরেজি পাঠ্যক্রমে হাদীন অথবা কোন বিশ্ববিদ্যালয় ইংরেজি মাষ্টার্স ডিগ্রী। সকল পরীক্ষার ব্যবস্থাকে দ্বিতীয় বিভাগ বা শ্রেণী বা সম্মানের শির্ষক/শির্ষক হইবে।	প্রযোজ্য নয়।
২০		সিভিল এন্স বি.এ/বি.এস জন্ম বেতন সর্বসম্মুদ্যে ৳ ১২,৩০০.০০			কামিল অথবা সমমানের পরীক্ষায় ১ম শ্রেণী/প্রথম বা সমমানের শির্ষক/শির্ষক এবং সংস্কৃত ও ফার্সী ভাষায় অগ্রগতি/অগ্রগতি। হাজিরা বা অগ্রগতি/অগ্রগতি। হাজিরা বা অগ্রগতি ৫ (পাঁচ) বছরের শিক্ষাকালের অতিক্রমতা অথবা কোন মর্পস/সে ইমাম হিসেবে অনুষ্ঠান ৫ (পাঁচ) বছরের অতিক্রমতা। আরবী ভাষায় স্বাধীন/স্বাধীন এবং ইসলামী শরীয়া তথ্য মাসআলা-মাসআলা পাঠিতা, বিতর্ক বোরখান জেনাওয়াহে সফরাত গাফিকত হইবে।	

সংসদ পত্র: ৭

১৯/১২/১৯

১৯/১২/১৯

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল	সরাসরি নিয়োগের জন্য বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	পদোন্নতির জন্য যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	অফিস সহকারী -ভূমি অধিদপ্তর সহকারী -বিসিপিপনিকি ও সহকারী পদ :	৮৫,৯০০-১৩,১২৫/=	অনুরূপ ৩০ বছর	(ক) অফিস সহকারী ও ভূমি অধিদপ্তর সহকারী ক্রমিক নং-১২ এ বর্ণিত পদসমূহ ইহতে পদোন্নতির মাধ্যমে। বিভাগীয় উপরূক্ত প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। (খ) বিসিপিপনিকি: সরাসরি নিয়োগের মাধ্যমে।	স্নাতক সনদ প্রাপ্ত।	ক্রমিক নং-১২ এ বর্ণিত পদে চাকরীসম্বন্ধে ৩ (তিন) বছর;
১০।	মুদ্রাক্ষিপত্র (হুক্তিভিত্তিক)	ঢাকা শহরের জন্য সরাসরী বেতন ৮ ১০,২৯০.০০। ঢাকার বাইরে সরাসরী বেতন ৮ ৯,৪০৫.০০	অনুরূপ ৩০ বছর	সরাসরি হুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে।	বংগোদেশ হস্তীনা শিক-বোর্ড ইহতে চাকরি অথবা কোন কওমী মাদ্রাসা ইহতে সময়সীমার পরীক্ষায় উত্তীর্ণ। হতেজ বা ক্লাসী প্রার্থী অগ্রাধিকারযোগ্য। কোন মসজিদে অথবা ৫ বছর প্রথম খাদিম বা খাদিম হিসাবে কাজ করার অভিজ্ঞতা। বিত্তিক কোর্সে অথবা তেলোগাতে ৯-৯মতম ও মাধ্যমিক। মাধ্যমিক পাঠিত্য থাকিত হইবে।	ওযোজ্য নয়।
১১।	মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট (হুক্তি-ভিত্তিক) (ক্রমিক-১২)	ঢাকা শহরের জন্য সরাসরী বেতন ৮ ১০,২৯০.০০ এবং ঢাকার বাইরে সরাসরী বেতন ৮ ৯,৪০৫.০০	অনুরূপ ৩০ বছর	সরাসরি হুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে।	নার্সিং ও ধাত্রীবিদ্যা বিষয়ে ডিপ্লোমা সনদ প্রাপ্ত অথবা মেডিকেল এ্যাসিস্টেন্ট বিষয়ে ডিপ্লোমা সনদ প্রাপ্ত।	ওযোজ্য নয়।
১২।	সিনিয়র নাইটরী ক্লাক -সিনিয়র কোম্প্রটিকার -সিনিয়র রেকর্ড কিপার ও সহকারী পদ :	৮ ৫,৫০০-১২,০৯৫/=	অনুরূপ ৩০ বছর	(ক) ক্রমিক নং-১৩ এ বর্ণিত পদসমূহ ইহতে পদোন্নতির মাধ্যমে। (খ) বিভাগীয় উপরূক্ত প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) সিনিয়র নাইটরী ক্লাক: এম্প্লয়ার বিক্রম বিষয়ে ডিপ্লোমামায়েত সংশ্লিষ্ট পেশা ১ (এক) বছরের অভিজ্ঞতা সহ স্নাতক সনদ প্রাপ্ত। (খ) সিনিয়র কোম্প্রটিকার ও সিনিয়র রেকর্ড কিপার পদের ক্ষেত্রে স্নাতক সনদ প্রাপ্ত।	পূর্বতন পদে চাকরীর সময়কাল তথ্যগত ৩ (তিন) বছর।






ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল	সরকারি নিয়োগ তারিখ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	সরকারি নিয়োগের ক্ষেত্রে বোধ্যতা	পদোন্নতির জন্য বোধ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১৩।	লাইব্রেরী ক্লার্ক -রেকর্ড কিপার -কোম্পিউটার -ডেসপ্যাচ ক্লার্ক ও সমমানের পদ।	৬৫,২০০-১১,২০৫/=	অনুলিপি ৩০ বছর	(ক) জনসি. নং-১৪ এ বর্ণিত পদসমূহ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) বিজ্ঞাপন উপস্থিত প্রার্থী পাওয়া না গেলে সরকারি নিয়োগের মাধ্যমে।	(ক) লাইব্রেরী ক্লার্ক: প্রাপ্তবয়স্ক বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমাসহ স্নাতক সনদ প্রাপ্ত। (খ) লাইব্রেরী ক্লার্ক: ধাতুত জ্ঞানসহ পদের ক্ষেত্রে স্নাতক সনদ প্রাপ্ত। (গ) দ্বিতীয় স্টেপে এইচ.এস.সি. সনদ প্রাপ্ত।	পূর্বতন পদের হাতুড়ির সময়কাল কমপক্ষে ৩ (তিন) বছর।
১৪।	সিনিয়র স্টোর হেল্পার -জুনিয়র ডেসপ্যাচ ক্লার্ক -জুনিয়র ডেসপ্যাচ ক্লার্ক -সিনিয়র ডেসপ্যাচ রাইডার ও সমমানের পদ।	৬৪,৭০০-৯,৭৪৫/=	১৮ হইতে অন্তর্গত ৩০ বছর	(ক) ক্রমিক নং-১৫ এ বর্ণিত পদসমূহ হইতে পদোন্নতির মাধ্যমে। (খ) বিজ্ঞাপন উপস্থিত প্রার্থী পাওয়া না গেলে সরকারি নিয়োগের মাধ্যমে।	(ক) স্টোর হেল্পার, ডেসপ্যাচ রাইডার, ইন্সপেক্টর ও অফিস সহায়ক পদের জন্য, যুগান্ত এম.এস.সি. সনদ প্রাপ্ত। (খ) রাবোর্ট হেল্পার পদের জন্য ১(এক) পদেরের অভিজ্ঞতাসহ যুগান্ত এম.এস.সি. সনদ প্রাপ্ত। (গ) রাবোর্ট পদের জন্য, যুগান্ত এম.এস.সি. সনদ প্রাপ্ত। সাংশ্লিষ্ট বিষয়ের ২(দুই) বছরের ব্যস্ততা স্বীকৃত।	পূর্বতন পদের হাতুড়ির সময়কাল কমপক্ষে ৩ (তিন) বছর।
১৫।	স্টোর হেল্পার -ডেসপ্যাচ রাইডার -রাবোর্ট -রাবোর্ট হেল্পার -ইন্সপেক্টর -অফিস সহায়ক ও সমমানের পদ।	৬৪,৪০০-৮,৫৮০/=	১৮ হইতে অন্তর্গত ৩০ বছর	সরকারি নিয়োগের মাধ্যমে	(ক) স্টোর হেল্পার, ডেসপ্যাচ রাইডার, ইন্সপেক্টর ও অফিস সহায়ক পদের জন্য, যুগান্ত এম.এস.সি. সনদ প্রাপ্ত। (খ) রাবোর্ট হেল্পার পদের জন্য ১(এক) পদেরের অভিজ্ঞতাসহ যুগান্ত এম.এস.সি. সনদ প্রাপ্ত। (গ) রাবোর্ট পদের জন্য, যুগান্ত এম.এস.সি. সনদ প্রাপ্ত। সাংশ্লিষ্ট বিষয়ের ২(দুই) বছরের ব্যস্ততা স্বীকৃত।	প্রযোজ্য নহে।

৪৪নং নথি ৯

১৩
১৪
১৫

১৩
১৪
১৫

১৩
১৪
১৫

(ঘ) চাকরি পেনশনযোগ্য হওয়ার আগে স্বাশ্রয়িত কারণে অক্ষম হয়ে পড়া অথবা চাকরি পেনশনযোগ্য হওয়ার আগে মৃত্যুবরণকারী কর্মচারীকে/পরিবারকে এককালীন বিশেষ আর্থিক সহায়তা প্রদান।

একজন সরকারি কর্মচারীর চাকরির মেয়াদ ৫ বছর পূর্ণ হওয়ার পূর্বে যদি তিনি স্বাশ্রয়িত কারণে অক্ষম হয়ে পড়েন, অথবা তাঁর মৃত্যু হয়, সে ক্ষেত্রে বর্তমানে প্রচলিত ১৫,০০০/- টাকা এককালীন আর্থিক সুবিধা প্রদানের স্থলে অর্থ মন্ত্রণালয়ের ২০ ডিসেম্বর ১৯৭৭ তারিখের এম এফ (আই ডি)-১-২/৭৭/৮০৬ সংখ্যক অফিস স্মারকের ক্রমধারায় চাকরির মেয়াদের প্রতি বছর হিসেবে তদেব অংশ বিশেষের জন্য তাঁর শেখ আহম্মিত ০(তিন)টি মূল বেতনের সমপরিমাণ হইবে তিনি অথবা তাঁর পরিবার এককালীন বিশেষ আর্থিক সহায়তা প্রাপ্য হইবে।

(ঙ) পেনশনহরের বিধবা স্ত্রীর অসীম পেনশন প্রাপ্যতার শর্ত শিথিলকরণ।

বর্তমানে প্রচলিত বিধান মতে মৃত কর্মচারীর বিধবা স্ত্রী অসীম পারিবারিক পেনশন পেতে পারেন। বিধবা স্ত্রীর পুনঃবিবাহ না করার অঙ্গীকার-নামা বা প্রত্যয়ন পত্র মাথিলের শর্ত ৫০ বছরের উর্ধ্ব বয়সী বিধবার ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

(চ) মৃত মহিলা বেসামরিক কর্মচারীর স্ত্রীর পারিবারিক পেনশন প্রাপ্যতা।

পরিবারিক পেনশনের ক্ষেত্রে একজন মৃত মহিলা বেসামরিক কর্মচারীর স্ত্রী পুনঃবিবাহ বন্ধনে আবদ্ধ না হইলে, বিধবা স্ত্রীর পারিবারিক পেনশন প্রাপ্যতার অনুরূপ হইবে ও শর্তসিদ্ধে মৃত মহিলা বেসামরিক সরকারি কর্মচারীর বিপরীক স্ত্রীর পারিবারিক পেনশন প্রাপ্য হইবে। তবে প্রচলিত সকল বিধি বিধান অনুসরণপূর্বক নিম্নলিখিত স্ত্রী সর্বাধিক ১৫(পনের) বছর পর্যন্ত পারিবারিক পেনশন প্রাপ্য হইবে। এম

অক্ষয় কুমার

(খ) **ছুটি নগদায়ন :**

অবসরকালে অর্জিত ছুটি শে-এর সহপক্ষে ১২(বার) মাসের ছুটি নগদায়নে বিত্তীয় পরিষদে করে ১৮(আইসি) মাসের ছুটি নগদায়ন অর্থাৎ ১৮(আইসি)মাসের মূলধনের মূল্যবোধের অর্থ প্রাপ্ত হবেন। অবসর-উত্তর ছুটি (PRL)এক্স ছুটি নগদায়নের ক্ষেত্রে ০২ (দুই) দিনের মধ্যে যেভাবে ছুটিতে ০১ (এক) দিনের পর বেহলে ছুটিতে রূপান্তর (Conversion) করা যাবে অবসরকালীন মূলধনের বিভিন্ন উক্ত নগদায়ন সুবিধা অবসর-উত্তর ছুটির চলতে প্রাপ্ত অবসর-উত্তর ছুটি ০২(৭) মাসের ০২ এ অর্ধিক সুবিধা প্রাপ্ত হবেন।

- ০৩। লগিত বিধায়েত সালে মর্টগেজ বিধান, আমেশ, স্যাক, গ্রহণের ইত্যাদি উপস্থিত মর্মে পরিবর্তিত/ সংশোধিত হওয়ার সালে গণ্য হবে।
- ০৪। জনস্বার্থে সার্বিকৃত এ আমেশ ০১-৭-২০১৫ খ্রি: তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে। উক্ত তারিখে দি.আই.এস.সেংকর কর্মসম্পন্নকর উক্ত পুং-নির্ধারিত সুবিধাসমূহ (প্রাবোদ্ধ ক্ষেত্রে) প্রাপ্ত হবেন।

স্বাধীন বাংলাদেশে
কার্যকর।
(ড. মোহাম্মদ আলী খান, অতিরিক্তি)
অতিরিক্তি সচিব

নং- ০৭.০০.০০০০.১৭১.১০.০০৬.১৭-৩১/১(২০০)

তারিখ: ১৫-১০-২০১৫ খ্রিস্টাব্দ
২৯-১০-১৪২২ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ (স্মারকসংক্রান্ত প্রকৃতিসমূহের নথি):


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিন্যূৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১১.০১.১০৬.১৪. ২৭-১৫

তারিখ: ০৬ নৌব, ১৪২২
২০ ডিসেম্বর, ২০১৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ প্রেরণ করা হল।

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি), চট্টগ্রাম।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোলিয়াম), ঢাকা।
- ৩। মহা-পরিচালক, আইসিআইএফ ইউনিট, ঢাকা।
- ৪। মহা-পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই), ঢাকা।
- ৫। সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি), ঢাকা।
- ৬। মহা-পরিচালক, বাংলাদেশ কৃত্তান্তিক জরিপ অধিদপ্তর (সিএসডি), ঢাকা।
- ৭। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএসডি), ঢাকা।
- ৮। প্রধান বিজ্ঞানক পকিসর্গত, বিজ্ঞানক পরিদপ্তর, ঢাকা।
- ৯। অফিস কপি।


(মোঃ শফিকুল ইসলাম)
উপ-সচিব
ফোন ৯৭১৪১৬৫



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ শাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৩-২২


তারিখ: ১৯ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

অবসর-উত্তর ছুটি (পিআরএল) কাল পেনশনযোগ্য চাকরি কিনা, অবসর-উত্তর ছুটি কালে আর্থিক সুযোগ-সুবিধার প্রাপ্যতা এবং অবসরের তারিখ, এলাপিআর শুরু তারিখ, চূড়ান্ত অবসর শুরুর তারিখ ইত্যাদি বিষয়সমূহ নিম্নরূপভাবে স্পষ্টীকরণ করা হলো:

- (১) অবসর প্রত্যুত্তিমূলক ছুটিকে (এলপিআর) অবসর-উত্তর ছুটিতে (পিআরএল) রূপান্তর করায় অবসর-উত্তর ছুটি (পিআরএল) কাল পেনশনযোগ্য চাকরি হিসেবে গণনাযোগ্য হবে না। তবে, অবসর-প্রত্যুত্তিমূলক ছুটি (এলপিআর) কাশীন প্রাপ্ত অন্যান্য সকল সুযোগ সুবিধা অবসর-উত্তর (পিআরএল) ছুটি কাশীনও বহাল থাকবে।
- (২) জনাব 'ক' এর জন্ম তারিখ ০১-০১-১৯৬২ খ্রিঃ। একটি উদাহরণের মাধ্যমে তার অবসরগ্রহণ, পিআরএল ও চূড়ান্ত অবসর গ্রহণের তারিখ নিম্নোক্তভাবে দেখানো হলো:
 - (ক) জনাব 'ক' এর ৫৯ বছর বয়স পূর্তি হবে ৩১-১২-২০২০ খ্রিঃ তারিখে এবং ৩১-১২-২০২০ খ্রিঃ তারিখ অপরাহ্নে তিনি অবসর গ্রহণ করবেন।
 - (খ) ছুটি পাওনা সাপেক্ষে সঞ্জয়ীকৃত অবসর-উত্তর ছুটি (পিআরএল) আরম্ভ হবে তার অবসর গ্রহণের পরের দিন অর্থাৎ ০১-০১-২০২১ খ্রিঃ তারিখে। তিনি ১২ মাস অবসর-উত্তর ছুটি (পিআরএল) ভোগ করলে তার ছুটি শেষ হবে ৩১-১২-২০২১ খ্রিঃ তারিখে এবং তার চূড়ান্ত অবসর গ্রহণের তারিখ হবে ০১-০১-২০২২ খ্রিঃ।
 - (গ) অবসর-উত্তর ছুটি (পিআরএল) ভোগ না করলে তার চূড়ান্ত অবসর গ্রহণের তারিখ হবে ৩১-১২-২০২০ খ্রিঃ।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(খালেদা নাজরিন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৪০১৮১

নং-০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৩-২২

তারিখ: ১৯ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (ঘোষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/সুখা সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা।
তার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৩। গভর্নর বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব.....সকল মন্ত্রণালয়/বিভাগ।
তার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। সচিব, জন বিভাগ/আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য



ফ ৭০১১৫১১

যেহেতু কর্মকর্তা ও কর্মচারীদের অতিবহুরের জন্য বরাদ্দকৃত আনুতোমিকের অর্থ কোম্পানীর নিজস্ব তহবিলে না রাখিয়া পৃথক আনুতোমিক তহবিলে রাখিবার পক্ষে কোম্পানী কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

যেহেতু নিম্নলিখিত বিধিবিধান পালন করিয়া গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড-এর কর্মকর্তা ও কর্মচারী আনুতোমিক তহবিল গঠন ও পরিচালনার জন্য এই ট্রাস্ট দলিল স্বাক্ষরিত হইবে।

বিধিবিধানসমূহ :

- ১। ক্ষেত্রমত তিন্মার্ক কিছু না বুঝাইলে নিম্নলিখিত শব্দমালী নিম্নরূপে সংজ্ঞায়িত হইবে :
 - ক) 'ট্রাস্টি' বা 'জিযাদার' বলিতে দ্বিতীয় পক্ষের ১-৫ নং কর্মকর্তাগণের গাভোককে ও তাঁহার স্থলাভিষিক্তকে বুঝাইবে;
 - খ) 'নিধিবিধান' বা 'প্রবিধানমালা' বলিতে অত্র দলিলে সন্নিবেশিত বিধিবিধান ও উহার সংশোধনী বুঝাইবে;
 - গ) 'তহবিল' বা 'আনুতোমিক তহবিল' বলিতে গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড কর্মকর্তা ও কর্মচারী আনুতোমিক তহবিল বুঝাইবে, যাহাতে কোম্পানী কর্তৃক কর্মকর্তা ও কর্মচারীদের আনুতোমিক বাবদ ইতঃপূর্বে সংগৃহীত অর্থ এবং পরবর্তীকালে সংগৃহীতব্য অর্থ জমা হইবে;
 - ঘ) 'কর্মকর্তা' বলিতে কোম্পানীর সকল স্থায়ী কর্মকর্তাকে বুঝাইবে;
 - ঙ) 'কর্মচারী' বলিতে কোম্পানীর সকল স্থায়ী কর্মচারীকে বুঝাইবে;
 - চ) 'মাস' বলিতে সৌহার্দ্যমতে প্রণীত পঞ্জিকা মাস বুঝাইবে;
 - ছ) 'বছর' বা 'বৎসর' বলিতে সনাক্ষরী অর্থবৎসর বুঝাইবে;
 - জ) 'বোর্ড' বলিতে ট্রাস্টি বোর্ড বুঝাইবে;
 - ঝ) 'চেয়ারম্যান' বলিতে ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান বুঝাইবে।

২। আনুতোমিক তহবিল কোম্পানী কর্তৃক মনোনীত ৫ (পাঁচ) সদস্যের ট্রাস্টি বোর্ড দ্বারা পরিচালিত হইবে। তন্মধ্যে ১ (এক) জন সদস্য কর্মকর্তা কলাপ এনোমিগেশন হইতে এবং বাকী ১ (এক) জন সদস্য কর্মচারী ইনস্টিটিউশন হইতে মনোনীত হইবে। কোম্পানী ব্যবস্থাপনা তহবিল পরিচালনার স্বার্থে যে কোন সময় যে কোন ট্রাস্টির মনোনয়ন পরিবর্তন করিতে পারিবে।


(Handwritten signatures and initials)



১০ — ০৬৪২৫৪০

- ৩। নিম্নলিখিতভাবে ট্রাস্টি বা জিম্বাদারের পদ শূন্য হইবে :
- ৩.১। যে কোন ট্রাস্টি চেয়ারম্যানের সহায়রে লিখিতভাবে ইচ্ছা প্রদান করিতে পারিবেন এবং চেয়ারম্যান ইচ্ছাপূর্ণ গৃহণ করিয়া পদ শূন্য ঘোষণাপূর্বক মনোনয়নকারী কর্তৃপক্ষকে নতুন জিম্বাদার মনোনয়ন করিবার জন্য অনুরোধ করিবেন। চেয়ারম্যানের ইচ্ছাপূর্ণ কোম্পানীর প্রধান নির্বাহীর নিকট প্রেরণ করিতে হইবে এবং প্রধান নির্বাহী চেয়ারম্যানের শূন্য পদে মনোনয়ন প্রদান করিবেন এবং চেয়ারম্যানের মনোনয়ন না হওয়া পর্যন্ত ট্রাস্টি বোর্ডের সর্বশ্রেষ্ঠ কর্মকর্তা ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন।
- ৩.২। কোন ট্রাস্টি বা জিম্বাদার কোম্পানীর চাকুরী হইতে ইচ্ছা প্রদান করিলে বা তাহার মৃত্যু হইলে অথবা অন্য কোন কারণে তিনি তাহার এবিধ দায়িত্ব পালনে অসমর্থ হইলে ট্রাস্টি বা জিম্বাদারের পদ শূন্য হইবে এবং সেই ক্ষেত্রে কোম্পানী কর্তৃপক্ষ নতুন ট্রাস্টি বা জিম্বাদার মনোনয়ন করিবে।
- ৪। কোম্পানীর প্রধান নির্বাহী কর্তৃক ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মনোনীত হইবেন। চেয়ারম্যান বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন। তাহার অনুপস্থিতিতে সভার কার্য পরিচালনার জন্য চেয়ারম্যান বোর্ডের সর্বশ্রেষ্ঠ কর্মকর্তাকে চেয়ারম্যানের দায়িত্ব অর্পণ করিতে পারিবেন এবং এই ক্ষেত্রে উক্ত জিম্বাদার দুইটি ভোটের অধিকারী হইবেন- জিম্বাদার হিসাবে একটি এবং চেয়ারম্যান হিসাবে আরেকটি।
- ৫। ট্রাস্টি বোর্ডের সদস্য-সচিবের দায়িত্বে তহবিল সংক্রান্ত সকল নথিপত্র সংরক্ষিত হইবে। ট্রাস্টি বোর্ডের সহিত বা গণকে সকল ঘোষণাও তাহার মাধ্যমে পরিচালিত হইবে। তিনি চেয়ারম্যানের সম্মতিক্রমে বোর্ডের সভা আহ্বান করিবেন, সভার সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং উহা বাস্তবায়নের সমুদয় ব্যবস্থা গ্রহণ করিবেন। বোর্ড সদস্য-সচিবকে তহবিল সংক্রান্ত যে কোন ক্ষমতা বা দায়িত্ব প্রদান করিতে পারিবে।
- ৬। জিম্বাদারগণ আনুভৌমিক তহবিলের সংরক্ষণ ও উৎকর্ষসাধনে নিয়োজিত থাকিবেন। শীঘ্র স্বার্থে বা অসদুদ্দেশ্যে না করা হইয়া থাকিলে কোন জিম্বাদার তহবিল সংক্রান্ত কাজের জন্য কোন ক্ষতিপূরণ বা কোন দানী পরিশোধের জন্য ব্যক্তিগতভাবে দায়ী হইবেন না।
- ৭। জিম্বাদারগণ তাহাদের কাজের জন্য কোন পারিশ্রমিক পাইবেন না এবং তাহাদের কার্যক্রম স্বেচ্ছাসেবাদিত কল্যাণমূলক কাজ হিসাবে গণ্য হইবে।
- ৮। ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্ত অধিকাংশ সদস্যের সম্মতনে গৃহীত হইবে এবং সংশ্লিষ্ট সকলে তাহা মানিতে বাধ্য থাকিবেন।
- ৯। জিম্বাদারগণ তহবিলের প্রয়োজন অনুসারে যে কোন সময় সভা অনুষ্ঠান করিতে পারিবেন। তবে, প্রতি বছরে অন্ততঃ ২ (দুই) বাহ সভা অনুষ্ঠান করিতে হইবে।

ছেরে হোক মো হেক, হ'টি সক্রিয় যাবে



ট
১০ --- ০০৪২৫৩৮

- ১০। চারজন ট্রাস্টির ব্যক্তিগত উপস্থিতিতে ট্রাস্টি বোর্ডের সভার 'কেশরাম' গুণ হইবে। তবে তাঁহাদের তিনজনের অন্ততঃ একজন কর্মকর্তা এসোসিয়েশন অথবা কর্মচারী ইউনিয়নের প্রতিনিধি হইতে হইবে।
- ১১। কোম্পানীর যে কোন স্থায়ী কর্মকর্তা বা কর্মচারী আনুতোমিক তহবিলের সদস্য হইবার উপযুক্ত হইবেন এবং নিম্নলিখিত কারণে তাহার সদস্যপদের অবসান ঘটিবে-
- ক) কোম্পানীর চাকুরী পরিত্যাগ করিলে বা চাকুরী হইতে ইস্তফা দিলে;
 - খ) মৃত্যুবরণ করিলে;
 - গ) অবসরগ্রহণ করিলে;
 - ঘ) কোম্পানী কর্তৃক চাকুরীর অবসান অথবা চাকুরী হইতে অপসারণ না বরখাস্ত করা হইলে;
 - ঙ) আনুতোমিকের অর্থ উত্তোলন করিলে অথবা চাকুরী হইতে অপসারিত হইবার ক্ষেত্রে নিয়মানুযায়ী আনুতোমিকের অর্থ প্রাপ্য না হইলে।

এই বিধির উদ্দেশ্যসাধনকল্পে ইস্তফা বা অবসরের ক্ষেত্রে আনুতোমিকের অর্থ উত্তোলন করা পূর্বসূ (অনুর্ধ্ব ছয় মাস) সদস্যপদ বহাল থাকিবে এবং শর্ত থাকে যে, আনুতোমিকের সুবিধা পাইতে হইলে প্রতি বছর অগ্নান ১২০ কর্মদিবস কাজে উপস্থিত থাকিতে হইবে।

- ১২। কোম্পানী প্রতি অর্থবৎসর সমাপ্তির সাত দিনের মধ্যে প্রতি কর্মকর্তা/কর্মচারীর অনুকূলে তাহার বোন্ট চাকুরীকালের প্রতিবছরের জন্য সর্বশেষ প্রাপ্ত অর্থাৎ জুন মাসের মূল বেতনের দ্বিগুণ পরিমাণ টাকা আনুতোমিক তহবিলে জমা দিবে এবং এতদ্ব্যতীত যে কোন অনুদানও জমা দিতে পারিবে।
- ১৩। আনুতোমিক তহবিলের ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণের উদ্দেশ্যে ট্রাস্টি বোর্ডের অনুরোধক্রমে যে কোন তথ্য বা উপাত্ত কোম্পানী সরবরাহ করিবে।
- ১৪। আনুতোমিক তহবিলের সকল সদস্যের সুবিধার্থে কোম্পানী হইতে প্রাপ্ত সকল অর্থ তহবিলের হিসাবে যথাযথভাবে শিপিভুক্ত করিতে হইবে এবং উহা ব্যাংকে রাখিতে হইলে তাহা আনুতোমিক তহবিলের হিসাবে জমা রাখিতে হইবে।
- ১৫। প্রতি অর্থবৎসর সমাপ্তির পর যথাশীঘ্র সম্ভব জী বৎসরের জন্য আনুতোমিক তহবিলের আয়-ব্যয় হিসাব এবং ব্যালান্সশীট গঠিত করিতে হইবে। যদি কখনও উক্ত অর্থ থাকে তবে উহা রিজার্ভ হিসাবে স্থানান্তর করিতে হইবে এবং কোন ধরনের ঘাটতি রিজার্ভ হিসাব হইতে সংকুলান করা যাইবে।

কোম্পানী হোক মোটে হোক, হ্রাটি সন্তানই যাবে



১ - ০০৪২৫০৬

- ১৬। ট্রাস্টি বোর্ড গতি আর্থিক বছরের হিসাব নিরীক্ষার জন্য যুক্তিযুক্ত ফি নির্ধারণসহ পেশাদার নিরীক্ষক নিয়োগ করিবে। উক্ত নিরীক্ষকের ফি কোম্পানী কর্তৃক পরিশোধিত হইবে এবং নিরীক্ষক কর্তৃক নিরীক্ষা রিপোর্টসহ নিরীক্ষিত হিসাব ট্রাস্টি বোর্ড সঙ্গীপে অনুমোদনের জন্য পেশ করা হইবে।
- ১৭। আনুশঙ্গিক তহবিল হইতে বিনিয়োগে কোন ক্ষতি হইলে কোম্পানী তাহা বহন বা পূরণ করিবে। তহবিলের অফিস ও রেকর্ডপত্রাদি রক্ষণাবেক্ষণসহ তহবিলের পরিচালনা ব্যয়ও কোম্পানী বহন করিবে। কিন্তু উদ্দেশ্যমূলক বিশ্বাসভঙ্গ বা মারাত্মক অবহেলা ব্যতীত তহবিল পরিচালনার ক্ষেত্রে কোন ট্রাস্টির উপর কোন আইংসংগত দায়-দায়িত্ব বর্তাইলে ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্তক্রমে তহবিল হইতে তাহা পরিশোধ করা হইবে।
- ১৮। তহবিলের সকল বিনিয়োগ ও ব্যাংক হিসাব তহবিলের নামেই হইবে।
- ১৯। ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্ত অনুসারে দেশের এক বা একাধিক তহবিলভুক্ত ব্যাংকে তহবিলের হিসাব খোলা যাইবে। উক্ত হিসাবে তহবিলের জন্য প্রাপ্ত সকল অর্থ জমা দেওয়া হইবে এবং এই বিধিবিধান অনুযায়ী উক্ত হিসাবের অর্থ ব্যয়িত হইবে।
- ২০। ট্রাস্টি বোর্ডের সিদ্ধান্ত অনুসারে ব্যাংক হিসাব পরিচালনার জন্য দুইজন ট্রাস্টি যুগ্ম-স্বাক্ষরকারী নির্ধারণ করা হইবে।
- ২১। আনুশঙ্গিক বন্দানের জন্য আপাততঃ প্রয়োজনীয় দায় তহবিলের এমন কোন অর্থ তহবিলের নামে সরকারী গিস্তিভিত্তি বা স্বত্ব অথবা ব্যাংকের স্থায়ী আয়ত্ত হিসাবে বিনিয়োগ করা যাইবে।
- ২২। তহবিলের বিনিয়োগের উপর অর্জিত লাভ বা হুম তহবিলের সদস্যগণ ভোগ করিবেন এবং ইহা কোম্পানীর অতিরিক্ত অনুদান হিসাবে গণ্য হইবে।
- ২৩। যদি কেহ শুল্কলাভজনিত কারণে চাকুরী হইতে বরখাস্ত/অপসারিত হন অথবা ধারাবাহিকভাবে তিনবছরের কম চাকুরীকালে চাকুরী হইতে অপসারিত হন, সেইক্ষেত্রে তাহার নাম তহবিলের সুবিধাজোগীদের তালিকা হইতে বাদ যাইবে। তবে, নিম্নোক্ত ক্ষেত্রে সুবিধাজোগী তালিকা হইতে তাহার নাম বাদ যাইবে না :
 - ক) যদি কোম্পানীর প্রত্যয়ন অনুযায়ী কেং বাস্থ্যগত কারণে চাকুরী করিতে অক্ষম হন অথবা কোম্পানীতে লে পদের পরয়োজনীয়তা ফুরাইয়া যায়; এবং
 - খ) যিনি কোম্পানীতে চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করেন।
- ২৪। ক) কোন সদস্য তাহার অবর্তমানে কে বা কাহারা কি হারে আনুশঙ্গিকের অর্থ গ্রহণ করিবেন উহার জন্য লিখিত সনোদন প্রদান করিবেন।

সনোদন হোক সনোদন হোক, হাটটি সত্তারই যথেষ্ট



৳১০ — ০৬৪২৫০২

- খ) একজন সদস্য তাহার ইচ্ছামুত্বিক যে কাউকে নমিনি কবিত্তে পারিবেন এবং তাহার জীবদ্দশায় যে কোন সময় উহায় পরিবর্তন কবিত্তে পারিবেন।
- গ) নমিনি না থাকিলে মৃত ব্যক্তির প্রকৃত আইনামুগ ওয়ারিশদের মধ্যে তহবিলের অর্থ প্রদান করা হইবে।
- ২৫। ক) চাকুরী অবসানের বা চাকুরী হইতে অপসারণের বা অন্যসমগ্রহণের বা ইচ্ছা প্রদানের ২(দুই) মাসের মধ্যে প্রতিবছরের চাকুরীর জন্য সর্বশেষ আহরিত মূল বেতনের দিওনের সমগরিমাণ টাকা (অর্জিত লাভ বা সুদসহ) সংশ্লিষ্ট সদস্যের (অথবা নমিনি বা উত্তরাধিকারীর) অনুকূলে পরিশোধিত হইবে। দাবীটি মৃত ব্যক্তি পক্ষে হইলে নমিনি অথবা ওয়ারিশ চিহ্নিতকরণের মাধ্যমে তাহা যথাশীম সম্বল পরিশোধ কবিত্তে হইবে। কোন দাবী দেশের বাহিরে পরিশোধ করা হইবে না। কোন সদস্যের নিকট কোম্পানীর কোন পাওনা থাকিলে ট্রাস্টি বোর্ড উহা কর্তন-সাপেক্ষে আনুতোম্বিক পরিশোধ কবিত্তে হইবে। ইহাছাড়া আয়কর আইনে উৎসে কোন অর্থ কর্তনযোগ্য হইলে উহাও কর্তন করা হইবে।
- (খ) কোন সদস্যের সদস্যপদ বিলুপ্তির সঙ্গে সঙ্গেই তহবিল হইতে তাহার পাওনা পরিশোধযোগ্য/ আদায়যোগ্য হইবে এবং ট্রাস্টি বোর্ড (ক) উপ-অনুচ্ছেদের আদ্যোক্ত যথাশীম সম্বল তাহা পরিশোধ কবিলে। উল্লেখ্য, আনুতোম্বিকের অর্থ চেকের বা পে-অর্ডারের মাধ্যমেই পরিশোধ কবিত্তে হইবে।
- ২৬। এই ট্রাস্টি দলিল সম্পাদনের পর হইতে যথাশীম সম্বল ১৯৮৪ সনের আয়কর অধ্যাদেশের অধীনে এই আনুতোম্বিক তহবিলের অনুমোদনের জন্য উক্ত পক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ কবিলে।
- ২৭। আয়কর অধ্যাদেশ ১৯৮৪-এর অধীনে অনুমোদিত হইলে এই তহবিলের অনুকূলে সকল পরিশোধ আয়করবিহীন হইবে।
- ২৮। কোন কারণে আনুতোম্বিক তহবিলে সদস্যদের সহিত ট্রাস্টি বোর্ডের ভিন্নমত দেখা দিলে ট্রাস্টি বোর্ড কর্তৃক উহা নিষ্পত্তি করা হইবে। তবে, আয়করজনিত কোন ভিন্নমতের ক্ষেত্রে আয়কর কর্তৃপক্ষের সিদ্ধান্ত হুঁড়াল বহিরা বিবেচিত হইবে। ট্রাস্টি বোর্ড কোম্পানীর সম্বন্ধিত-সাপেক্ষে ন্যূনতম ৬ (ছয়) মাসের পূর্বে সদস্যদের বিজ্ঞপ্তি প্রদান কবিলে। ট্রাস্টি দলিল বাতিল কবিত্তে পারিবেন। তবে, বিজ্ঞপ্তিটি সদস্যদের নিকট ডাকযোগে প্রেরিত হইবে এবং কোম্পানীর সকল কার্যালয়ে উহা প্রদর্শনের ব্যবস্থা কবিত্তে হইবে। অতঃপর কোম্পানী ইহার সমস্ত সম্পদ গ্রহণ কবিলে এবং তহবিলের উদ্ধৃত সকল সদস্যের মধ্যে তাহা অংশ অনুসারে বন্টন কবিলে। ট্রাস্টি দলিল বাতিলের বিজ্ঞপ্তি জারীর দিন যে পরিমাণ অর্থ তহবিলে জমা থাকিবে উহা অংশ অনুসারে বন্টনের দাবী স্বাভাবিক এই দলিল বাতিলজনিত কারণে সদস্যদের অন্য কোন দাবী গ্রহণযোগ্য হইবে না।

১. *[Signature]*
 ২. *[Signature]*
 ৩. *[Signature]*
 ৪. *[Signature]*
 ৫. *[Signature]*

৬. *[Signature]*

৭. *[Signature]*

৮. *[Signature]*

৯. *[Signature]*

১০. *[Signature]*

১১. *[Signature]*

১২. *[Signature]*

১৩. *[Signature]*

১৪. *[Signature]*

১৫. *[Signature]*

১৬. *[Signature]*

১৭. *[Signature]*

১৮. *[Signature]*

১৯. *[Signature]*

২০. *[Signature]*

২১. *[Signature]*

২২. *[Signature]*

২৩. *[Signature]*

২৪. *[Signature]*

২৫. *[Signature]*

২৬. *[Signature]*

২৭. *[Signature]*

২৮. *[Signature]*

২৯. *[Signature]*

৩০. *[Signature]*

৩১. *[Signature]*

৩২. *[Signature]*

৩৩. *[Signature]*

৩৪. *[Signature]*

৩৫. *[Signature]*

৩৬. *[Signature]*

৩৭. *[Signature]*

৩৮. *[Signature]*

৩৯. *[Signature]*

৪০. *[Signature]*

৪১. *[Signature]*

৪২. *[Signature]*

৪৩. *[Signature]*

৪৪. *[Signature]*

৪৫. *[Signature]*

৪৬. *[Signature]*

৪৭. *[Signature]*

৪৮. *[Signature]*

৪৯. *[Signature]*

৫০. *[Signature]*

৫১. *[Signature]*

৫২. *[Signature]*

৫৩. *[Signature]*

৫৪. *[Signature]*

৫৫. *[Signature]*

৫৬. *[Signature]*

৫৭. *[Signature]*

৫৮. *[Signature]*

৫৯. *[Signature]*

৬০. *[Signature]*

৬১. *[Signature]*

৬২. *[Signature]*

৬৩. *[Signature]*

৬৪. *[Signature]*

৬৫. *[Signature]*

৬৬. *[Signature]*

৬৭. *[Signature]*

৬৮. *[Signature]*

৬৯. *[Signature]*

৭০. *[Signature]*

৭১. *[Signature]*

৭২. *[Signature]*

৭৩. *[Signature]*

৭৪. *[Signature]*

৭৫. *[Signature]*

৭৬. *[Signature]*

৭৭. *[Signature]*

৭৮. *[Signature]*

৭৯. *[Signature]*

৮০. *[Signature]*

৮১. *[Signature]*

৮২. *[Signature]*

৮৩. *[Signature]*

৮৪. *[Signature]*

৮৫. *[Signature]*

৮৬. *[Signature]*

৮৭. *[Signature]*

৮৮. *[Signature]*

৮৯. *[Signature]*

৯০. *[Signature]*

৯১. *[Signature]*

৯২. *[Signature]*

৯৩. *[Signature]*

৯৪. *[Signature]*

৯৫. *[Signature]*

৯৬. *[Signature]*

৯৭. *[Signature]*

৯৮. *[Signature]*

৯৯. *[Signature]*

১০০. *[Signature]*



ট
১০ — ৩৬৪২৫২৯

উপর্যুক্ত শর্তসমূহ ও বিধিবিধান-সম্বলিত এই ট্রাস্ট দলিল উল্লিখিত তারিখে উভয় পক্ষের সম্মতিতে নিম্নরূপে স্বাক্ষরিত ও সম্পাদিত হইল।

নিম্ন স্বাক্ষরকারী কর্মকর্তাগণের উপস্থিতিতে এই দলিলে প্রথম পক্ষ গ্যাস ট্রাস্টমিশন কোম্পানী লিমিটেড-এর কমন সীল বসানো হইল

১। (মন্জুর মোরশেদ তাপুকদার)
ব্যবস্থাপনা পরিচালক

২। (মোঃ ইউনুছ মিয়া)
কোম্পানী সচিব

দ্বিতীয় পক্ষ ট্রাস্টিগণের নাম

১। মুজাহিদ উদ্দিন হোসাইন
মহাব্যবস্থাপক (প্রশাসন) ও
চেয়ারম্যান, সংশ্লিষ্ট ট্রাস্টি বোর্ড

২। আব্দুল মল্লান খান
উপ-মহাব্যবস্থাপক (হিসাব) ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট ট্রাস্টি বোর্ড

৩। মোদাসসেকর আলম
উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা) ও
সদস্য, সংশ্লিষ্ট ট্রাস্টি বোর্ড

৪। মালিক মোঃ নিজামুল হাসান শেরীফ
উপ-মহাব্যবস্থাপক (ফাড়া-টেলিকম) ও
সভাপতি, জিটিসিএল অফিসার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন,

৫। মোঃ শিয়াকত আলী, পি এ, ভেড়ামারা - স্থানাধিকার
সভাপতি, জিটিসিএল কর্মচারী ইউনিয়ন, জিটিসিএল

স্বাক্ষরণের নাম

১। *MAJID UDDIN HOSSAIN*
CHAIRMAN (LA)

২। *ABDUL MALLAN KHAN*
UP-MANAGING OFFICER (LA)

ছেলে হোক ঘোষে হোক, দু'টি সন্তানই যথেষ্ট

গ্যাস ট্রানমিশন কোম্পানী লিঃ (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)



প্রদেয় ভবিষ্য তহবিল বিধিমালা ।

১৪০২

১৯৯৫

প্রধান কার্যালয় :

বাড়ী নং- ১, রোড নং-১২, সেক্টর-৩
উত্তরা, ঢাকা ।



গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড
প্রধান কার্যালয়,
উত্তরা, ঢাকা।

.....১৯৯৫ ইং তারিখে অনুষ্ঠিত
জিটিসিএল-এর পরিচালক মন্ডলীর.....তম সভার
কার্যবিবরণীর আলোচ্যসূচী

কর্মচারী প্রদেয় ভবিষ্য তহবিল বিধিমালা

- ১) এই বিধিমালা গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ কর্মচারী প্রদেয় ভবিষ্য তহবিল বিধিমালা নামে অভিহিত হইবে।
- ২) এই বিধিমালা ইং তারিখ হইতে কার্যকর হইবে।
- ৩) বিষয় অথবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালা :-
- ক) "তহবিল" বলিতে গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ কর্মচারী প্রদেয় ভবিষ্য তহবিল বুঝাইবে।
- খ) "বিধিমালা" বলিতে এই বিধিমালা অথবা সাময়িকভাবে এই তহবিলের ক্ষেত্রে প্রযোজ্য অপরাপর বিধিমালা বুঝাইবে।
- গ) "কোম্পানী" বলিতে গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ এবং অন্য কোম্পানী বা কর্পোরেশন যাহা উত্তরাধিকার কিংবা অন্য কোনভাবে গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ এর আওতাভুক্ত হয় বুঝাইবে।
- ঘ) "বোর্ড" বলিতে কোম্পানীর পরিচালনা পর্ষদ বুঝাইবে।
- ঙ) "ট্রাষ্টি" বলিতে সাময়িকভাবে নিয়োজিত প্রদেয় ভবিষ্য তহবিলের ট্রাষ্টি যাহা ট্রাস্ট-ডিডে বর্ণিত হইয়াছে বুঝাইবে।
- চ) "কর্মচারী" বলিতে কোম্পানীর মাসিক বেতনের ভিত্তিতে সার্বক্ষণিক ও স্থায়ীভাবে নিয়োজিত বাংলাদেশী কর্মকর্তা ও কর্মচারী বুঝাইবে। তবে কোম্পানীতে প্রেষনে নিয়োজিত কোন কর্মকর্তা এবং কর্মচারী ইহার আওতাভুক্ত হইবে না।
- ছ) "সদস্য" বলিতে বিধিমালা অনুযায়ী তহবিলের সদস্য বুঝাইবে।



জ) “ধারাবাহিক চাকুরী” বলিতে অবিদ্বিতভাবে অবিরত বুঝাইবে এবং অসুস্থতা, দুর্ঘটনা, অনুমোদিত ছুটি অথবা কর্মচারীর দোষে নহে এমন বিদ্বিত চাকুরী কাল ইহার অন্তর্ভুক্ত হইবে।

ঝ) “বেতন” বলিতে কোম্পানী কর্তৃক নির্ধারিত মাসিক মূল বেতন বুঝাইবে, যাহার মধ্যে কোন প্রকার ভাতা কিংবা অন্য কোন আর্থিক সুবিধা অন্তর্ভুক্ত হইবে না।

ঞ) “সন্তান-সন্ততি” বলিতে কেবল মাত্র বৈধ সন্তান-সন্ততিগণ, দত্তক সন্তান-সন্ততিগণ ইহার অন্তর্ভুক্ত হইবে।

ট) এই বিধিমালার ক্ষেত্রে “পরিবার” বলিতে :

১) চাঁদাপ্রদান করী পুরুষ হইলে তাহার স্ত্রী বা স্ত্রীগণ ও তাহার সন্তান-সন্ততিগণ এবং তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তান-সন্ততিগণ বুঝাইবে।

তবে শর্ত থাকে যে, যদি কোন সদস্য প্রমাণ করেন যে, আইনগতভাবে তাহার স্ত্রীর সহিত সম্পর্ক ছেদ হইয়াছে এবং তিনি আলাদাভাবে বসবাস করিতেছেন অথবা তাহার স্ত্রী নিজস্ব সম্প্রদায়ের প্রথা অনুসারে শোষণপোষ লাভের অধিকার হারাইয়া থাকিলে তিনি এই বিধির আওতায় পরিবারের সদস্য বলিয়া গণ্য হইবেন না। তবে উক্ত স্ত্রীকে পরিবারভুক্ত করিবার জন্য সদস্য ট্রাস্টের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ করিলে উক্ত স্ত্রী এই বিধিমালার উদ্দেশ্য পূরণ করে সংশ্লিষ্ট চাঁদা প্রদানকারী কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন।

২) চাঁদা প্রদানকারী মহিলা হইলে, তাহার স্বামী এবং সন্তান-সন্ততিগণ ও তাহার মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ ও সন্তান-সন্ততিগণ বুঝাইবে।

তবে শর্ত থাকে যে, কোন মহিলা চাঁদাপ্রদানকারী তাহার স্বামীকে এই বিধিমালার কোন ব্যাপারে তাহার পরিবারভুক্ত না করিবার জন্য ট্রাস্টের নিকট লিখিতভাবে ইচ্ছা প্রকাশ করিয়া থাকিলে তাহার বিপরীতে ইচ্ছা পরবর্তীতে প্রকাশ না করা পর্যন্ত উক্ত স্বামী সংশ্লিষ্ট চাঁদা প্রদানকারী কর্মচারীর পরিবারভুক্ত বলিয়া গণ্য হইবেন না।

ঠ) “নির্ভরশীল” বলিতে একজন মৃত সদস্যের নিম্নোক্ত যে কোন আত্মীয়বর্গকে বুঝাইবে :

স্ত্রী কিংবা স্ত্রীগণ, স্বামী, পিতা-মাতা, সন্তান-সন্ততিগণ, অপ্রাপ্ত বয়স্ক ভাইগণ, অবিবাহিত বোনগণ, মৃত পুত্রের বিধবা স্ত্রীগণ এবং সন্তান-সন্ততিগণ এবং বিধবা অবস্থায় মৃত কন্যার সন্তান-সন্ততিগণ এবং পিতামাতা জীবিত না থাকিলে দাদা-দাদী এবং নানা-নানী।

ড) “অর্থ বৎসর” বলিতে ১লা জুলাই হইতে পরবর্তী পঞ্জীকা বৎসরের ৩০ শে জুন পর্যন্ত সময়কালকে বুঝাইবে।

ঢ) "অর্ডিনেন্স" বলিতে আমর অর্ডিনেন্স-১৯৮৪ এবং ইহার পরবর্তী সংশোধন, পরিবর্তন পরিবর্তনকে বুঝাইবে।

০৪) একটি স্বীকৃত প্রদেয় ভবিষ্য তহবিল প্রতিষ্ঠা করাই এই বিধিমালার উদ্দেশ্য।

০৫) অত্র কোম্পানীর চাকুরী হইতে কোন সদস্যের চাকুরীচ্যুতি ঘটিলে অথবা কোম্পানীর চাকুরী হইতে অবসর গ্রহণ করিলে তাহাকে অথবা সদস্যের মৃত্যু ঘটিলে এই বিধিমালানুসারে "প্রদেয় অর্থ" তাহার মনোনীত ব্যক্তিকে/ব্যক্তিগণকে অথবা নির্ভবশীল ব্যক্তিগণকে প্রদান করাই এই তহবিলের উদ্দেশ্য।

০৬) তহবিল এবং ইহার নিয়ন্ত্রণের ভার ট্রাষ্টিগণের উপর অর্পিত হইবে। তাহারা মনে করিলে পেশাদার উপদেষ্টা নিয়োগ করিতে পারিবেন।

০৭) সদস্যপদ :

কোম্পানীর কর্মরত সকল পর্যায়ের সার্বক্ষনিক স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীগণের নির্দিষ্ট ছকে ট্রাষ্টি বোর্ডের সচিবের নিকট লিখিত আবেদনের ভিত্তিতে উক্ত তহবিলের সদস্যপদ প্রদান করা যাইবে। তবে চাকুরী স্থায়ীকরণের আদেশপত্র জারীর এক মাসের মধ্যে আবেদন করিলে চাকুরী স্থায়ীকরণের তারিখ হইতে সদস্যপদ প্রদান করা যাইবে। অন্যথায় ট্রাষ্টি বোর্ডের চেয়ারম্যান এর অনুমোদন ক্রমে সর্বোচ্চ ছয় মাসের বকেয়া চাঁদা কর্তনসহ সদস্যপদ প্রদান করা যাইবে।

০৮) সার্বক্ষনিক এবং স্থায়ীভাবে নিয়োগের পর সকল কর্মচারী একটি ঘোষণাপত্র স্বাক্ষর করিবেন (পরিশিষ্টের ছক নং-১)। অত্র তহবিলে যোগদানকারী সকল সদস্য অত্র বিধির একটি কপি পাওয়ার অধিকারী হইবেন। বর্ণিত ঘোষণাপত্র স্বাক্ষরের সাথে সাথে বলবৎ বিধিমালা সকল সদস্যের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে প্রযোজ্য হইবে।

০৯) কোম্পানীতে সদস্যের চাকুরীচ্যুতি ঘটিলে সদস্যপদ খারিজ হইবে। সেইক্ষেত্রে খারিজকৃত সদস্যের অধিকার অত্র বিধি দ্বারা নিরূপিত হইবে। কোন সদস্যকে কোম্পানী কর্তৃক চাকুরী হইতে অপসারণ করা হইলে অথবা তিনি প্রদেয় ভবিষ্য তহবিলের সদস্য হইতে যে কোন কারণে অবসর গ্রহণ করিবার পর উক্ত সদস্য কোম্পানীর সার্বক্ষনিক চাকুরীতে পুনর্নিয়োগ হইলে অথবা পুনরায় প্রদেয় ভবিষ্য তহবিলের সদস্য হইলে তাহার পূর্ববর্তী চাকুরীকাল অত্র বিধির আওতায় গণনা করা হইবে না।

শর্ত থাকে যে, অত্র তহবিলের কোন সদস্য সাময়িকভাবে বাংলাদেশের বাহিরে কোন চাকুরীতে কোম্পানী কর্তৃক হেরিড হইলে বাংলাদেশে তাহার নিছক অনুপস্থিতির কারণে তাহার সদস্যপদ খারিজ হইবে না এবং কোম্পানী সেই পরিমাণ অর্থ তাহার অনুকূলে প্রদেয় ভবিষ্য তহবিলে অনুদান প্রদান করিবে সেই পরিমাণ অর্থ উক্ত সদস্য চাঁদা প্রদান করিবেন। তবে উহা কোন ভাবেই উক্ত সদস্য বাংলাদেশে চাকুরীরত থাকিলে প্রাপ্তব্য মূল বেতনের যে হারে তিনি চাঁদা প্রদান করিতেন উহার বেশী হইবেনা।

১০) এই বিধি নিম্নোক্ত ক্ষেত্রে কার্যকর হইবেনা :

১। সরকারী অথবা অন্য কোম্পানী অথবা কর্পোরেশনের কোন কর্মচারী যিনি প্লেসনে কোম্পানীতে নিয়োজিত আছেন।

২। শিক্ষানবিস, সাময়িক, মৌসুমী, ঋতুকালীন, মাষ্টাররোল অথবা আনুসাংগিক খাত হইতে পরিশোধিত ব্যক্তি অথবা চুক্তিভিত্তিক কর্মচারী।

১১) সচিব : কোম্পানীর উপ-মহাব্যবস্থাপক (অর্থ) ^{Fund} পদাধিকার বলে ট্রাষ্টি বোর্ডের সচিব হিসাবে কার্য সম্পাদন করিবেন। তিনি তহবিল সংক্রান্ত সকল প্রকার বিজ্ঞপ্তি, দলিলপত্রাদি, অপরাপর চিঠিপত্রাদি ট্রাষ্টির পক্ষে গ্রহণ ও স্বাক্ষর করিবেন এবং ট্রাষ্টি কর্তৃক ন্যস্ত আইনানুগ কর্তৃত্ব ও ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন।

১২.১) মনোনয়ন : তহবিলে যোগদানকারী একজন সদস্য ট্রাষ্টি বোর্ডের সচিবের নিকট (পরিশিষ্ট-ক) নির্ধারিত ছকে এই মর্মে মনোনয়ন পত্র দাখিল করিবেন যে, তাহার হিসাবে জমাকৃত প্রাপ্য অর্থ প্রাপ্তির পূর্বে তাহার মৃত্যু হইলে মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গ বা নির্ভরশীল ব্যক্তিবর্গ এই তহবিলে তাহার অনুকূলে জমাকৃত অর্থ পাইবার অধিকারী হইবেন।

শর্ত থাকে যে, মনোনয়নকালে সদস্যের যদি পরিবার থাকে তবে তিনি তাহার পরিবারের সদস্যের বাহিরে অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে মনোনয়ন করিতে পারিবেননা।

১২.২) যদি কোন সদস্য একাধিক ব্যক্তিকে মনোনীত করেন তবে তিনি প্রত্যেক মনোনীত ব্যক্তির প্রাপ্য অর্থ বা অংশ এমনভাবে নির্দিষ্ট করিয়া দিবেন যাহাতে তাহার হিসাবে জমাকৃত সঞ্চিত অর্থ মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের মধ্যে সম্পূর্ণভাবে বন্টন করা যায়।

১২.৩) বোর্ড অব ট্রাষ্টির সচিব এর নিকট লিখিত নোটিশ প্রদান করিয়া সদস্য যে কোন সময়ে যে কোন মনোনয়ন বাতিল করিতে পারিবেন।

তবে শর্ত থাকে যে, এই রূপ নোটিশের সহিত উপবিধি (১) (২) ও (৩) এর বিধানাবলী অনুসারে একটি নতুন মনোনয়ন দাখিল করিতে হইবে।

১২.৪) মনোনয়ন প্রদানের পর কোন মনোনীত ব্যক্তির মৃত্যু হইলে নতুন মনোনয়ন দাখিল করিতে হইবে। সদস্যের মৃত্যু অব্যবহতি পরে সদস্যের অজ তহবিলে জমাকৃত অর্থ মনোনীত সদস্যগণ কর্তৃক উত্তোলনের পূর্বে কোন মনোনীত ব্যক্তির মৃত্যু ঘটিলে অত্র বিধিতে বর্ণিত পরিবারের সংজ্ঞা অনুযায়ী উক্ত মনোনীত ব্যক্তির কোন উত্তরাধিকারী না থাকিলে অপরাপর মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গ উক্ত মৃত্যু ব্যক্তির প্রাপ্য অর্থ সমানভাবে প্রাপ্য হইবেন।



১২.৫) মনোনয়নকালে সদস্যের পরিবার না থাকিলে যে কোন ব্যক্তিকে মনোনীত করিতে পারিবেন। তবে, তিনি (সদস্য) পরিবারভুক্ত হইলে সাথে সাথে তাহার পূর্বের মনোনয়ন বাতিল বলিয়া গন্য হইবে এবং সেই ক্ষেত্রে তাহাকে পরিবারের সদস্য/সদস্যবর্গকে অন্তর্ভুক্ত করিয়া নতুন মনোনয়ন দাখিল করিতে হইবে। নতুন মনোনয়ন পর দাখিল না করিলে সদস্যের পরিবারভুক্ত ব্যক্তিগণ আইনত প্রাপ্য অংশের জমাকৃত অর্থ পাইবে।

১২.৬) সদস্য কর্তৃক প্রদত্ত মনোনয়ন অথবা মনোনয়ন বাতিল সংক্রান্ত নোটিশ, বোর্ড অব ট্রাষ্টির সচিব কর্তৃক প্রাপ্তির সাথে সাথে কার্যকর বলিয়া গন্য হইবে।

১২.৭) যদি কোন কারণে কোন মৃত সদস্যের মনোনয়ন পত্র নষ্ট বা হারাইয়া যায় সেই ক্ষেত্রে উক্ত মৃত সদস্যের আইনানুগ উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণ, উত্তরাধিকারী আইনানুযায়ী মৃত সদস্যের হিসাবে জমাকৃত অর্থ প্রাপ্য হইবেন। এই ক্ষেত্রে উত্তরাধিকারী/উত্তরাধিকারীগণকে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হইতে উত্তরাধিকারী প্রমাণপত্র ট্রাষ্টি বোর্ডের সচিবের নিকট দাখিল করিতে হইবে।

১৩। সদস্যের হিসাবঃ প্রত্যেক সদস্যের নাম সংরক্ষিত পৃথক হিসাবে নিম্নোক্ত ঋতে অর্থ জমা হইবে :

- ক) সদস্য কর্তৃক প্রদানকৃত চাঁদ।
- খ) বিধি ১৬.১ অনুযায়ী গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ কর্তৃক প্রদানকৃত অনুদান।
- গ) বিধি ১৭(ক) অনুযায়ী সদস্য কর্তৃক প্রদানকৃত চাঁদার উপার অর্জিত সুদ।
- ঘ) বিধি ১৭(খ) অনুযায়ী গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ কর্তৃক প্রদানকৃত অনুদানের উপর অর্জিত সুদ।

১৪.১) চাঁদা প্রদানের শর্ত ও হার :

নিম্নোক্ত শর্ত মোতাবেক সদস্যের চাঁদার পরিমাণ নির্ধারিত হইবে :

- ক) ইহা পূর্ণ টাকায় প্রকাশ করিতে হইবে।
- খ) ইহা মূল বেতনের ১০ শতাংশ হইবে এবং সময় সময় সরকার কর্তৃক নির্ধারিত হার প্রযোজ্য হইবে।
- গ) কোন সদস্য ইচ্ছা করিলে মূল বেতনের সর্বোচ্চ ১০% অতিরিক্ত চাঁদা তাহার মাসিক বেতন হইতে কর্তন করিতে পারিবেন। তবে এই চাঁদার অনুকূলে কোম্পানী কোন অনুদান প্রদান করিবে না এবং ইহার বিপরীতে কর্মকর্তা/কর্মচারীকে কোন অগ্রিম প্রদান করা হইবে না। উক্ত চাঁদার উপর শুধুমাত্র অর্জিত সুদ পরিশোধযোগ্য হইবে। সদস্যবৃন্দের অবসর, চাকুরী হইতে অব্যাহতি এবং মৃত্যু জনীত কারণে উক্ত তহবিলের অর্থ পরিশোধযোগ্য হইবে। বিশেষ ক্ষেত্র

হিসাবে কোন সদস্য উক্ত তহবিলের অর্থ গ্রহণ করিতে চাহিলে তাহাকে সুদে-মূলে উহা পরিশোধ করা হইবে তবে তাহাকে পুনরায় অতিরিক্ত চাঁদা হিসাবে ভবিষ্য তহবিলে আর অর্থ কর্তনের সুযোগ দেওয়া হইবে না।

১৪.২) সদস্যপদ প্রাপ্তির শুরু হইতে কোম্পানীর চাকুরী হইতে অবসর/অপসারণের দিন পর্যন্ত অথবা সদস্যের চাকুরীর সমাপ্তির দিন পর্যন্ত উক্ত চাঁদা নিয়মমাফিক আবশ্যিকভাবে নিয়মিত সদস্যের বেতন বিল হইতে কর্তন করা হইবে।

১৪.৩) বোর্ড অব ট্রাষ্টি কর্তৃক বিশেষ কোন কারণ বশতঃ চাঁদা প্রদানের আবশ্যিকতা প্রাপ্ত না হইলে, কর্মরত অবস্থায় অথবা ছুটি থাকাকালীন সময়ে (বিদ্যমান বেতনে ছুটি ব্যতিত) সকল সদস্য উক্ত তহবিলে নিয়মিত চাঁদা প্রদান করিতে বাধ্য থাকিবেন।

১৪.৪) চাকুরীতে সাময়িক অপসারণকালীন সময়ে তাঁহার নিকট হইতে চাঁদা আদায় বন্ধ থাকিবে। কিন্তু পরবর্তীতে সাময়িক অপসারণের তারিখ হইতে পূর্ণ বেতন ও ভাতাদিসহ চাকুরীতে পুনরায় বহাল হইবার পর উক্ত সাময়িক অপসারণকালীন সময়ে চাঁদা এককালীন প্রদান করিতে হইবে। পক্ষান্তরে সাময়িক অপসারণকালীন সময়ের জন্য পূর্ণ বেতন ও ভাতাদি প্রদান ব্যতীত পুনর্বহাল হইলে উক্ত সাময়িক অপসারণকালীন সময়ের চাঁদা তহবিলের ট্রাষ্টি কর্তৃক নির্ধারিত হারে চলতি চাঁদাসহ আদায় হইবে।

১৪.৫) এই বিধি অনুযায়ী কোন সদস্যের ক্ষেত্রে শ্রেষনে না থাকা অবস্থায় যে নীতি চালু ছিল কোন প্রতিষ্ঠানে শ্রেষনে প্রেরিত হইলে পূর্ব নীতির অন্য কোন পরিবর্তন হইবে না।

কোম্পানীর কোন কর্মকর্তা বা কর্মচারী অন্য কোন প্রতিষ্ঠানে শ্রেষনে কর্তরত থাকিবস্থায় প্রদেয় ভবিষ্য তহবিলের নিয়মিত চাঁদা প্রদানের দাব্যবাহিকতা বন্ধ থাকিলে ঐ সদস্য জিটিসিএল-এ পুনঃ প্রেরিত হইলে শ্রেষনে থাকাকালীন সময়ের সম্পূর্ণ বকেয়া চাঁদা প্রদান করিতে হইবে এবং প্রদান করিতে বাধ্য থাকিবেন।

১৪.৬) উক্ত তহবিলের চাঁদা মূল বেতনের উপর মাসিক ভিত্তিতে প্রদেয় হইবে এবং চাঁদার পরিমাণ নিকটতম পূর্ণ টাকায় হইবে (পঞ্চাশ ও তদুর্ধ্ব পর্যন্ত পরবর্তী টাকায় পরিণত হইবে)।

১৫) চাঁদা আদায় : সদস্য কর্তৃক দেয় মাসিক চাঁদা তাঁহার বেতন হইতে এবং প্রদেয় ভবিষ্য তহবিল হইতে গ্রহণকৃত ঋণের কিস্তি সুদসহ সদস্যের মাসিক বেতন হইতে কর্তনের ক্ষমতা কোম্পানীর থাকিবে এবং এইরূপভাবে কর্তিত অর্থ সদস্যের একাউন্টে জমা করিবার নিয়মে বোর্ড অব ট্রাষ্টির নিকট কোম্পানী প্রদান করিবে।

১৬.১) গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ এর অনুদান :

বিধির ১৪ নং অনুচ্ছেদ অনুসারে তহবিলের সকল সদস্য কর্তৃক প্রদত্ত মাসিক চাঁদার সমপরিমাণ অর্থ অনুদান হিসাবে কোম্পানী একুনে প্রতি মাসে তহবিলে প্রদান করিবে।

শর্ত থাকে যে, কোম্পানীর অনুদানের পরিমাণ সদস্য কর্তৃক সংশ্লিষ্ট মাসে গ্রহণকৃত মূল বেতনের ১০ শতাংশের বেশী হইবে না অথবা এইরূপ কোন হার সময়ে সময়ে কোম্পানী কর্তৃক স্বাভাবিক ও বিশেষ আদেশক্রমে নির্ধারিত হইবে।

১৬.২) উপ-বিধি ১ অনুযায়ী প্রত্যেক সদস্যের ক্ষেত্রে উক্ত অনুদান পূর্ণ টাকায় পরিশোধযোগ্য হইবে।

১৬.৩) কোন সদস্যের প্রেষনে থাকাকালীন সময়ে অনুদান উক্ত সদস্যকে প্রেষনে গ্রহণকারী সংস্থার নিকট হইতে কোম্পানী আদায় করিতে না পারিলে প্রেষনে থাকাকালীন সময়ে প্রদানযোগ্য অনুদান ও উহার সুদ কোম্পানী কর্তৃক প্রদেয় হইবে।

১৬.৪) কোম্পানীর অনুদান পাইবার যোগ্য কোন সদস্য কোম্পানীর চাকুরী ত্যাগ করিলে অথবা মৃত্যুবরণ করিলে অথবা চাকুরীচ্যুত হইলে পূর্ব মাসের শেষ তারিখ এবং বর্ণিত ঘটনা ঘটিবার তারিখ এই দুইয়ের মধ্যবর্তী সময়ের অনুদান ভাঁহার হিসাবে জমা প্রদান করা হইবে।

১৭। সুদ :

১৭.১) উপ-ধারা ১৭.৩ অনুযায়ী প্রত্যেক বৎসরের জন্য বোর্ড অব ট্রাষ্টি কর্তৃক নির্ধারিত পন্থায় সুদ সদস্যের হিসাবে জমা করা হইবে।

১৭.২) প্রত্যেক আর্থিক বৎসর শেষে নিম্নে বর্ণিত বিধি অনুযায়ী সুদ জমা করিতে হইবে :-

ক) সদস্যের হিসাবে সঞ্চিত অর্থের উপর অর্জিত সুদ।

খ) প্রতি চলতি বৎসরে তহবিলে অর্থ জমা দেওয়ার তারিখ হইতে উক্ত বৎসরের শেষ দিন পর্যন্ত জমাকৃত সম্পূর্ণ অর্থের উপর অর্জিত সুদ সদস্যের হিসাবে জমা হইবে।

গ) মোট সুদের পরিমাণ নিকটবর্তী পূর্ণ টাকায় রূপান্তরিত হইবে। ৫০ পয়সাকে পরবর্তী টাকায় গণনা করা হইবে। এখানে শর্ত থাকে যে, সদস্যের হিসাবখাতে জমাকৃত অর্থ সদস্যকে প্রদান যোগ্য হইলে চলতি বৎসরের প্রথম হইতে অথবা জমা করিবার তারিখ হইতে প্রয়োজন্য ক্ষেত্রে সদস্যকে অর্থ পরিশোধযোগ্য হইবার তারিখ পর্যন্ত সুদ জমা করা হইবে।



১৭.৩) কোন সদস্য বোর্ড অব ট্রাষ্টির নিকট লিখিতভাবে সুদ গ্রহণ না করিবার পক্ষে মত প্রকাশ করিলে তাহার হিসাবে সুদ জমা হইবেনা, কিন্তু পরবর্তীতে সুদ গ্রহণের ইচ্ছা প্রকাশ করিলে যে মাসে ইচ্ছা প্রকাশ করিবেন উহার পরবর্তী মাসের প্রথম দিন হইতে উহা কার্যকর বলিয়া গণ্য হইবে।

(১৮) তহবিল হইতে ঋণ প্রদান :

নিম্নে বর্ণিত শর্ত স্বাপেক্ষে সদস্যের হিসাবে জমাকৃত নিজস্ব চাঁদা হইতে ট্রাষ্টি নিজের এখতিয়ারে অস্থায়ী ভিত্তিতে ঋণ প্রদান করিতে পারিবে :

ক) কোন ঋণ মঞ্জুর করা যাইবে না যদি না ট্রাষ্টি এই মর্মে সন্তুষ্ট হন যে, আবেদনকারীর আর্থিক অবস্থা উহা সমর্থন করে এবং প্রদানযোগ্য ঋণ অন্য কোন কারণ ব্যতীত নিম্নে বর্ণিত কারণে ব্যয় হয় :

১) আবেদনকারীর নিজের ব্যয় বহুল চিকিৎসা কিংবা তাহার উপর প্রকৃত নির্ভরশীল কোন ব্যক্তির ব্যয়বহুল চিকিৎসা ও উচ্চ শিক্ষার খরচ নির্বাহের জন্য।

২) আবেদনকারীর নিজের কেউ না কিন্তু তাহার উপর প্রকৃত নির্ভরশীল কোন ব্যক্তির চিকিৎসা কিংবা উচ্চ শিক্ষার উদ্দেশ্যে বিদেশ ভ্রমণে খরচের জন্য।

৩) আবেদনকারীর নিজের কিংবা তাহার উপর নির্ভরশীল ব্যক্তির অত্যাবশ্যকীয় খরচ যেমন বিয়ে, অন্তঃস্টিক্রিয়া অথবা যাহা তাহার ধর্মীয় মতে করণীয় অনুষ্ঠানাদির উদ্দেশ্যে খরচ নির্বাহের জন্য।

৪) বীমার কিস্তি পরিশোধ করিবার জন্য। তবে এই ক্ষেত্রে ঋণ গ্রহণের এক মাসের মধ্যে পরিশোধকৃত বীমা রশিদ জমা দিতে হইবে।

খ) বিশেষ কারণ ব্যতীত কোন সদস্যের হিসাবে জমাকৃত নিজস্ব চাঁদা ও তাহার উপর অর্পিত সুদের ৮০ শতাংশের অধিক ঋণ হিসাবে প্রদান করা যাইবেনা।

গ) বন্যা, ঘূর্ণিঝড়, হারিকেন অথবা প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে বসবাস করিবার গৃহ পুনঃনির্মাণ/মেরামত করলে ঋণ প্রদান করা যাইবে। সেই ক্ষেত্রে স্থানীয় ইউনিয়ন/পৌরসভা/ থানা নির্বাহী কর্মকর্তা/ থানা পরিষদ চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত সনদপত্র অবশ্যই দাখিল করিতে হইবে।

উক্ত বিধির খ এবং গ অনুচ্ছেদে বর্ণিত ক্ষেত্রে ব্যতিত বসবাস করিবার জন্য দালান অথবা বাড়ী তৈরীর জন্য নির্ধারিত স্থান খরিদ করিবার জন্য উক্ত তহবিল হইতে ঋণ প্রদান করা যাইবে। এইক্ষেত্রে নিজ, কোম্পানীর অনুদান এবং অর্জিত সুদের উপর ৮০% ভাগ (সর্বোচ্চ দুইলক্ষ টাকা) ঋণ হিসাবে পরিশোধযোগ্য হইবে। ঋণ গ্রহণের একমাসের মধ্যে ক্রয়কৃত জমির দলিল বা যে জমির উপর দালান নির্মিত হইয়াছে উক্ত দলিলের অনুলিপি প্রদান করিতে হইবে। ১৯টি ক্রয়ের ক্ষেত্রেও ইহা প্রযোজ্য হইবে এবং এইরূপ ক্ষেত্রে ঋণের একমাসের মধ্যে ক্রয়ের চুক্তি নামা দলিলের অনুলিপি প্রদান করিতে হইবে।



এই ঋণ সর্বোচ্চ (৯০) কিস্তিতে সুদসহ আদায় যোগ্য হইবে। নির্ধারিত সময়ের মধ্যে দলিলের অনুলিপি সরবরাহ করা না হইলে কিস্তির টাকা অধিক হারে কর্তন করা হইবে। সেইক্ষেত্রে সদস্য চাহিলে উত্তোলিত অর্থ ফেরৎ দিতে হইবে না এবং সুদ অর্জনের ক্ষেত্রে এইরূপ পরিশোধিত অর্থ বিবেচনায় আসিবে না।

ঘ) প্রদেয় ভবিষ্য তহবিল হইতে প্রদত্ত ঋণের উপর সুদ আদায় :

১) প্রদেয় ভবিষ্য তহবিল হইতে প্রদানকৃত ঋণের উপর প্রথম এবং দ্বিতীয়বার ১০ (দশ)% হারে সুদ আদায় করা হইবে।

২) দ্বিতীয়বার গ্রহণকৃত ঋণ পরিশোধের ছয় মাসের মধ্যে বিশেষ বিবেচনায় তৃতীয়বার বা তৎপরবর্তী সময়ে বিশেষ বিবেচনায় ঋণ প্রদান করা যাইতে পারে। তবে সেইক্ষেত্রে ধার্যকৃত সুদের হার ১৮ (ষ) (১)-এর বর্ণিত হার অপেক্ষা ২ (দুই)% ভাগ বেশী হইবে।

৩) তৃতীয়বার বা তৎপরবর্তী সময়ে বিশেষ বিবেচনায় গ্রহণকৃত ঋণ পরিশোধের ছয় মাস পর পুনরায় গ্রহণকৃত ঋণের উপর আদায়যোগ্য সুদের হার ১০ (দশ)% হইবে।

১৯) ঋণ আদায় :

১৯.১) সদস্য কর্তৃক গ্রহণকৃত ঋণ এমন কতক সংখ্যক কিস্তিতে আদায় করিতে হইবে যাহা ট্রাষ্টি ক্ষেত্রবিশেষে নির্ধারণ করিবে। কিন্তু এই কিস্তির সংখ্যা ৩৬ এর বেশী হইবে না। তবে শুধুমাত্র ১৮ গ এর ক্ষেত্রে সর্বোচ্চ ৯০ কিস্তির মধ্যে সীমাবদ্ধ থাকিবে। প্রতিটি কিস্তি পূর্ণ টাকায় (এক কিস্তির সমান) হইতে হইবে এবং প্রয়োজনীয় কিস্তি নির্ধারণ করিতে কিস্তির অর্থ কম বা বেশী করা যাইবে।

১৯.২) কোন সদস্যের অবসর গ্রহণের সময় ১২ (বার) মাস অবশিষ্ট থাকিলে উক্ত সদস্য তাঁহার নিজস্ব চাঁদা ও নিজস্ব চাঁদার উপর অর্জিত সুদের শতকরা ৮০ ভাগ উত্তোলন করিতে পারিবেন। এখানে উল্লেখ্য যে উত্তোলিত অর্থের উপর তাঁহাকে কোন প্রকার সুদ প্রদান বা আদায় করা হইবে না।

১৯.৩) প্রদেয় ভবিষ্য তহবিলের নিয়মিত চাঁদা কর্তন ছাড়াও গ্রহণকৃত ঋণের অর্থ একত্রে সদস্যের বেতন হইতে বাধ্যতামূলকভাবে কর্তন করা হইবে।

১৯.৪) ঋণ গ্রহণের দ্বিতীয় মাস হইতে ঋণের কিস্তি আদায় করিতে হইবে। তবে দ্বিতীয় মাসে উক্ত সদস্য বিনা বেতনে ছুটিতে থাকিলে তিনি কর্মে যোগদানের পরবর্তী মাস হইতে উক্ত ঋণ আদায় করা হইবে।

১৯.৫) ঋণ গ্রহণ ও সম্পূর্ণ পরিশোধের মধ্যবর্তী সময়ে প্রতি মাস বা ইহার ঋণ মাসের জন্য বোর্ড অব ট্রাষ্টি কর্তৃক সময় সময় নির্ধারিত হারে সুদ আসল একত্রে পরিশোধ করিতে হইবে।



১৯.৬) যে সদস্য তাঁহার হিসাবে জমাকৃত অর্থের উপর সুদ গ্রহণ করিবেন না তাঁহার ক্ষেত্রে উক্ত তহবিল হইতে গ্রহণকৃত ঋণের উপর সুদ আদায়যোগ্য হইবে না।

১৯.৭) কোন সদস্য বীমার কিস্তি পরিশোধকল্পে ঋণ গ্রহণ করিলে ট্রাস্টের নিকট এক মাসের মধ্যে পরিশোধিত রশিদ দাখিল করিতে হইবে অন্যথায় তাঁহার নিকট হইতে উক্ত ঋণ এককালীন আদায় করা হইবে।

১৯.৮) ঋণ প্রদানের ক্ষেত্রে বোর্ড অব ট্রাস্টি একটি সম্পূর্ণ পৃথক নিয়ন্ত্রণযোগ্য হিসাব পরিচালনাসহ ঋণ গ্রহণকারী প্রত্যেক সদস্যের জন্য একটি সাবসিডিয়ারী হিসাব পরিচালনা করিবেন। সদস্যের চাঁদার হিসাবের সহিত কোন প্রকারে উক্ত ঋণের হিসাব মিশ্রিত করা যাইবে না। উক্ত ঋণ খাতে আদায়কৃত সুদ তহবিলের আয় হিসাবে গণ্য হইবে।

২০) যে সব ক্ষেত্রে পঞ্জীভূত অর্থ পরিশোধযোগ্য :

২০.১) ২১ নং বিধির শর্ত সাপেক্ষে একজন সদস্যের হিসাবে জমাকৃত অর্থ শুধুমাত্র তাঁহার মৃত্যুতে অথবা কোম্পানীর চাকুরী হইতে অবসর গ্রহণ বা পদত্যাগ করিলে পরিশোধযোগ্য হইবে। কোম্পানীর চাকুরী হইতে বহিস্কৃত কোন সদস্য চাকুরীতে পুনর্বহাল হইলে বোর্ড অব ট্রাস্টি এই বিধির আওতায় পূর্বে পরিশোধিত অর্থ পুনরায় জমা করিবার দাবী করিলে তাঁহাকে তাহা পরিশোধ করিতে হইবে। এইরূপ পরিশোধিত নিজস্ব চাঁদা সুদের অংশটি এবং কোম্পানীর প্রদত্ত অনুদান ও সুদ এর অংশটি বিধি ১৩ এর আওতায় তাঁহার হিসাবে জমা হইবে।

২০.২) যদি কোন সদস্য উন্মাদ হইয়া যান অথবা অন্যরূপ মানসিকভাবে কর্মে অক্ষম হইয়া পড়েন এবং ইহা প্রমাণিত হইয়াছে বলিয়া বোর্ড অব ট্রাস্টি যদি সন্তুষ্ট হন তাহা হইলে এই প্রবিধান এর আওতায় উক্ত সদস্য যে অর্থ প্রাপ্য হইবেন উহার কোন অংশ তাঁহার পরিবারভূক্ত যে কোন ব্যক্তিকে প্রদান করিতে ট্রাস্টের বিচারে সঠিক বলিয়া বিবেচিত হইলে তাহা ট্রাস্টি পরিশোধ করিবার অনুমতি প্রদান করিতে পারিবে। উক্ত ব্যক্তিকে এইরূপ পরিশোধ একটি উত্তম পরিশোধ বলিয়া বিবেচিত হইবে।

২০.৩) সদস্যের হিসাবে জমাকৃত অর্থ পরিশোধযোগ্য হইবার পূর্বে অথবা পরিশোধ করিবার পূর্বে সদস্যের মৃত্যু ঘটিলে পরিশোধযোগ্য সঞ্চিত অর্থ নিম্নরূপভাবে পরিশোধ করা হইবে :

ক) সদস্য পরিবার রাখিয়া মৃত্যুবরণ করিলে: বিধি ১২ অনুচ্ছেদ অনুযায়ী তিনি যদি তাঁহার পরিবারের এক বা একাধিক সদস্যকে মনোনয়ন প্রদান করিয়া থাকেন তাহা হইলে তাঁহার হিসাবে সঞ্চিত অর্থ অথবা উহার অংশ বিশেষ মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গকে মনোনয়নে নির্ধারিত অনুপাতিক হারে পরিশোধযোগ্য হইবে।



খ) যদি কোন সদস্যের নিজের পরিবারের কোন সদস্য বা সদস্যবর্গের নামে মনোনয়ন না থাকে কিংবা তহবিলে তাহার নামে জমাকৃত অর্থের অংশ বিশেষের জন্য মনোনয়ন থাকে এবং বাকী অংশের জন্য তাহার নিজের পরিবারের সদস্য ব্যতীত অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের মনোনয়ন না থাকে তাহা হইলে জমাকৃত অর্থের সম্পূর্ণ অংশ কিংবা যে অংশের জন্য মনোনয়ন নাই সেই ক্ষেত্রে যেরূপ প্রয়োজ্য উহা পরিবারের নিম্নে বর্ণিত পরিবারের সদস্য/সদস্যবর্গকে কোন অংশ পরিশোধ করা হইবে না :

১। শারীরিক অথবা মানসিকভাবে জীবিকা নির্বাহের জন্য উপার্জনে সক্ষম নহে এমন আইনত সাবালক পুত্র।

২। শারীরিক অথবা মানসিকভাবে জীবিকা নির্বাহের জন্য উপার্জনে অক্ষম নহে মৃত পুত্রের এমন আইনত সাবালক পুত্র।

৩। যে কন্যার স্বামী জীবিত আছে কিন্তু স্বামী দ্বারা পরিত্যক্ত এবং ভরণপোষন হয় এইরূপ কন্যা।

৪। ক) যে মৃত পুত্রের কন্যাগণ যাহাদের স্বামী জীবিত আছেন কিন্তু স্বামী দ্বারা পরিত্যক্ত বা স্বামী দ্বারা ভরণপোষন হয়না। আবার শর্ত থাকে যে, মৃত পুত্রের বিধবা স্ত্রী বা স্ত্রীগণ এবং সন্তান-সন্ততিগণ মৃত পুত্র জীবিত অবস্থায় এবং প্রথম বিধানের ১নং অনুচ্ছেদের শর্ত হইতে অব্যাহতি প্রাপ্ত হইলে যে অংশ তিনি প্রাপ্য হইতেন উহা তাহারা সমভাবে প্রাপ্য হইবেন।

খ) যখন কোন সদস্য পরিবার না রাখিয়া মৃত্যুবরণ করেন তাহা হইলে তহবিলে তাহার হিসাবে সঞ্চিত অর্থ তাহার মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গের মধ্যে মনোনয়নে উল্লেখিত আনুপাতিক ভাবে পরিশোধযোগ্য হইবে। যদি কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের নামে অনুরূপ মনোনয়ন না থাকে অথবা যদি উক্ত মনোনয়ন সংশ্লিষ্ট তহবিলে তাহার হিসাবে সঞ্চিত অর্থের কেবলমাত্র কোন নির্দিষ্ট অংশের প্রাপ্তির সহিত সম্পর্কযুক্ত হয়, তাহা হইলে মনোনয়নের সহিত সম্পর্কযুক্ত নয় এমন সঞ্চিত সম্পূর্ণ অথবা আংশিক অংশ সদস্যের উপর নির্ভরশীল ব্যক্তি অথবা ব্যক্তিবর্গের মধ্যে অথবা তাহাদের মধ্যে যে কোন একজন অথবা একাধিক ব্যক্তিবর্গকে ট্রাস্টিগণ তাহাদের ইচ্ছানুসারে সঠিক বিবেচিত আনুপাতিক হারে বন্টন করিতে পারিবেন।

২০.৪) উক্ত সঞ্চিত অর্থ গ্রহণ করিবার যদি কোন সত্বাধিকারী না থাকে তবে উক্ত অর্থ সদস্যের আইনত উত্তরাধিকারীকে পরিশোধ করা হইবে।

২০.৫) বোর্ড অব ট্রাস্টি এমন কোন কার্যক্রমে বাধা হইবেন না বা স্বীকৃতি দিবেন না যাহা একজন সদস্য অবসর গ্রহণের পূর্বে মৃত্যুবরণ করিলে সঞ্চিত অর্থ পরিশোধে অসুবিধার কারণ হইবে।

২১) কর্তন :

২১.১) কোন সদস্য কোম্পানীর চাকুরী হইতে বহিষ্কার অথবা পদচ্যুত হইলে উক্ত তহবিলে তাহার হিসাবে সঞ্চিত অর্থ পরিশোধযোগ্য হইলে কোম্পানীর অনুদানের সম্পূর্ণ অংশ এবং উহার উপর অর্জিত সুদও পরিশোধযোগ্য।

২১.২) যখন কোন সদস্যের হিসাবে সঞ্চিত অর্থ পরিশোধযোগ্য হয় সেইক্ষেত্রে কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এই মর্মে নির্দেশ দিতে পারেন যে, কোম্পানীর নিকট সদস্য কর্তৃক দায়বদ্ধ যে কোন পাওনা সদস্যের হিসাবের কোম্পানীর অনুদান ও তাহার উপর অর্জিত সুদ পর্যন্ত অর্থ সদস্যের সঞ্চিত অর্থ হইতে কর্তন করিতে পারিবে এবং অনুরূপ কর্তনকৃত অর্থ কোম্পানীকে ফেরৎ প্রদান করিবে।

২১.৩) কোম্পানীর তিন বৎসর পূর্তির পূর্বে কোন সদস্যের চাকুরীর অবসান ঘটিলে তাহার হিসাবে সঞ্চিত পরিশোধযোগ্য অর্থের মধ্যে সুদসহ কোম্পানীর অনুদানের সম্পূর্ণ অথবা আংশিক অর্থ কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সরাসরি কর্তন করিয়া “বাজেয়াণ্ড” হিসাবে স্থানান্তর করিতে পারিবেন। সাধারণভাবে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নিম্নোক্ত ক্ষেত্রে অনুরূপ কর্তন হইতে বিরত থাকিবেন :

ক) কোন সদস্য কোম্পানীকে এই মর্মে সন্তুষ্ট করিতে পারিয়াছেন যে তাহার কর্মে অক্ষমতা জনিত কারণে তাহার চাকুরী অবসর গ্রহণের প্রয়োজনীয়তা দেখা দিয়াছে।

খ) প্রকল্পের কাজ ধারাবাহিকভাবে তিন বৎসর চালু থাকিবে এমন প্রত্যাশায় কোন সদস্য চাকুরীতে যোগদানের পর অচিন্তনীয়ভাবে নির্ধারিত সময়ের পূর্ব কাজ সম্পন্ন হইলে অথবা উক্ত সময়ের মধ্যে প্রকল্পটি পরিত্যক্ত হইলে।

২২। ল্যাপস এন্ড ফরফিচার হিসাব (বাজেয়াণ্ড) :

যদি বিধির ২১ নং অনুচ্ছেদ অনুযায়ী কোন সদস্যের সঞ্চিত অর্থ বাজেয়াণ্ড করা হয় এবং উক্ত অর্থ সদস্য অথবা সদস্যের বা কোম্পানীকে প্রদানযোগ্য না হয় সেই ক্ষেত্রে উক্ত অর্থ একটি পৃথক হিসাবে স্থানান্তর করা হইবে যাহা ল্যাপস এন্ড ফরফিচার হিসাব (বাজেয়াণ্ড) হিসাব নামে অভিহিত হইবে এবং তহবিল হইতে বিনিয়োগকৃত অর্থের কোন প্রকার লোকসান অথবা অবচয় মিটানোর জন্য বোর্ড উক্ত অর্থ সংরক্ষিত তহবিল হিসাবে ব্যবহার অথবা প্রয়োগ করিতে পারিবে। তহবিল পরিচালনায় শঙ্ক্য লোকসান মিটাইবার পর যদি কোন অর্থ উদ্বৃত্ত থাকে উহা বোর্ডের ইচ্ছানুসারে প্রত্যেক সদস্যের মধ্যে সুদ বন্টনের তারিখে প্রত্যেক সদস্যের হিসাবে সঞ্চিত অর্থের উপর আনুপাতিক হারে বন্টন করিয়া সদস্যের হিসাবে জমা করা হইবে।

২৩) প্রদান/পরিশোধ :

২৩.১) যদি কোন সদস্যের মৃত্যু হয় অথবা অন্য কোন কারণ বশতঃ তহবিলের সদস্যপদ হারান অথবা অবসর গ্রহণের পূর্বে প্রস্তুতিমূলক ছুটি অথবা কোম্পানীর চাকুরী হইতে চূড়ান্তভাবে অপসারিত হন তাহা হইলে তাঁহার হিসাবে সঞ্চিত অর্থ হইতে বিধি ১৮ ও ২১ অনুযায়ী তহবিল হইতে গ্রহণকৃত ঋণ ও অন্যান্য দায়-দেনা কর্তন করিয়া অবশিষ্টাংশ এককালীন পরিশোধযোগ্য হইবে।

২৩.২) উপ-বিধি ২৩.১ এর আওতায় কর্তনের পর সদস্যের হিসাবে সঞ্চিত অর্থের অবশিষ্টাংশ বাংলাদেশী টাকায় পরিশোধযোগ্য।

২৩.৩) কোম্পানীতে সদস্যের চাকুরী অবসানের তারিখ হইতে ৬০ মাস অতিক্রম করিলে উক্ত সঞ্চিত অর্থের কোন দাবী গ্রাহ্য হইবে না এবং উক্ত সঞ্চিত অর্থ "ফরফিচার" হইবে এবং "ল্যাপস এন্ড ফরফিচার" হিসাবে জমা হইবে।

২৩.৪) কোম্পানীতে সদস্যের চাকুরী অবসানের পর ছয় মাস পর্যন্ত সুদ অর্জিত হইবে, ইহার পর উক্ত হিসাবে কোন সুদ অর্জিত হইবে না।


২৩.৫) যাহাকে অর্থ প্রদান করিবে তিনি যদি উম্মাদ হন এবং যদি লুনাসী এ্যাক্ট ১৯৯২ এর ধারা মতে একজন ব্যবস্থাপক নিয়োগ প্রাপ্ত হইয়া থাকেন তবে উক্ত অর্থ উম্মাদ ব্যক্তিকে পরিশোধ না করিয়া ঐ ব্যবস্থাপককে পরিশোধ করিতে হইবে।

২৩.৬) যদি কোন ব্যক্তি এই সকল বিধির আওতায় তাঁহার পাওনা দাবী করিতে ইচ্ছুক হন তবে তাহাকে বোর্ড অব ট্রাষ্টিব সচিবের নিকট এই ব্যাপারে একটি লিখিত আবেদনপত্র দাখিল করিতে হইবে।

২৪) হিসাব :

২৪.১) ট্রাষ্টিগণ কোম্পানীর রেজিষ্টার্ড অফিসে হিসাবের প্রয়োজনীয় খাতাপত্র সংরক্ষণ করিবেন এবং তাঁহাদের হেফাজতে জমাকৃত অর্থ নিষ্পত্তি করিবেন এবং প্রত্যেক সদস্যের নামে পৃথক পৃথক হিসাব সংরক্ষণ করিবেন।

২৪.২) অত্র বিধির ১৪ ধারার আওতায় প্রত্যেক সদস্য কর্তৃক প্রদানকৃত চাঁদা পরিশোধের সংগে সংগে তহবিলের হিসাবের খাতায় জমা করিতে হইবে এবং ইহা সদস্যের নামের হিসাবে জমা হইবে। উক্ত হিসাবটি "মেম্বার সাবসক্রিপশন একাউন্ট" নামে আখ্যায়িত হইবে। বিধির ১৬ ধারার আওতায় যে অর্থ কোম্পানী কর্তৃক প্রদত্ত হইবে তাহা পরিশোধের সাথে তহবিলের হিসাব বহিতে লিপিবদ্ধ করিতে হইবে এবং ইহা কোম্পানীর অনুদান হিসাবে সংশ্লিষ্ট সদস্যের নামে আলাদা হিসাবে জমা করিতে হইবে। এইরূপ আলাদা হিসাবটি "কোম্পানীস কনট্রিবিউশন একাউন্ট" নামে আখ্যায়িত হইবে।



২৪.৩) বিনিয়োগের উপর প্রাপ্ত ও অর্জিত সুদ তহবিলে প্রদত্ত যে কোন দান বা অর্থ এবং হিসাবে আনয়নযোগ্য অন্যান্য অর্থ (যদি থাকে) যাহা ৩০শে জুন তারিখে সদস্যের মধ্যে বন্টন যোগ্য হইবে ওহ হিসাবে অন্তর্ভুক্ত করিয়া প্রত্যেক বৎসরে ৩০শে জুনের পর যথাশীঘ্র ট্রাস্টিগণ একটি উদ্বৃত্তপত্র এবং আয়ব্যয় হিসাব প্রস্তুত করিবে। ট্রাস্টিগণ মেম্বারস সাবসক্রিপশন একাউন্ট ও কোম্পানীস কনট্রিবিউশন একাউন্টহয়ে সদস্যের সঞ্চিত অর্থের উপর একটি বাৎসরিক শতকরা হার নির্ধারণ করিবেন যাহার মাধ্যমে প্রকৃত আয় প্রত্যেক সদস্যের হিসাবে জমা করা যায়। কোন সদস্য আয় নিরূপনের পূর্বে সদস্যপদ হারালে ট্রাস্টিগণ কি পরিমাণ সুদ এইরূপ সদস্যের হিসাবে মঞ্জুর করিবেন তাহা নির্ধারণ করিবেন এবং এইরূপ জমাকৃত অর্থ যাহা ভাঁহার হিসাবে জমা করা হইয়াছে উহা সকল বিধির জন্য গ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইবে।

২৪.৪) সদস্যের হিসাব বন্ধ হইয়া যাইবে :

ক) সদস্যের মৃত্যুর পরদিন হইতে,

খ) কোম্পানীর চাকুরী হইতে অবসর গ্রহণ অথবা বহিষ্কার/অপসারণের দিন হইতে,

২৪.৫) যখন সদস্যের হিসাব বন্ধ হইয়া যাইবে তখন সেই সদস্যের মৃত্যু, অবসর গ্রহণ অথবা চাকুরী হইতে বহিষ্কৃত/অপসারিত হইবার পূর্ববর্তী মাসের শেষ দিন তাহার হিসাব বন্ধ হইবার দিন পর্যন্ত সময় কালের সুদ ও কোম্পানীর প্রদত্ত চাঁদা যাহা ট্রাস্টিগণ প্রদানের জন্য সিদ্ধান্ত গ্রহণ করিবেন এইরূপ অর্থ তাহার হিসাবে জমা করা হইবে।

২৪.৬) যে তারিখে সদস্যের হিসাব বন্ধ হইয়া যাইবে সেই তারিখের পর হইতে কোন সময়কালের জন্যই কোম্পানী প্রদত্ত চাঁদা তাহার হিসাবে জমা হইবে না।

২৪.৭) তহবিলের হিসাব বাৎসরিক ভিত্তিতে কোম্পানী দ্বারা নিয়োজিত নিরীক্ষক কর্তৃক পরীক্ষা ও নিরীক্ষা করা হইবে।

২৪.৮) তহবিলের নিরীক্ষা কি, হিসাব বিভাগের কর্মচারী খরচ, খাড়াপত্র ও মনোহরী দ্রব্যের খরচ সহ ব্যবস্থাপনার খরচ সমূহ কোম্পানী বহন করিবে।

২৪.৯) কোম্পানী যে পদ্ধতিতে উহার হিসাব তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ করিয়া থাকে সেই একই পদ্ধতিতে তহবিলের হিসাব নিয়ন্ত্রিত হইবে।

২৪.১০) বৎসরের শেষ দিন অতিক্রম হওয়ার পর যথা সম্ভব তাড়াতাড়ি ট্রাস্টিগণ সদস্যের হিসাব বৎসরের প্রারম্ভিক, স্থিতি, সংশ্লিষ্ট বৎসরে কর্তনকৃত মোট অর্থের পরিমাণ, বৎসরের শেষে জমাকৃত সুদ এবং

বৎসরের শেষ স্থিতি উল্লেখ পূর্বক সদস্যের নিকট তাহার পাশ বহি অথবা হিসাবের একটি বিবরণী প্রেরণ করিবেন।

২৪.১১) সদস্যগণ তাহাদের পাশ বহি হিসাবের বিবরণী সঠিকতা সম্বন্ধে সন্তুষ্ট হইবেন এবং কোন প্রকার ভুল ত্রুটি পরিলক্ষিত হইলে তাহা পাশ বহি বা বিবরণী পাওয়ার এক মাসের মধ্যে ট্রাস্টিগণকে নোটিশের মাধ্যমে অবহিত করিবেন।

২৫) তহবিল বন্ধ :

২৫.১) ট্রাস্টিগণ যে কোন সময়ে কোম্পানীর সম্মতিক্রমে এবং কোম্পানী কর্তৃক নির্দেশিত হইলে প্রত্যেক সদস্যের নিকট ব্যক্তিগত ভাবে লিখিত কমপক্ষে ৬ মাসের নোটিশে অথবা তাহার শেষ ঠিকানায় রেজিষ্ট্রি যোগে প্রেরিত অনুরূপ নোটিশে, অথবা কোম্পানীর অফিসের বিশিষ্ট স্থানে লিখিত নোটিশের মাধ্যমে তহবিল বন্ধ করিয়া দিতে পারিবেন।

২৫.২) তহবিল বন্ধ হইয়া যাওয়ার পর সম্পদ আহরণ, বন্ধকরণ এবং বিতরণ সংক্রান্ত সকল খরচ মিটাইয়া তহবিল বন্ধ হওয়ার প্রাক্কালে সদস্যের হিসাবে যে রূপ অর্থ সঞ্চিত থাকিবে তাহার ভিত্তিতে উদ্ধৃত অর্থ বন্টনের মাধ্যমে পরিশোধযোগ্য।

২৫.৩) তৎকালীন প্রচলিত তহবিল বিধি অনুযায়ী সদস্যের হিসাব চূড়ান্তভাবে বন্ধ হইয়া যাওয়ার পর এই তহবিল বিলুপ্ত হইয়া যাইবে এবং সম্পদ বিতরণ ও তহবিল বন্ধকরণ সম্পর্কিত কোন অধিকার শিরোনাম বা কোন ক্ষমতা প্রয়োগ নির্ধারণ ব্যতিত অন্য কোন কাজে এই বিধির কোন কার্যকারীতা থাকিবে না।

২৫.৪) কোন ব্যক্তি ইতিমধ্যে উক্ত তহবিলের সদস্য না হইয়া থাকিলে উল্লিখিত নোটিশ জারির পর তাহাকে সদস্য হিসাবে গণ্য করা হইবে।

২৫.৫) স্বেচ্ছায় কিংবা বাধ্যতামূলক ভাবে কোম্পানী অবলুপ্ত হইলে পুনর্গঠন অথবা একত্রতা রক্ষার্থে তহবিল স্বাভাবিক ভাবে বাতিল হইয়া যাইবে এবং ট্রাস্টিগণ পরবর্তীকালে তহবিল বন্ধ করিয়া দিবেন এবং বর্ণিত বিধির প্রথা অনুযায়ী ইহার সম্পদ বিতরণ করা হইবে।

২৬) হিসাব সংরক্ষণ পদ্ধতি :

কোম্পানীর হিসাব বিভাগীয় প্রধান তহবিলের হিসাব সংরক্ষণ পদ্ধতি নিরূপন করিবেন।

২৭) সংশোধনী ক্ষমতা :

সরকারের অনুমোদন প্রাপ্তির পর কোম্পানীর পরিচালকমন্ডলী উক্ত বিধির সংশোধন করিতে পারিবেন।



গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড

(পেট্রোনাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয় : উত্তরা, ঢাকা।

“কল্যাণ তহবিল বিধি”

১) শিরোনাম :

এই বিধি “গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল বিধি” নামে অভিহিত হইবে।

২) প্রবর্তন :

কোম্পানীর পরিচালকমন্ডলীর অনুমোদনক্রমে এই বিধি কোম্পানীর পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদনের তারিখ হইতে কার্যকর হইবে এবং ৩ (খ) অনুচ্ছেদে বর্ণিত শর্তানুযায়ী কোম্পানীর সকল কর্মকর্তা ও কর্মচারীর এই বিধির আওতাভুক্ত হইবে।

৩) সংজ্ঞা সমূহ :

ক) “তহবিল (ফান্ড)” অর্থ গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল।

খ) “সদস্য” অর্থ কোম্পানীর যে কোন নিয়মিত কর্মকর্তা/কর্মচারী যিনি কল্যাণ তহবিল কর্মসূচীর আওতায় একজন সদস্য। তবে যে সকল কর্মকর্তা/কর্মচারী সরকার/করপোরেশন কিংবা অন্য কোন প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত হইয়া কোম্পানীতে প্রবেশ করত এবং কোম্পানীতে চুক্তিভিত্তিক চাকুরীতে নিয়োজিত, তাহাদের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না।

গ) “কোম্পানী” অর্থ গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড।

ঘ) “বোর্ড” অর্থ জিটিসিএল পরিচালনা পর্ষদ।

ঙ) “সভাপতি” অর্থ দ্বাদশ অনুচ্ছেদ অনুযায়ী গঠিত তহবিল বাবস্থাপনা কমিটির সভাপতি।

চ) “বেতন (পে)” অর্থ মূল বেতন, বিশেষ বেতন, ব্যক্তিগত বেতন এবং কারিগরী বেতন।

ছ) “পরিবার (ফ্যামিলি)” অর্থ সদস্যের স্ত্রী/স্বামী, বৈধ সন্তান এবং পিতা-মাতা।

জ) " কমিটি" অর্থ ষাটশ অনুচ্ছেদ অনুযায়ী গঠিত তহবিল ব্যবস্থাপনা কমিটি।

ঝ) " ব্যবস্থাপনা পরিচালক (এম ডি)" অর্থ কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক।

ঞ) " চিকিৎসা কর্তৃপক্ষ" বলিতে সিভিল সার্জনকে বুঝাইবে। তবে কোম্পানী কর্তৃক নিয়োজিত চিকিৎসক কর্তৃক সংশ্লিষ্ট সদস্য চিকিৎসা কর্তৃপক্ষের নিকট প্রেরিত হইতে হইবে।

ট) " প্রতিনিধি" বলিতে নির্দিষ্ট ছকে সদস্য কর্তৃক মনোনীত ব্যক্তি / ব্যক্তিবর্গকে বুঝাইবে।

৪) তহবিলের উৎসঃ

জিটিসিএল পরিচালকমন্ডলীর ০৭-০৯-৯৭ ইং তারিখে অনুষ্ঠিত ৬৫ তম সভার সিদ্ধান্ত মোতাবেক কল্যান তহবিলের আয়ের উৎস নিম্নরূপ হইবেঃ

" শুধুমাত্র সদস্যদের মাসিক চাঁদা ও সমপরিমান কোম্পানীর অনুদান কল্যান তহবিলে বরাদ্দ করা হইবে।"

৫) সদস্য পদঃ

এই তহবিলে ৩(থ) অনুচ্ছেদে বর্ণিত কোম্পানীর সকল কর্মকর্তা ও কর্মচারীর সদস্য পদ বাধ্যতামূলক।

৬) সদস্যের প্রদেয় চাঁদাঃ

ক) অত্র তহবিলে প্রত্যেক সদস্য (পুনঃ সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত) প্রতি মাসে তাঁর মূল বেতনের ১% (অনধিক ৳ ১০০/=) চাঁদা দিতে বাধ্য থাকিবেন। চাঁদার অর্থ তাহার বেতন হইতে

১৯৯৮

কর্তন করা হইবে এবং কর্তনকৃত অর্থ যতদূর সম্ভব কর্তন মাসের শেষ দিবসের মধ্যে তহবিলে স্থানান্তরিত করিতে হইবে।

- খ) এই মাসিক চাঁদার অর্থ যদি কোন কারণে সদস্যের বেতন হইতে কর্তন করা সম্ভব না হয় তাহা হইলে কল্যাণ তহবিলের বান্ধাখনা কমিটি কর্তৃক নির্ধারিত পন্থায় সদস্যের চাঁদার পরিশোধ চাঁদার অর্থ জমা দিবেন। অন্যথায়, কমিটি কর্তৃক গৃহীত পন্থায় অপরিশোধিত চাঁদা খেলাপকারী সদস্যদের নিকট হইতে আদায় করা হইবে।
- গ) কোন সদস্য তাহার অমনমোগ, অবস্থেতা অথবা ক্রটি বা অন্যায় কাণনে বেতন না পাওয়ার ফলে তহবিলের চাঁদা পরিশোধে খেলাপকারী হইলেও এই বিধির অধীনে তাহার বা তাহার পরিবারের কল্যাণ তহবিলের সুবিধা প্রাপ্তির অধিকার ক্ষুণ্ণ হইবে না, তবে তাহার অমাদায়ী চাঁদা কল্যাণ অনুদান হইতে কর্তন করা হইবে।
- ঘ) অন্য তহবিলে প্রত্যেক সদস্য হইতে মাসিক ৩ (তিন) টাকা করে বিশেষ চাঁদা আদায় করা হইবে এবং আদায়কৃত এই অর্থ অন্ততঃ ১০ এ বর্ষিক বিশেষ অনুদান হিসাবে প্রদান করা হইবে।

৭) মনোনয়ন :

- ক) তহবিলে যোগদানকালে একজন সদস্য তহবিল বান্ধাখনা কমিটির সদস্য-সভার নিকট নির্দিষ্ট ছকে মনোনয়ন দাখিল করিবেন যে এই তহবিলে তাহার প্রাথমিক অর্থ প্রাপ্তির পূর্বে তাহার মৃত্যু হইলে মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গ বা নির্ভরশীল ব্যক্তিবর্গ এই তহবিলের প্রাপ্য অর্থ পাইবার অধিকারী হইবেন।

শর্ত থাকে যে, মনোনয়নকালে সদস্যের যদি পরিবার থাকে তবে তিনি তাহার পরিবারের সদস্যের বাহিরে অন্য কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গকে মনোনয়ন করিতে পারিবেন না।

- খ) যদি কোন সদস্য একাধিক ব্যক্তিকে মনোনয়ন করেন তবে তিনি প্রত্যেক মনোনীত ব্যক্তির প্রাপ্য অর্থ বা স্বর্ণ এইভাবে নির্দিষ্ট করিয়া দিবেন যাহাতে তাহার প্রাপ্য অর্থ মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গের মধ্যে সম্পূর্ণভাবে বন্টন করা যায়।
- গ) তহবিলের সচিবের নিকট লিপিত নোটিশ প্রদান করিয়া সদস্য যে কোন সময়ে যে কোন মনোনয়ন বাতিল করিতে পারিবেন। তবে শর্ত থাকে যে, যে, এইরূপ নোটিশের সাহিত্য উপবিধি (ক) ও (খ) এর নিয়মাবলী অনুসারে-একটি নতুন মনোনয়ন দাখিল করিতে হইবে।
- ঘ) মনোনয়ন প্রদানের পর কোন মনোনীত ব্যক্তির মৃত্যু হইলে নতুন মনোনয়ন দাখিল করিতে হইবে। সদস্যের মৃত্যুর অন্তিম মুহূর্ত পূর্বে সদস্যের অর্থ তহবিলে জমা কৃত অর্থ মনোনীত

সদস্যগণ কর্তৃক উত্তোলনের পূর্বে কোন মনোনীত ব্যক্তির মৃত্যু ঘটিলে এবং অত্র নিধিতে নিবৃত্ত পরিবারের সংজ্ঞা অনুযায়ী উক্ত মনোনীত ব্যক্তির কোন উত্তরাধিকারী না থাকিলে অপরাপর মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গ উক্ত মৃত ব্যক্তির জাপা অর্থ সমান ভাগে জাপা হইবেন।

- ঙ) মনোনয়নকালে সদস্যের পরিবার না থাকিলে যে কোন ব্যক্তিকে মনোনীত করিতে পারিবেন। তবে তিনি (সদস্য) পরিবারভূক্ত হইলে সাথে সাথে তাহার পূর্বের মনোনয়ন বাতিল বলিয়া গণ্য হইবে এবং সেই ক্ষেত্রে তাহাকে পরিবারের সদস্য/সদস্যবর্গকে অন্তর্ভুক্ত করিয়া নূতন মনোনয়ন দাখিল করিতে হইবে। নতুন মনোনয়ন পত্র দাখিল না করিলে সদস্যের পরিবারভূক্ত ব্যক্তিগণ আইনতঃ অংশে জমাকৃত অর্থ পাইবেন।
- চ) সদস্য কর্তৃক প্রদত্ত মনোনয়ন অথবা মনোনয়ন বাতিল সংক্রান্ত নোটিশ তহবিলের সদস্য-সচিব কর্তৃক প্রাপ্তির সাথে সাথে কার্যকর বলিয়া গণ্য হইবে।

৮) চাঁদা প্রত্যাপন :

কোন সদস্য স্বেচ্ছায় চাকুরীতে ইস্তফা প্রদান করিলে বা চাকুরী হইতে অপসারিত (Termination) কিংবা বরখাস্ত হইলে চাকুরীচ্যুতির তারিখ হইতে তাহার সদস্যপদ বাতিল হইয়া যাইবে এবং তহবিলে দশ বৎসরের কম সময়ের জন্য চাঁদা প্রদান করিয়া থাকিলে তাহার নিজের পরিশোধিত চাঁদার অর্থ ফেরত পাইবেন না। দশ বা ততোধিক বৎসরের জন্য চাঁদা প্রদান করিলে চাঁদার অর্থ নিম্নোক্তভাবে ফেরত পাইবেন।

- ক) দশ বৎসর চাঁদা প্রদান পূর্ণ হইলে : ৭৫%
- খ) এগার বৎসর চাঁদা প্রদান পূর্ণ হইলে : ৮০%
- গ) বার বৎসর চাঁদা প্রদান পূর্ণ হইলে : ৮৫%
- ঘ) তের বৎসর চাঁদা প্রদান পূর্ণ হইলে : ৯০%
- ঙ) চৌদ্দ বৎসর চাঁদা প্রদান পূর্ণ হইলে : ৯৫%
- চ) পনের বৎসর চাঁদা প্রদান পূর্ণ হইলে : ১০০%

তবে শর্ত থাকে যে, চাঁদা প্রদানকালীন সময়ে যদি উক্ত সদস্য গৃহবিলা হইতে কোন প্রকার অনুদান পাইয়া থাকেন (বিশেষ অনুদান ব্যতিত) তাহা হইলে তাহার ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না।

কল্যাণ তহবিল হইতে অনুদান মঞ্জুরী :

- ক) যদি কোন সদস্য
- ০১) শারীরিক কিংবা মানসিক কারণে নির্ধারিত চিকিৎসা কর্তৃপক্ষ কর্তৃক কর্তব্য পালনে অসমর্থ ঘোষিত হন এবং উক্ত কারণে চাকুরী হইতে অপসারিত(Discharge) হন। অথবা
- ০২) চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করেন। অথবা
- ০৩) যে কোন কারণে চাকুরী হইতে অবসর গ্রহণ করেন, তাহা হইলে অনুচ্ছেদ ৯(খ) অনুসারে (সরকার/নোর্ড কর্তৃক সময়ে সময়ে প্রবর্তিত পরিবর্তন/ পরিবর্ধন অনুযায়ী) ১৫ (পনের) বৎসর পর্যন্ত কল্যাণ তহবিল হইতে অনুদান পাইবেন। উল্লেখ্য অনুচ্ছেদ ৯(ক) ১ এবং ৯(ক) ৩ এর ক্ষেত্রে কোন সদস্য কল্যাণ তহবিল হইতে অনুদান প্রাপ্তি ১৫(পনের)বৎসর পূর্ণ হইবার পূর্বে মৃত্যুবরণ করিলে প্রাপ্ত অনুদান মঞ্জুরীর তারিখ হইতে ১৫ (পনের) বৎসর পর্যন্ত অনুদান মঞ্জুরী অব্যাহত থাকিবে।

খ) প্রদেয় অনুদানের পরিমাণঃ

প্রত্যেক সদস্যকে তাহার প্রাপ্ত বেতন স্কেলের সর্বশেষ ধাপের ২৫% হারে মাসিক অনুদান মঞ্জুর করা হইবে। সদস্যের মৃত্যুজনিত কারণে অনুদানের অর্থ তাহার মনোনীত প্রতিনিধিকে প্রদান করা হইবে।


গ) জাতীয় বেতন কাঠামোর যে কোন বেতনক্রমে কর্মরত কোন সদস্যকে (কমিটির সুপারিশ অনুযায়ী) নিম্নোক্ত প্রতিটি ক্ষেত্রে ন্যূন নির্বাহের জন্য তাহার মূল বেতনের ০৩(তিন) মাসের সমপরিমাণ অর্থ অথবা সর্বোচ্চ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা, যাহা কম হয়, এককালীন অনুদান চাকুরীজীবনে শুধুমাত্র একবার দেওয়া যাইবেঃ-

- ১) সন্তানের বিবাহ উপলক্ষে। এই ক্ষেত্রে সংশ্লিষ্ট সদস্যের নিয়মিত চাকুরী কোম্পানীতে ন্যূনতম ০৫(পাঁচ) বৎসর হইতে হইবে।
- ২) কোন সদস্য কমপক্ষে তিন মাসকাল শয্যাশায়ী থাকাসহ দুর্ঘটনার কারণে দীর্ঘ স্থায়ী অসুস্থতা বা অন্য কোন জটিল রোগের অসুস্থতাপ্রাপ্ত ও রক্তের প্রয়োজনে।
- ৩) মানসিক ব্যাধিতে আক্রান্ত সদস্যের চিকিৎসার জন্য।

১০, বিশেষ অনুদান :

অগ্নিকাণ্ড, জলোচ্ছাস, বন্যা, ঘূর্ণিঝড় বা ভূমিকম্পে আবাসিক গৃহের ব্যাপক ক্ষতি সাধিত হইলে ক্ষতিগ্রস্ত সদস্যকে এই খাতে ০৬(ছয়) এর(ষ) অনুচ্ছেদ অনুযায়ী চাঁদার মাধ্যমে আহরিত তহবিল হইতে এককালীন অনুদান ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা বিশেষ অনুদান প্রদান করা যাইবে। তবে শর্ত থাকে যে-

- ক) বিশেষ চাঁদা প্রাপ্তি এবং বিশেষ অনুদান সংক্রান্ত তহবিলের হিসাব আলাদাভাবে সংরক্ষণ করিতে হইবে।
- খ) বিশেষ অনুদান প্রদান এই খাতে আহরিত তহবিলের মধ্যে সীমাবদ্ধ থাকিতে হইবে।
- গ) বিশেষ অনুদানের জন্য আবেদনকারীর আবেদন বিবেচনার লক্ষ্যে কমিটি কর্তৃক নির্ধারিত পদ্ধতি এবং অনুদান প্রদানে কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।



১১) উচ্চবর্তন সুবিধা (Survival Benefit) :

- ক) একজন সদস্য ও (ক) অনুরোধে প্রাপ্য কল্যাণ তহবিল তহবিল দ্বারা সার্বিক ভাষায় অভিজিহ্ন তহবিল বেতনের ১০% যখন চাঁদা হ্রাসের ইচ্ছা যদি প্রকাশ করেন ও পরিশোধ করেন তাহা হইলে তাহার অন্তিম প্রাপ্য পত্র তিনি যত লক্ষ্যে চাঁদা দিমাছেন তাহ লক্ষ্যেই জন্ম তহবিল শেষ সার্বিক বেতনের সহকরা ২০ ভাগ হারে এককালীন অনুদান প্রাপ্য, তবে তাহা সর্বমাক্রমে ২৫,০০০.০০ টাকার উর্ধ্বে হইবে না।
- খ) উল-অনুরোধ "ক" এর আওতায় প্রাপ্য এককালীন অর্থ অনুচ্ছেদ-১৯ এর অধীনে কল্যাণ অনুদান প্রাপ্তির অধিকার ক্ষয় পাইবে না।

১২)

তহবিল প্রশাসন :

নিম্নোক্তভাবে কল্যাণ তহবিল ব্যবস্থাপনা কমিটি গঠিত হইবে :

- | | | |
|----|--------------------------------------------------------------------------------------------|-------|
| ক) | মহান্যায়স্থাপক (প্রশাসন/পত্র) | সদস্য |
| খ) | উপ-মহান্যায়স্থাপক (অর্থ) | সদস্য |
| গ) | উপ-মহান্যায়স্থাপক (প্রশাসন) | সদস্য |
| ঘ) | ব্যবস্থাপক (কার্যনির্বাহ) | সদস্য |
| ঙ) | সভাপতি/সাধারণ সম্পাদক
গ্যাস ট্রান্সমিশন কোম্পানী আফগানিস্তান জয়েন্টভেন্টার এএসোসিয়েশন | সদস্য |
| চ) | সভাপতি/সাধারণ সম্পাদক
কর্মচারী ইউনিয়ন (সিবিএ) | সদস্য |

কমিটির সার্বিক তত্ত্বাবধানে কোম্পানীর উপ-মহান্যায়স্থাপক (অর্থ) তহবিলের নিরীক্ষণ ও সার্বিক হিসাব রক্ষণের জন্য দায়ী থাকিবেন।

১৩) কমিটির ক্ষমতা :

- ক) এই বিধির অধীনে বর্ণিত উৎস থেকে তহবিল সংগ্রহ নির্ধারিত করিতে।
- খ) এই বিধির অধীনে কল্যাণ তহবিলের দায়ী নিশ্চিত করিতে এবং পত্রের কার্যক্রম অন্য বিয়মাচ সম্পাদন করিতে।

[Signature]

[Signature]

[Signature]

[Signature]

[Signature]

- গ) এই নির্ধার শর্তানুযায়ী কল্যান তহবিল হইতে সদস্যদের বা তাঁহাদের পরিবারবর্গকে অনুদান মঞ্জুর করিবে।
- ঘ) সকল ক্ষেত্রে সদস্যদের স্বার্থ অক্ষুণ্ণ রাখার নিমিত্তে তহবিলের মুঠ বাবুতাবনা ও প্রশাসনের প্রয়োজনে সকল নিয়ম কানুন প্রণয়ন করিলে অথবা রূপনয়নের কারণে ঘটাইবে।
- ঙ) প্রশাসন এবং তহবিল ব্যয় ছাড়াবার সীমিত সম্পৃক্ত খরচাদি মঞ্জুর করিবে।
- চ) সরকার/বোর্ড এর যথাযথ অনুমোদনক্রমে কল্যান তহবিলের অর্থ কোন ব্যক্তিকে উৎসর্গে বিনিয়োগ করিবে।
- ছ) কমিটি/বোর্ডের অনুমোদনক্রমে বিভিন্ন প্রয়োজনীয় সংশোধন করিবে।
- জ) কমিটি তহবিলের স্বার্থে উপযুক্ত ক্ষমতা সম্পর্কে সম্পৃক্ত বা আনুমানিক সকল বিষয়াদি পালন করিবে বা পালন করার ব্যবস্থা ঘটাইবে।

১৪) কমিটির অধিবেশন সমূহ :

- ক) কমিটির অধিবেশন সাধারণ ও অস্বাভাবিক হইবে। সাধারণ অধিবেশন কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত তারিখে প্রতি তিন মাসে কয়েক একবার অনুষ্ঠিত হইবে। উক্ত তারিখ পূর্বসূচী অধিবেশনের ৯০ (নব্বই) দিনের মধ্যে হইতে হইবে। ইহা ছাড়া কমিটির সভাপতি যে কোন সময়ে কমিটির একত্রী অধিবেশন আহ্বান করতে পারিবেন। কয়েক ৫ (পাঁচ) জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হইবে।
- খ) কমিটির সকল অধিবেশন কমিটির সভাপতি এবং তাঁহার জবাবদিহিত্তিতে কমাটি সদস্যদের মধ্যে হইতে প্রত্যেকেরই সভাপতি কর্তৃক মনোনীত ব্যক্তি সভাপতি হইবেন।
- গ) কমিটি সকল নির্দেশ ও সিদ্ধান্ত কমিটির সভাপতি অথবা সদস্যদের মধ্যে হইতে সভাপতি কর্তৃক অধিকারপ্রাপ্ত কোন সদস্যের অংশ দ্বারা প্রমাণকৃত হইতে হইবে।
- ঘ) কমিটির অধিবেশনের সকল বিষয়াদি/অর্থ সংশ্লিষ্ট সকল সদস্যদের উপস্থিতিতে ও ভোটার মাধ্যমে যীমাংসিত হইবে এবং সমস্ত প্রধান বিষয়ের ক্ষেত্রে কমিটির সভাপতি অথবা যিনি অধিবেশনে সভাপতি হইবেন তাহা সমর্থন বা নিষেধ (বাইট) দ্বারা প্রমাণ করিবেন।
- ঙ) অধিবেশনের কোন সিদ্ধান্ত বা কার্যক্রম কমাটির কোন সদস্যের পক্ষ বা কমিটির কোন কটির কারণে অধিক হইবে না।

[Handwritten signature]

[Handwritten signature]

[Handwritten signature]

[Handwritten signature]

[Handwritten signature]

১৫) কমিটির সভাপতি ও সচিবের ক্ষমতা :

- ক) কমিটির সভাপতি এবং সচিব নির্দিষ্টকৃত অথবা বিধানমতে কমিটি কর্তৃক আরোপিত ক্ষমতা ব্যবহার ও কার্যাদি পালন করিবেন।
- খ) জরুরী অবস্থার পরিলক্ষিতে তহবিলের সভাপতি অনুদান মঞ্জুর করিতে পারিবেন। তবে তাহা পরবর্তী অধিবেশনে কমিটির জ্ঞাতার্থে এবং অনুমোদনের জন্য পেশ করিতে হইবে।

১৬) তহবিলের দায়িত্ব :

- ক) বিধি অনুযায়ী সকল ক্ষেত্রে সদস্যদের স্বার্থ অক্ষুণ্ণ রাখার জন্য কমিটি দায়ী থাকিবেন।

১৭) ছক (ফরম) :

- ক) প্রত্যেক সদস্য নির্দিষ্ট ফরমে মনোনীত ব্যক্তির নাম ঘোষণা প্রদান করিবেন।
- খ) কমিটির নিকট নির্দিষ্ট ফরমে অনুদান প্রাপ্তির আবেদন জমা দিতে হইবে।

১৮) হিসাব পরিচালনা (ব্যাংক অপারেশন) :

- ক) এই কর্মসূচীতে গৃহীত অর্থ/তহবিল তিন তিন হিসাবে ব্যাংকে গচ্ছিত রাখিতে হইবে যাহা কমিটির সদস্য সচিব সহ যে কোন দুই জন সদস্য কর্তৃক যুগ্মভাবে পরিচালিত হইবে।

১৯) হিসাব ও নিরীক্ষা :

- ক) কমিটি কর্তৃক সময়ে সময়ে নির্দিষ্টকৃত নিয়মে ও আকারে তহবিলের হিসাব সংরক্ষিত হইবে।
- খ) প্রতি অর্থ বৎসর সমাপনান্তে চার মাসের মধ্যে কোম্পানী নিরীক্ষা মেনে তহবিলের হিসাব নিরীক্ষা করিবে এবং কোম্পানীর নিয়মিত হিসাব নিরীক্ষাকারী সচিব নিরীক্ষক কর্তৃক তহবিলের হিসাব নিরীক্ষিত হইবে এবং ইহার খরচ কোম্পানী বহন করিবে।

২০) কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালকের সার্বিক তত্ত্বাবধান, নিয়ন্ত্রণ ও নির্দেশনায়ী কমিটি বিধিসম্মতভাবে তহবিল পরিচালনা করিবেন।

২১) অন্যান্য :


- ১) পেট্রোবাংলা ও ইহার অধীনস্থ বিভিন্ন কোম্পানী হইতে যে সকল কর্মকর্তা/কর্মচারী আগত হইয়া জিটিসিএল এ আত্মীকৃত হইয়াছেন তাহাদের ক্ষেত্রে কল্যাণ তহবিলের হানাহারের অর্থ স্ব-স্ব প্রতিষ্ঠান হইতে জিটিসিএল এ স্থানান্তর করা হইবে।
- ২) এই বিধিবলে সুবিধাদি প্রাপত্যের সময়কাল নির্ধারণের ক্ষেত্রে তাহাদের স্ব-স্ব মূল প্রতিষ্ঠানের ক্ষোভতা সোগ করিয়া তাহা হিসাব করা হইবে।
- ৩) কোম্পানীর কোন কর্মকর্তা ও কর্মচারী পেট্রোবাংলা কিংবা ইহার অধীনস্থ কোন কোম্পানীতে আত্মীকরণ হইলে উক্ত কর্মকর্তা/কর্মচারী কর্তৃক কল্যাণ তহবিলে প্রদত্ত তাহার চাঁদা সুদ ও অনুদান সহ আত্মীকৃত প্রতিষ্ঠানে কর্মকর্তা/কর্মচারীর নামের নিপত্রীতে পরিশোধিত হইবে।



(মোঃ শরীফুর রহমান)
সহকারী বাবস্থাপক (অর্থ)

ও


সদস্য নীতিমালা প্রনয়ন কমিটি



(মুশতাক আহমদ)
উপ-বাবস্থাপক (পার্সোনাল)

ও

সদস্য নীতিমালা প্রনয়ন কমিটি



(সুফি হোসেন জুলফিকার রহমান)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

ও

সদস্য নীতিমালা প্রনয়ন কমিটি



(শেখ শহীদুল ইসলাম)
বাবস্থাপক (অর্থ)

ও

সদস্য সচিব নীতিমালা প্রনয়ন কমিটি



(মোঃ দিদার-উল-আলম)

সচিব

ও

আহ্বায়ক নীতিমালা প্রনয়ন কমিটি



গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

GAS TRANSMISSION COMPANY LTD. (GTCL)

(A Company of Petrobangla)

স্মরণ নং-২৮.১৪.০০০০.১০৮.২২.০০১৫/৭৫২


তারিখ: ০১-০৪-২০১৮

পরিপত্র

জিটিসিএল পরিচালকমন্ডলীর ০৭-০৯-১৯৯৭ তারিখে অনুষ্ঠিত ৬৫তম, ২৩-০১-২০১১ তারিখে ২৭১তম, ১৮-০৩-২০১৩ তারিখে ৩২২তম, ২৭-১২-২০১৭ তারিখে ৪০৪তম ও ১৫-০১-২০১৮ তারিখে অনুষ্ঠিত ৪০৬তম বোর্ড সভায় অনুমোদিত 'গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিল বিধি-তে অন্তর্ভুক্তিকরণ/সংশোধন এর লক্ষ্যে পরিচালকমন্ডলী গত ২৬-০২-২০১৮ তারিখে অনুষ্ঠিত ৪০৮তম বোর্ড সভায় নিম্নোক্ত প্রস্তাবসমূহে অনুমোদন প্রদান করে :

- ১.১। মনোহরনী-যমুনা প্রকল্পের Performance Guarantee (PG) নগদায়ন বাবদ ট ১১,১২,৮৯,৭০৮.০০ (এগার কোটি বার লক্ষ ঠাননব্বই হাজার সাতশত আট) মাত্র হতে কোম্পানির হিসাব বহিতে অন্যান্য আয় (Other Income) হিসেবে হিসাবভুক্তকরণ এবং আয়কর আইন মোতাবেক সরকারি কোষাগারে আয়কর জমা প্রদান;
- ১.২। কল্যাণ তহবিল কার্যক্রম ০৫ (পাঁচ) বছর মেয়াদে চালুকরণের নিমিত্ত ট ৮,২৫,০০,০০০.০০ (আট কোটি পঁচিশ লক্ষ) মাত্র অনুদান হিসেবে তহবিলে স্থানান্তরকরণ;
- ১.৩। উক্ত অনুদান প্রাপ্তির পর কর্মকর্তা/কর্মচারীগণকে সর্বশেষ মাসিক মূল বেতনের ২৫% হারে এককালীন/ মাসিক ০৫ (পাঁচ) বছরের জন্য অনুদান প্রদান;
- ১.৪। ইতঃপূর্বে কোম্পানি হতে অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণকে সর্বশেষ মাসিক মূল বেতনের ২৫% হারে এককালীন ০৫ (পাঁচ) বছরের জন্য অনুদান প্রদান;
- ১.৫। কর্মকর্তা ও কর্মচারী কল্যাণ তহবিলের ঘাটতি পূরণের নিমিত্ত সময়ে সময়ে জিটিসিএল হতে উক্ত তহবিলে অনুদান প্রদান; এবং
- ১.৬। কল্যাণ তহবিল বিধিমাথার অনুচ্ছেদ-৯/ক(০৩) ও ৯/খ এ কর্মকর্তা ও কর্মচারীগণকে সাময়িকভাবে ১৫ (পনের) বছরের স্থলে ০৫ (পাঁচ) বছরের জন্য বাস্তবায়ন।

২। পরিচালকমন্ডলী কর্তৃক প্রদত্ত উপর্যুক্ত সিদ্ধান্ত এতদ্বারা কোম্পানিতে কার্যকর করা হলো।



(মো. আজিজুলকারিম)
ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপি :

- ১। সকল ডিভিশন/প্রকল্প/ডিপার্টমেন্ট প্রধান, জিটিসিএল
- ২। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জিটিসিএল।
- ৩। নোটিশ বোর্ড।
- ৪। অফিস কপি।

DGM (Funds)

গ্যাস ট্রানমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

জিটিসিএল এর সিকিউরিটি নীতিমালা-২০১৮

ভূমিকা : গ্যাস ট্রানমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন পেট্রোবাংলার একটি কোম্পানি, যার মাধ্যমে সমগ্র দেশে জাতীয় গ্যাস গ্রীড পরিচালনা, অপারেশন এবং রক্ষণাবেক্ষণ কার্যক্রম সম্পাদিত হয়। জিটিসিএল এর জন্য প্রণীত জাতীয় গুণাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৬-২০১৭ এর আইন/বিধি/নীতিমালা প্রণয়ন ও সংস্কার বিষয়ের ত্রমিক নং- ৩.৩ অনুযায়ী জিটিসিএল এর জন্য সিকিউরিটি নীতিমালা প্রণয়নের নিমিত্ত অফিস আদেশ নং-১০৮/২০১৭, তারিখ ২২-০৫-২০১৭ এর মাধ্যমে একটি কমিটি গঠন করা হয়। কমিটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, নিরাপত্তা-৩ শাখা কর্তৃক প্রণীত 'কেপিআই নিরাপত্তা নীতিমালা-২০১৩, তারিখ ০৩-০৩-২০১৩' এর আলোকে বিভিন্ন তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক জিটিসিএল এর জন্য প্রযোজ্য সিকিউরিটি নীতিমালা প্রণয়ন করে, যা নিম্নরূপ :

১. শিরোনাম : এ নীতিমালা "জিটিসিএল এর সিকিউরিটি নীতিমালা-২০১৮" নামে অভিহিত হবে।
২. সংজ্ঞা :
 - ২.১ কী পয়েন্ট ইনস্টলেশন (কেপিআই) অর্থ স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত কোনো প্রতিষ্ঠান/কারখানা/জনস্বার্থে ব্যবহৃত স্থাপনা যেগুলো দেশের যুদ্ধ সামর্থ্য অথবা জাতীয় অর্থনীতির দিক থেকে গুরুত্বপূর্ণ এবং যা ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত হলে দেশের যুদ্ধ কিংবা প্রতিরক্ষা সামর্থ্য বা জাতীয় অর্থনীতি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়।
 - ২.২ '১ক' শ্রেণীভুক্ত কেপিআইসমূহের পণ্য ও সেবাসমূহ দেশের যুদ্ধ সামর্থ্য ও জাতীয় অর্থনীতির দিক থেকে অতি গুরুত্বপূর্ণ যা ধ্বংসপ্রাপ্ত বা ক্ষতিগ্রস্ত হলে জাতীয় গুরুত্বপূর্ণ যুদ্ধ সামর্থ্য কিংবা প্রতিরক্ষা বা জাতীয় অর্থনীতি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়।
 - ২.৩ '১খ' শ্রেণীভুক্ত কেপিআইসমূহের পণ্য ও সেবাসমূহ অত্যন্ত গুরুত্বপূর্ণ যা ধ্বংসপ্রাপ্ত বাধামুক্ত হওয়ার পর প্রতিস্থাপনযোগ্য হলেও তা দেশের যুদ্ধ কিংবা প্রতিরক্ষা সামর্থ্য বা জাতীয় অর্থনীতি মারাত্মকভাবে বাধাগ্রস্ত হয়।
 - ২.৪ '১গ' শ্রেণীর কেপিআইসমূহের পণ্য ও সেবাসমূহ লক্ষণীয়ভাবে ক্ষতিগ্রস্ত হলে দেশের যুদ্ধ কিংবা প্রতিরক্ষা সামর্থ্য বা জাতীয় অর্থনীতিতে বিরূপ প্রভাব পড়ে। অনেক ক্ষেত্রে এ ধরণের ক্ষতির মাত্রা '১খ' শ্রেণীর পর্যায়ভুক্ত বলে গণ্য করা হয়।
 - ২.৫ '২য়' শ্রেণীর কেপিআইসমূহের কার্যক্রম ও পণ্যসমূহ ক্ষতিগ্রস্ত হলে দেশের যুদ্ধ কিংবা প্রতিরক্ষা সামর্থ্য বা জাতীয় অর্থনীতিতে এর প্রভাব পড়ে। অনেক ক্ষেত্রে এ ধরণের ক্ষতির মাত্রা বেশি হয়।
 - ২.৬ কেপিআইডিফেন্স (KPI Defence Committee) অর্থ কেপিআইসমূহের অধিকতর নিরাপত্তা নিশ্চিতকরণ ও পরিচালনার জন্য গঠিত পর্ষদ।
 - ২.৭ কেপিআই জরিপ কমিটি (KPI Survey Team) অর্থ কেপিআইসমূহ জরিপ করার জন্য গঠিত কমিটি।
 - ২.৮ আসিনা নিরাপত্তা (Security of Premises) অর্থ কোনো স্থাপনার বাইরের ও অভ্যন্তরের স্বয়ংসম্পূর্ণ নিরাপত্তা ব্যবস্থা। আসিনা নিরাপত্তার ২টি দিক- বহিঃ নিরাপত্তা (External Security) ও অভ্যন্তরীণ নিরাপত্তা (Internal Security)। উভয় অংশ পরস্পর একে অপরের পরিপূরক এবং অনেক ক্ষেত্রে তাদের মধ্যে দ্বৈততাও থাকতে পারে।
 - ২.৯ স্থাপনা বলতে জিটিসিএল কর্তৃক দেশের বিভিন্ন স্থানে নির্মিত ও ভবিষ্যতে নির্মিতব্য সকল সিজিএস, ডিঅরএস, টিবিএস, সিটিএমএস, জিএমএস, ভল্টেশন ইত্যাদি বুঝাবে।
 - ২.১০ গ্যাস ও কনভেনসেন্ট পাইপলাইন বলতে জিটিসিএল এর সকল নির্মিত ও ভবিষ্যতে নির্মিতব্য গ্যাস ও কনভেনসেন্ট পাইপলাইন বুঝাবে।

পাতাঃ ১/১২

৩. সকল শ্রেণীর KPI নিরাপত্তা বিষয়ক সাধারণ বিষয়াবলী :

- ৩.১ জিটিসিএল কর্তৃক সংশ্লিষ্ট স্থাপনার একজন মনোনীত বা নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা KPI এর নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার দায়িত্বে নিয়োজিত থাকবেন।
- ৩.২ সময়ে সময়ে প্রণীত কেপিআই নিরাপত্তা সংক্রান্ত সকল নির্দেশনাবলী যত দ্রুত সম্ভব বাস্তবায়ন করতে হবে।
- ৩.৩ ঝুঁকিপূর্ণ স্থান (Vulnerable Point) কেপিআইয়ের সাধারণ এলাকা হতে পৃথক (Segregate) রাখতে হবে। এ সকল ঝুঁকিপূর্ণ স্থানে শুধুমাত্র প্রয়োজনীয়তার ভিত্তিতে (Need to Visit) নিয়ন্ত্রিত প্রবেশাধিকার এবং সার্বক্ষণিক প্রহরার ব্যবস্থা থাকতে হবে।
- ৩.৪ কেপিআইসমূহে দৈনিক বা চুক্তিভিত্তিক শ্রমিক নিয়োগের ক্ষেত্রে স্থানীয় পুলিশ/এসবি কর্তৃক শ্রাক-পর্যায় যাচাই যথাযথভাবে সম্পন্ন করতে হবে।
- ৩.৫ কেপিআইসমূহে বিদেশী নাগরিক কর্মরত থাকলে তাদের নিরাপত্তাদানের বিষয়টি বিবেচনা করতে হবে। এ সকল বিদেশী নাগরিকগণের গতিবিধি/কর্মকাল নিবিড় পর্যবেক্ষণের আওতায় আনতে হবে।
- ৩.৬ প্রত্যেকটি কেপিআইয়ের নিরাপত্তা বেটনী মজবুত প্রাচীর/বেড়া দ্বারা তৈরি নিশ্চিত করতে হবে।
- ৩.৭ কেপিআইসমূহে রাতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা ও প্রয়োজনীয় ক্ষেত্রে নৈশ টহল/প্রহরার ব্যবস্থা রাখতে হবে।
- ৩.৮ কেপিআই চত্বরে পর্যাপ্ত অগ্নিনির্বাপক যন্ত্র স্থাপন এবং এর কার্যকারিতা নিশ্চিতকল্পে নিকটতম ফায়ার সার্ভিসের সমন্বয়ে ন্যূনতম বছরে ২(দুই) বার মহড়া করতে হবে। প্রতিটি অগ্নি-নির্বাপক যন্ত্রের কার্যকারিতার মেয়াদ/ব্যবহার শেষে তা রিফিল করতে হবে।
- ৩.৯ কেপিআইয়ের সাথে সম্পর্কিত প্রয়োজনীয় বৈদ্যুতিক সংযোগ ও পানি সরবরাহ ব্যবস্থার নিরাপত্তা নিশ্চিত করতে হবে। প্রয়োজনীয় ক্ষেত্রে বিকল্প ব্যবস্থা রাখতে হবে।
- ৩.১০ কেপিআইয়ের শ্রেণীভেদে অভ্যন্তরে প্রবেশ ও বহির্গমন নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় ক্ষেত্রে সশস্ত্র প্রহরার ব্যবস্থা রাখতে হবে।
- ৩.১১ কেপিআই এলাকায় কোনো ধরনের অবৈধ স্থাপনা যাতে নির্মিত না হয়, সে ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সজাগ থাকবে এবং এ ধরনের কোনো অবৈধ স্থাপনা বিদ্যমান থাকলে অথবা নির্মিত হলে তা উচ্ছেদের জন্য আইনগত ব্যবস্থা নিতে হবে।
- ৩.১২ পরিচয়পত্রের ভিত্তিতে কর্তব্যরত নিরাপত্তা কর্মী দ্বারা কর্মকর্তা/কর্মচারীদের প্রবেশ নিয়ন্ত্রণ (Access Control) করতে হবে- যাতে অননুমোদিত/অনাকাঙ্ক্ষিত প্রবেশ রোধ করা যায়।
- ৩.১৩ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ যেমন জলোচ্ছ্বাস এবং বন্যা থেকে নিরাপদ রাখার জন্য পর্যাপ্ত ব্যবস্থা রাখতে হবে।
- ৩.১৪ কেপিআইয়ের সকল স্থাপনাকে শক্তিশালী ঘূর্ণিঝড় এবং ভূমিকম্পের প্রাথমিক ধাক্কা সহ্য করতে সক্ষম এমনভাবে নির্মাণ করতে হবে।
- ৩.১৫ ভৌত নিরাপত্তার (Physical Security) জন্য শ্রেণীভেদে কেপিআই এর সীমানা প্রাচীরের চারপাশে প্রতিবন্ধক (Barrier) নির্মাণ করতে হবে।
- ৩.১৬ প্রতিটি কেপিআইয়ের নিজস্ব আলাদা নিরাপত্তা ম্যানুয়াল থাকতে হবে।
- ৩.১৭ কেপিআইসমূহ আকাশ অথবা অধিক দূরত্ব থেকে সহজে লক্ষ্যবস্তু হিসেবে চিহ্নিত করার অনুপযোগী করে গড়তে হবে।
- ৩.১৮ দর্শনার্থীদের বিশদ তথ্য লিপিবদ্ধ করার জন্য অভ্যর্থনা কক্ষে একটি রেজিস্ট্রার চালু রাখতে হবে।
- ৩.১৯ সাফাং প্রার্থী/অতিথিদের পাশ ইস্যু ও প্রয়োজনে এসকর্ট পদ্ধতি চালু করতে হবে।
- ৩.২০ প্রধান ফটকে নিরাপত্তা তরুণির ব্যবস্থা (ব্যক্তি/যানবাহন/বস্তু) নিশ্চিত করতে হবে। কেপিআই অভ্যন্তরে প্রবেশকৃত সকল গাড়ীর নম্বর তারিখসহ রেজিস্ট্রারে এন্ট্রি করতে হবে।

পাতাঃ ২/১২

- ৩.২১ জিটিসিএল এর কেপিআইসমূহ এবং গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা/নিরীক্ষার জন্য "বিভাগীয় স্থায়ী নিরাপত্তা কমিটি" গঠন করতে হবে। এ কমিটি ন্যূনতম ০২(দুই) মাসে একবার প্রতিষ্ঠানের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে কেপিআইসমূহ এবং গুরুত্বপূর্ণ স্থাপনা সরেজমিনে পরিদর্শনপূর্বক সংশ্লিষ্ট ট্রাঙ্গমিশন ডিভিশন প্রধান এবং মহাব্যবস্থাপক (এইচ আর) বরাবরে প্রতিবেদন দাখিল করবে। প্রয়োজনে কমিটি যেকোনো সময়ে যেকোনো স্থাপনা সরেজমিনে পরিদর্শন করতে পারবে। প্রতি ০২(দুই) মাস পর পর অনুষ্ঠিত সভায় সংশ্লিষ্ট থানার অফিসার ইনচার্জকে আমন্ত্রণ জানানো যেতে পারে।
- ৩.২২ জিটিসিএল এর প্রতিটি কেপিআই এবং গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তা ব্যবস্থা সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সংশ্লিষ্ট স্থাপনা প্রধানকে আহ্বায়ক করে "স্থাপনা ভিত্তিক নিরাপত্তা কমিটি" গঠন করতে হবে। কমিটি প্রতি মাসে ন্যূনতম একবার সংশ্লিষ্ট স্থাপনা সরেজমিনে পরিদর্শন পূর্বক সংশ্লিষ্ট "বিভাগীয় স্থায়ী নিরাপত্তা কমিটি"র আহ্বায়ক এবং উপ-মহাব্যবস্থাপক (সিকিউরিটি এন্ড এস্টেট) বরাবরে প্রতিবেদন দাখিল করবে। প্রয়োজনে কমিটি যেকোনো সময়ে স্থাপনা সরেজমিনে পরিদর্শন করতে পারবে।
- ৩.২৩ জরিপ কমিটির সুপারিশমালা/নির্দেশনাসমূহ স্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক যথাসম্মত সমস্ত বাস্তবায়ন করতে হবে।
- ৩.২৪ প্রবেশ নিয়ন্ত্রণ (Access Control) : প্রবেশকারী অতিথির নাম, ঠিকানা, আগমন ও প্রস্থানের সময়, উদ্দেশ্য এবং সাক্ষাৎ প্রার্থীর নাম/পদবি ইত্যাদি প্রবেশ নিয়ন্ত্রণ রেজিস্টার/কম্পিউটারে লিপিবদ্ধসহ তা সংরক্ষণ করতে হবে।
- ৩.২৫ প্রধান ফটকে প্রবেশকারী/দর্শনার্থীদের যথাসম্ভব মেটাল ডিটেকটর, আর্চওয়ে মেশিন এবং প্রয়োজনে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত সদস্যদের দ্বারা দেহ তল্লাশিসহ ব্যাগ/বই ও অন্যান্য জিনিসপত্র (ভিতরে প্রবেশের ক্ষেত্রে) স্ক্যানিং মেশিন দ্বারা চেক করে প্রবেশের ব্যবস্থা করতে হবে। যে সকল দ্রব্য নিরাপত্তার প্রতি হুমকিস্বরূপ বলে প্রতীয়মান হয় তা ভেতরে প্রবেশের অনুমতি দেওয়া যাবে না।
- ৩.২৬ নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ কোনো প্রকারের আগ্নেয়াস্ত্র বা অন্য কোনো ধরনের অস্ত্র কিংবা কোনো ব্যক্তিগত লাইসেন্স করা অস্ত্র অথবা কোনো প্রকার বিস্ফোরক দ্রব্য কেপিআইয়ের অভ্যন্তরে প্রবেশের অনুমতি দেওয়া যাবে না। তবে সংশ্লিষ্ট এলাকার নিরাপত্তার দায়িত্বসহ সরকারি দায়িত্বে নিয়োজিত জনবলের জন্য ইস্যুকৃত সরকারি অস্ত্র এ নিষেধাজ্ঞার আওতায় পড়বে না।
- ৩.২৭ নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারী ছাড়া সুনির্দিষ্ট দায়িত্ব ব্যতীত কোনো অবস্থাতেই কোনো কর্মকর্তা/কর্মচারী জিটিসিএল এর কেপিআই স্থাপনার অফিস ভবনে রাাত্রিযাপন করতে পারবে না। কোনো কর্মকর্তা/কর্মচারী রাতে শুধুমাত্র দাপ্তরিক কারণে সংশ্লিষ্ট স্থাপনা প্রধানের অনুমতিক্রমে সাময়িকভাবে অবস্থান করতে পারবেন। কেউ নিয়মিতভাবে অবস্থান করতে পারবে না।
- ৩.২৮ যথাসম্ভব অতিথি (গেট) আগমন নিরুৎসাহিত করতে হবে।
- ৩.২৯ নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত নিরাপত্তাকর্মীদের নির্ধারিত ইউনিফর্ম থাকতে হবে এবং দায়িত্ব পালনকালে তাদেরকে অবশ্যই তা পরিধান করতে হবে।
৪. '১ক' শ্রেণী (জিটিসিএল এর সকল '১ক' শ্রেণীর কেপিআইয়ের ক্ষেত্রে প্রযোজ্য)

"১ক" শ্রেণীভুক্ত KPI এর নাশকতা এবং অর্জ্যাত্মক কার্যক্রম রোধের প্রয়োজনীয় ব্যবস্থা :

৪.১ বহিঃ নিরাপত্তা (External Security) :

- ৪.১.১ কেপিআইয়ের সীমানায় ২০(বিশ) মিটারের ভিতরে ভূ-গর্ভস্থ পয়ঃ নিষ্কাশন লাইন/সুরঙ্গপথসহ যে কোন স্থাপনা নির্মাণের ক্ষেত্রে কেপিআইডিসির মতামত/ছাড়পত্র গ্রহণ করতে হবে।
- ৪.১.২ কেপিআইসমূহের উপর দিয়ে উচ্চ ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক লাইন টানা বা কোনো ফাইওডার নির্মাণ করা যাবে না। তবে অনিবার্য ক্ষেত্রে এ ধরনের পরিকল্পনা অনুমোদনের জন্য কেপিআইডিসির নিকট প্রেরণ করতে হবে।
- ৪.১.৩ কেপিআইসমূহের চতুর্দিক অবস্থিত সুউচ্চ ইमारত/স্থাপনাসমূহের ষেখান থেকে গোপনে ছবি তোলা যায় বা আগ্নেয়াস্ত্রের লক্ষ্যবস্তুর আওতায় পড়ে তার উপর সার্বক্ষণিক নজরদারির ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ৪.১.৪ কেপিআইসমূহের অভ্যন্তরে মাটির নিচে দিয়ে যে কোন ধরনের সুরঙ্গ/স্থাপনা নির্মাণের ক্ষেত্রে কেপিআইডিসির ছাড়পত্র নিতে হবে।

পাতাঃ ৩/১২

- 8.1.৫ কেপিআইসমূহের সীমানা প্রাচীর হতে ২০(বিশ) মিটারের মধ্যে বিদ্যমান ইমারত/স্থাপনাসমূহকে কেপিআইসিসির নিকট হতে নিরাপত্তা ছাড়পত্র গ্রহণ করতে হবে।
- 8.1.৬ কেপিআইসমূহের চতুর্দিকে স্থাপিত সুউচ্চ ইমারতসমূহ থেকে সরাসরি পর্যবেক্ষণ প্রতিরোধের জন্য পর্যাপ্ত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- 8.1.৭ সীমানা প্রাচীর : কেপিআইসমূহকে সুরক্ষিত করতে চারদিকে ন্যূনতম ২.৮ মিটার (০৮ ফুট) উচ্চ দেয়াল নির্মাণ করতেঃ এর উপরে কমপক্ষে ০.৮৭৫ মিটার (২.৫ ফুট) Y (ওয়াই) আকৃতির কাঁটা তারের বেড়া নির্মাণ করতে হবে।
- 8.1.৮ নিরাপত্তা বেটনী : যে সকল স্থানে সীমানা প্রাচীর নির্মাণ করা সম্ভব নয় সে সকল স্থানে ১.৮ মিটার অথবা ২.৪ মিটার (০৬ ফুট অথবা ০৮ ফুট) ব্যবধানে খুঁটি স্থাপন করতেঃ কাঁটা তারের নিরাপত্তা বেটনী নির্মাণ করা যেতে পারে। এক্ষেত্রে খুঁটির উপরিভাগ বাইরের দিকে বাঁকানো থাকা বাঞ্ছনীয়। নিরাপত্তা বেটনী মূলত প্রাথমিক স্তরের ব্যবস্থা যা সহজেই কেটে, থাকিয়ে অথবা উপড়ে ফেলে হামাগুড়ি দিয়ে অভ্যন্তরে প্রবেশ করা যায়। নিরাপত্তা বেটনীসহ সংলগ্ন এলাকা সার্বক্ষণিক পরিষ্কার দৃষ্টি সীমার মধ্যে রাখতে হবে এবং পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে।
- 8.1.৯. গেইট : কেপিআইসমূহের গেইটের সংখ্যা যথাসম্ভব কম রাখতে হবে এবং অব্যবহৃত গেইটসমূহ সীলগালা করে বন্ধ রাখতে হবে। যানবাহন কিংবা জরুরী অবস্থায় প্রবেশের ক্ষেত্রে শুধুমাত্র প্রধান গেইট ব্যবহার করতে হবে এবং শাভাবিক চলাচলের জন্য পকেট গেইট ব্যবহার করতে হবে।
- 8.1.১০ গেইটসমূহ অত্যন্ত সুরক্ষিত এবং সীমানা প্রাচীরের সাথে সামঞ্জস্যপূর্ণ উচ্চতাসম্পন্ন হতে হবে। গেইটসমূহের উপরিভাগ সুরক্ষিত করতে পেরেক কিংবা তারকাঁটা স্থাপন করতে হবে।
- 8.1.১১ অবৈধ প্রবেশ রোধে গেইটসমূহের নিম্নাংশ যথাসম্ভব ভূমির সন্নিকটে স্থাপন করতে হবে যাতে কেউ হামাগুড়ি দিয়ে প্রবেশ করতে না পারে।
- 8.1.১২ গেইটসমূহ এমনভাবে স্থাপন করতে হবে যাতে কোনো ভাবেই তা সরানো কিংবা উঠানো না যায়।
- 8.1.১৩ গেইটসমূহে উন্নতমানের তালা ও শিকল ব্যবহার করতে হবে এবং ছিটকিনি মজবুতভাবে ঝালাইকৃত হতে হবে।
- 8.1.১৪ গেইটসমূহের পার্শ্ববর্তী এলাকায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখতে হবে।
- 8.1.১৫ টহলেরত নিরাপত্তাকর্মীগণ কর্তৃক গেইটের বাইরের অংশ সার্বক্ষণিকভাবে যাতে দৃষ্টি সীমায় রাখতে পারে তার জন্য পর্যাপ্ত ফাঁক রাখতে হবে।
- 8.2 অভ্যন্তরীণ নিরাপত্তা (Internal Security) :
- 8.2.1 কেপিআইসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রশিক্ষিত নিরাপত্তা কর্মী নিয়োগ করতে হবে।
- 8.2.2 কেপিআইসমূহে দর্শনাধী প্রবেশের ক্ষেত্রে কঠোর নিয়ন্ত্রণ আরোপ করতে হবে। বিশেষ করে অধিকতর ঝুঁকিপূর্ণ স্থানসমূহে (VP) প্রবেশের ক্ষেত্রে পাস ব্যবস্থা প্রবর্তন করতে হবে।
- 8.2.3 যথাসম্ভব কম সংখ্যক গেইট সম্বলিত মানসম্মত সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে। সর্বোচ্চ ঝুঁকিপূর্ণ স্থানসমূহ (VP) নিরাপত্তা নিশ্চিত করতে সীমানা প্রাচীরের অভ্যন্তরে অতিরিক্ত আরেকটি বেটনী নির্মাণ এবং ক্লোজসার্কিট ক্যামেরাসহ আধুনিক প্রযুক্তি সম্বলিত নিরাপত্তা ব্যবস্থাপনা প্রবর্তন করতে হবে।
- 8.2.4 দিনে ও রাতে সশস্ত্র টহলের ব্যবস্থা রাখতে হবে।
- 8.2.5 সীমানা প্রাচীরসহ ঝুঁকিপূর্ণ স্থানসমূহে (VP) রাত্রিকালে ফ্লাড লাইটের মাধ্যমে পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখতে হবে।
- 8.2.6 কেপিআইসমূহে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর প্রতিবছর জীবন বৃত্তান্ত পুলিশ কর্তৃপক্ষ এবং ঝুঁকিপূর্ণ স্থানসমূহে (VP) কর্মরত মূখ্য কর্মীদের জীবন বৃত্তান্ত এসবি কর্তৃক যাচাই নিশ্চিত করতে হবে।
- 8.2.7 কেপিআইসমূহে সার্বক্ষণিক অভ্যন্তরীণ এবং বহিঃসংযোগ ব্যবস্থা নিশ্চিত করতে যথাযথভাবে সুরক্ষিত ও নিরাপত্তায় আধুনিক প্রযুক্তি সম্বলিত ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে। এছাড়াও বিন্যাস সরবরাহ বন্ধ হলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা নিশ্চিত করতে পর্যাপ্ত বিকল্প ব্যবস্থা রাখতে হবে।

পাতাঃ ৪/১২

- ৪.২.৮ কেপিআইসমূহে পর্যাপ্ত অগ্নিনির্বাপন ব্যবস্থা রাখতে হবে। পরবর্তীতে নির্মিতব্য সকল নতুন স্থাপনাসমূহে অভ্যন্তরীণ Fire Hydrant ও অগ্নি সনাক্তকরণসহ প্রতিরোধ ব্যবস্থা থাকতে হবে।
- ৪.২.৯ অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি নিয়মিত পরিচালনার জন্য প্রয়োজনীয় যন্ত্রাংশের অতিরিক্ত সার্বক্ষণিক মজুদ রাখতে হবে।
- ৪.২.১০ জরুরি পরিস্থিতি মোকাবেলায় স্বতন্ত্র বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা (যেমন- জেনারেটর ইত্যাদি) রাখতে হবে।
- ৪.২.১১ কেপিআইসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত শ্রমিকদের গতিবিধি ও আচরণের দিকে সজাগ দৃষ্টি রাখতে হবে।
- ৪.২.১২ কেপিআইসমূহে নাশকতামূলক কর্মকান্ড রোধকল্পে সহায়তা করতে পারে এমন তথ্য প্রকাশে বিধি নিষেধ আরোপ করতে হবে।
- ৪.২.১৩ কেপিআইসমূহে নিরবচ্ছিন্ন কর্মকান্ড নিশ্চিত করতে মজুদকৃত আনুষঙ্গিক সামগ্রীর নিরাপত্তা ব্যবস্থা যথাযথভাবে নিশ্চিত করতে হবে।
- ৪.২.১৪ দাহ্য বস্তুসমূহের জন্য প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা রাখতে হবে।
- ৪.২.১৫ কেপিআইয়ের নিরাপত্তা সম্পর্কে দায়িত্বশীল কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক সার্বক্ষণিক নজরদারীর ব্যবস্থা রাখতে হবে।
- ৪.২.১৬ ঝুঁকিপূর্ণ স্থানসমূহে (VP) দরজা-জানালাসহ সকল অবকাঠামো মজবুতভাবে নির্মিত ও সুরক্ষিত হতে হবে এবং ব্যবহৃত সফল তালি এবং চ্যবি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ৪.২.১৭ গুরুত্বপূর্ণ যন্ত্রপাতির কার্যপ্রণালীর নির্দেশনা সম্বলিত নামফলক সরিয়ে ফেলতে হবে।
- ৪.২.১৮ জরুরি মুহূর্তের জন্য এলাচের ব্যবস্থাসহ সম্ভাব্য ক্ষেত্রে বিভিন্ন ধরনের বিপর্যয় সনাক্তকরণ ব্যবস্থা রাখতে হবে।
- ৪.২.১৯ গৃহীত নিরাপত্তা ব্যবস্থাসমূহের কার্যকারিতা যাচাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা রাখতে হবে।
- ৪.২.২০ জরুরি অবস্থা মোকাবেলার জন্য স্বল্প সময়ে বাস্তবায়নযোগ্য নিরাপত্তা পরিকল্পনা প্রস্তুত রাখতে হবে।
- ৪.২.২১ প্রাথমিক ঘটনাসমূহ নোট বইয়ে লিপিবদ্ধ করতে হবে।
- ৪.২.২২ ঝুঁকিপূর্ণ স্থানসমূহে প্রবেশের ক্ষেত্রে সকল ব্যক্তি এবং বহনকৃত সকল জিনিসপত্র পুঙ্খানুপুঙ্খ তল্লাশির ব্যবস্থা রাখতে হবে।
- ৪.২.২৩ নিরাপত্তা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে অনুমোদিত প্রশিক্ষণ স্কুল (এনএসআই, ডিজিএফআই, এসএসএফ ও এসবি) কিংবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে পর্যায়ক্রমে নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করতে হবে।

৫. '১খ' শ্রেণী (জিটিসিএল এর সকল '১খ' শ্রেণীর কেপিআইয়ের ক্ষেত্রে প্রযোজ্য)

"১খ" শ্রেণীভুক্ত কেপিআইয়ে নাশকতা এবং অন্তর্ধাতামূলক কার্যক্রম রোধের প্রয়োজনীয় ব্যবস্থা :

৫.১ বহিঃ নিরাপত্তা (External Security) :

- ৫.১.১ কেপিআইয়ের সীমানা প্রাচীর হতে ১৫(পনের) মিটারের মধ্যে ভূ-গর্ভস্থ পয়ঃ নিষ্কাশন লাইন/সুরঙ্গপথসহ যে কোন স্থাপনা নির্মাণের ক্ষেত্রে কেপিআইডিসির মতামত/ছাড়পত্র গ্রহণ করতে হবে।
- ৫.১.২ কেপিআইসমূহের উপর দিয়ে উচ্চ ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক লাইন টানা বা কোনো ফ্লাইওভার নির্মাণ করা যাবে না। তবে বিশেষ ক্ষেত্রে এ ধরনের পরিকল্পনা অনুমোদনের জন্য কেপিআইডিসির নিকট পাঠাতে হবে।
- ৫.১.৩ কেপিআইসমূহের চতুর্দিকে নিকটস্থ দূরত্বের মধ্যে অবস্থিত সুউচ্চ ইমারত/স্থাপনাসমূহ যেখান থেকে গোপনে ছবি তোলা যায় বা আগ্নেয়াস্ত্রের লক্ষ্যবস্তুর আওতায় পড়ে তার উপর সার্বক্ষণিক নজরদারীর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ৫.১.৪ কেপিআইসমূহের অভ্যন্তরে মাটির নিচে দিয়ে যে কোনো ধরনের সুরঙ্গ/স্থাপনা নির্মাণের ক্ষেত্রে কেপিআইডিসির ছাড়পত্র নিতে হবে।

পাতাঃ ৫/১২

৫.১.৫ সংশ্লিষ্ট কেপিআই কর্তৃপক্ষ তার সীমানা প্রাচীর হতে ১৫(পনের) মিটারের মধ্যে বিদ্যমান ইমারত/স্থাপনার কোনো ধরনের অন্তর্গত/নাশকতামূলক কার্যাবলী সংঘটিত হচ্ছে কি-না সে সম্পর্কে প্রতি ০৬(ছয়) মাস অন্তর প্রতিবেদন প্রেরণ করতে হবে।

৫.১.৬ কেপিআইয়ের চতুর্দিকে স্থাপিত সুউচ্চ ইমারত থেকে কেপিআইসমূহ সরাসরি পর্যবেক্ষণ প্রতিরোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫.১.৭ সীমানা প্রাচীর : কেপিআইসমূহকে সুরক্ষিত রাখতে চতুর্দিকে ন্যূনপক্ষে ২.৪ মিটার (০৮ ফুট) উচ্চ সীমানা প্রাচীর নির্মাণ করতঃ এর উপরে কমপক্ষে ০.৮৭৫ মিটার (২.৫ ফুট) Y (ওয়াই) আকৃতির কাঁটা তারের বেড়া নির্মাণ করতে হবে।

৫.১.৮ নিরাপত্তা বেট্টনী : যে সকল স্থানে সীমানা প্রাচীর নির্মাণ করা সম্ভব নয় সে সকল স্থানে ১.৮ মিটার অথবা ২.৪ মিটার (০৬ ফুট অথবা ০৮ ফুট) ব্যবধানে খুঁটি স্থাপন করতঃ কাঁটা তারের নিরাপত্তা বেট্টনী নির্মাণ করা যেতে পারে। এক্ষেত্রে খুঁটির উপরিভাগ বাইরের দিকে বাঁকানো থাকা বাঞ্ছনীয়। নিরাপত্তা বেট্টনী মূলতঃ প্রাথমিক স্তরের ব্যবস্থা যা সহজেই কেটে, বাঁকিয়ে অথবা উপড়ে ফেলে হামাগুড়ি দিয়ে অভ্যন্তরে প্রবেশ করা যায়। তাই নিরাপত্তা বেট্টনীসহ সংলগ্ন এলাকা সার্বক্ষণিক পরিষ্কার দৃষ্টি সীমার মধ্যে রাখতে হবে। পর্যাপ্ত আলোর ব্যবস্থা করতে হবে।

৫.১.৯ গেইট : কেপিআইসমূহের গেইটের সংখ্যা যথাসম্ভব কম রাখতে হবে এবং অন্যবহুত গেইটসমূহ সীলগালা করে বন্ধ রাখতে হবে। এছাড়াও--

৫.১.৯(১) গেইটসমূহ অভ্যন্তর সুরক্ষিত এবং সীমানা প্রাচীরের সাথে সামঞ্জস্যপূর্ণ উচ্চতাসম্পন্ন হতে হবে। গেইটসমূহের উপরিভাগ সুরক্ষিত করতে পেরেক কিংবা তারকাঁটা স্থাপন করতে হবে।

৫.১.৯(২) অবৈধ প্রবেশ রোধে গেইটসমূহের নিম্নাংশ যথাসম্ভব ভূমির সল্লিকটে স্থাপন করতে হবে।

৫.১.৯(৩) গেইটসমূহ এমনভাবে স্থাপন করতে হবে যাতে কোনভাবেই তা সরানো কিংবা উঠানো না যায়।

৫.১.৯(৪) গেইটসমূহে উন্নত মানের তালা ও শিকল ব্যবহার করতে হবে এবং ছিটকানি মজবুতভাবে বালাইকৃত হতে হবে।

৫.১.৯(৫) গেইটসমূহের পার্শ্ববর্তী এলাকায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখতে হবে।

৫.১.৯(৬) টহলরত কর্মকর্তাগণ কর্তৃক গেইটের বাইরের অংশ সার্বক্ষণিকভাবে যাতে দৃষ্টিসীমায় রাখা যায় তার জন্য পর্যাপ্ত ফাঁক রাখতে হবে।

৫.২ অভ্যন্তরীণ নিরাপত্তা (Internal Security) :

৫.২.১ কেপিআইসমূহের নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রশিক্ষিত নিরাপত্তাকর্মী নিয়োগ করতে হবে।

৫.২.২ কেপিআইসমূহে দর্শনার্থীর প্রবেশের ক্ষেত্রে কঠোর নিয়ন্ত্রণ আরোপ করতে হবে। বিশেষ করে অধিকতর ঝুঁকিপূর্ণ স্থানসমূহে (VP) প্রবেশের ক্ষেত্রে পাস ব্যবস্থা প্রবর্তন করতে হবে।

৫.২.৩ ঝুঁকিপূর্ণ স্থানসমূহে (VP) নিরাপত্তা নিশ্চিত করতে সীমানার চতুর্দিকে একটি বেট্টনী নির্মাণ অথবা প্রয়োজনীয় ক্ষেত্রে কেপিআইয়ের চতুর্দিকে সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে।

৫.২.৪ দিনে ও রাতে সশস্ত্র টহলের ব্যবস্থা রাখতে হবে।

৫.২.৫ ঝুঁকিপূর্ণ (VP) স্থানসমূহে পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখতে হবে।

৫.২.৬ গুরুত্বপূর্ণ পদে নিয়োগের ক্ষেত্রে এসবি ও এনএসআই কর্তৃক বিশেষ নিরীক্ষণ (ভেটিং) এবং অন্যান্য কর্মচারীদের ক্ষেত্রে এসবি কর্তৃক নিরীক্ষণ করতে হবে।

৫.২.৭ কেপিআইসমূহে সার্বক্ষণিক অভ্যন্তরীণ এবং বহিঃযোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করতে যথাযথভাবে সুরক্ষিত ও নিরাপত্তায় আধুনিক প্রযুক্তি সম্বলিত ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এছাড়াও বিদ্যুৎ সরবরাহ বন্ধ হলে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে পর্যাপ্ত বিকল্প ব্যবস্থা রাখতে হবে।

পাতাঃ ৬/১২

- ৫.২.৮ কেপিআইসমূহে পর্যাপ্ত অগ্নি নির্বাপন ব্যবস্থা রাখতে হবে। পরবর্তীতে নির্মিতব্য সকল নতুন স্থাপনাসমূহে অভ্যন্তরীণ Fire Hydrant ও অগ্নি সনাক্তকরণসহ প্রতিরোধ ব্যবস্থা থাকতে হবে।
- ৫.২.৯ গুরুত্বপূর্ণ যন্ত্রপাতির কার্যপ্রণালী নির্দেশনা সম্বলিত নামফলক (থাকলে) সরিয়ে ফেলতে হবে।
- ৫.২.১০ ঝুঁকিপূর্ণ স্থানসমূহে (VP) দরজা-জানালাসহ সকল অবকাঠামো মজবুতভাবে নির্মিত ও সুরক্ষিত হতে হবে এবং ব্যবহৃত সকল তালা-চাবি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ৫.২.১১ কেপিআইসমূহের নিরবচ্ছিন্ন কর্মকান্ড নিশ্চিত করতে মজুতকৃত আনুষঙ্গিক সামগ্রীর নিরাপত্তা ব্যবস্থা যথাযথভাবে নিশ্চিত করতে হবে।
- ৫.২.১২ জরুরি মুহূর্তের জন্য এলাচের ব্যবস্থাসহ সম্ভাব্য ক্ষেত্রে বিভিন্ন ধরনের বিপর্যয় সনাক্তকরণ ব্যবস্থা স্থাপন করতে হবে।
- ৫.২.১৩ গৃহীত নিরাপত্তা ব্যবস্থাসমূহের কার্যকারিতা যাচাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা রাখতে হবে।
- ৫.২.১৪ প্রাত্যহিক গুরুত্বপূর্ণ ঘটনাসমূহ নোট বইতে লিপিবদ্ধ করতে হবে।
- ৫.২.১৫ নিরাপত্তা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে অনুমোদিত প্রশিক্ষণ স্কুল (এনএসআই, ডিজিএফআই, এসএসএফ ও এসবি) কিংবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে পর্যায়ক্রমে নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করতে হবে।

৬. '১গ' শ্রেণী (জিটিসিএল এর সকল '১গ' শ্রেণীর কেপিআইয়ের ক্ষেত্রে প্রযোজ্য)

"১গ" শ্রেণীভুক্ত কী পয়েন্টসমূহে নাশকতা ও অর্ন্তঘাতমূলক কার্যক্রম রোধের প্রয়োজনীয় ব্যবস্থা :

৬.১ বহিঃ নিরাপত্তা (External Security) :

- ৬.১.১ কেপিআইসমূহের সীমানা প্রাচীর হতে ১০(দশ) মিটারের মধ্যে ভূ-গর্ভস্থ পয়ঃ নিষ্কাশন লাইন/সুরঙ্গপথসহ যে কোন স্থাপনা নির্মাণের ক্ষেত্রে কেপিআইভিসির মতামত/ছাড়পত্র গ্রহণ করতে হবে।
- ৬.১.২ সীমানা প্রাচীর ন্যূনতম ২.১০ মিটার (০৬ ফুট) উঁচু তার উপর ০.৭০ মিটার (০২ ফুট) কাঁটা তারের বেড়া নির্মাণ করতে হবে।
- ৬.১.৩ কেপিআইসমূহের অভ্যন্তরে মাটির নিচ দিয়ে যে কোনো ধরনের সুড়ঙ্গপথ/স্থাপনা নির্মাণের ক্ষেত্রে কেপিআইভিসির ছাড়পত্র নিতে হবে।
- ৬.১.৪ কেপিআইয়ের সীমানা প্রাচীরের ভিতরে ও বাইরে ১.৭৫ মিটারের (০৫ ফুটের) মধ্যে অবস্থিত গাছপালা কেটে পরিষ্কার করতে হবে।
- ৬.১.৫ কেপিআইয়ের অভ্যন্তরে থেকে বাইরের সবকিছু দৃষ্টিগোচর/দৃশ্যমান হওয়ার জন্য গেইট সংলগ্ন একটি গেইট হাউজ (জানালাসহ) এবং চতুর্দিকে উঁচু নিরাপত্তা চৌকি নির্মাণ করতে হবে।
- ৬.১.৬ ন্যূনতম ভৌত নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে সীমানা প্রাচীর এবং সীমানা প্রাচীরের সাথে সামঞ্জস্যপূর্ণ উচ্চতাসম্পন্ন মজবুত গেইট নির্মাণ করতে হবে।
- ৬.১.৭ প্রয়োজন অনুসারে গুরুত্বপূর্ণ পয়েন্ট/কক্ষ সিসিটিভি'র মাধ্যমে মনিটরিংয়ের ব্যবস্থা করতে হবে।

৬.২ অভ্যন্তরীণ নিরাপত্তা (Internal Security) :

- ৬.২.১ প্রশিক্ষিত নিরাপত্তাকর্মী নিয়োগ করতে হবে।
- ৬.২.২ সংশ্লিষ্ট কেপিআইয়ে নিয়োগকৃত কর্মচারী দ্বারা নিরাপত্তা টিম গঠন করতে হবে যা সার্বক্ষণিকভাবে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত থাকবে।
- ৬.২.৩ গুরুত্বপূর্ণ স্থান বা ঝুঁকিপূর্ণ স্থানে (VP) নিবিড় পর্যবেক্ষণ ব্যবস্থা থাকতে হবে।
- ৬.২.৪ শুধুমাত্র ঝুঁকিপূর্ণ স্থানে (VP) প্রবেশ সংরক্ষিত রাখতে হবে।
- ৬.২.৫ প্রয়োজনীয় ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ স্থানে (VP) পৃথক নিরাপত্তা বেটনী নির্মাণ করতে হবে।

৯/১২

- ৬.২.৬ ঝুঁকিপূর্ণ স্থানে (VP) নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের নির্দিষ্ট সময় অন্তর (Periodically) ভেটিংয়ের ব্যবস্থা করতে হবে।
- ৬.২.৭ যে কোনো দুর্ঘটনা রোধে পানি, বিদ্যুৎ, গ্যাস ও স্যুয়ারেজ লাইন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিত পরীক্ষা নিরীক্ষা নিশ্চিত করতে হবে।
- ৬.২.৮ প্রয়োজনীয় অগ্নি-নির্বাপক সরঞ্জামাদির ব্যবস্থা করা ও পর্যায়ক্রমে স্থাপনার সকলকে অগ্নি-নির্বাপন প্রশিক্ষণ প্রদান এবং নিয়মিত মহড়া অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে।
- ৬.২.৯ প্রয়োজনে বহিঃ ও অন্তঃ যোগাযোগের নিমিত্ত মোবাইল ফোন, ওয়াকিটকি বা ইন্টারকমের ব্যবস্থা করতে হবে।
- ৬.২.১০ বৈদ্যুতিক বিপদ সংকেতের ব্যবস্থা থাকাসহ মাঝে মাঝে মহড়ার ব্যবস্থা করতে হবে এবং গ্যাস লাইনের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
- ৬.২.১১ নিরাপত্তা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে অনুমোদিত প্রশিক্ষণ স্কুল (এনএসআই, ডিজিএফআই, এসএসএফ ও এসবি) কিংবা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে পর্যায়ক্রমে নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করতে হবে।
- ৬.২.১২ কেপিআইয়ের প্রতিটি কক্ষের চাবি নির্ধারিত কীবল্ডে জমা থাকবে। চাবি জমা/গ্রহণের সময় জমাদানকারী/গ্রহণকারী স্বাক্ষর লিপিবদ্ধ করতে হবে। ডুপ্লিকেট চাবি নির্ধারিত কীবল্ডে যথানিয়মে সংরক্ষণ করতে হবে।
- ৬.২.১৩ সংশ্লিষ্ট কেপিআই কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কেপিআইয়ের ছবি/ফটোগ্রাফ ধারণ করা যাবে না।
- ৬.২.১৪ সংশ্লিষ্ট কেপিআইয়ের নিরাপত্তা কমিটি নিরাপত্তা সংক্রান্ত স্থায়ী আদেশ জারি করবে এবং তাতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সুস্পষ্ট নির্দেশনা প্রদান করবে।
- ৬.২.১৫ যে কোনো আকস্মিক দুর্ঘটনা রোধে/জরুরি প্রয়োজনে Evacuation Plan থাকতে হবে।
- ৬.২.১৬ কেপিআইয়ের প্রধান ফটকসহ প্রয়োজন অনুযায়ী চতুর্দিকে সার্বক্ষণিক নিরাপত্তা প্রহরী মোতায়েন করতে হবে।
- ৬.২.১৭ নাশকাতামূলক কর্মকাণ্ড রোধকল্পে কেপিআই সম্পর্কে যে কোনো ধরনের তথ্য প্রচার/প্রকাশ এর ক্ষেত্রে সতর্কতা/সাবধানতামূলক ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ৬.২.১৮ কেপিআই এলাকায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখতে হবে।

৭. কেপিআই হতে অন্যান্য স্থাপনার দূরত্ব নির্ধারণ এবং আনুষঙ্গিক কার্যক্রম সংক্রান্ত বিষয়াবলী :

কেপিআই হতে অন্যান্য স্থাপনার দূরত্ব নির্ধারণে নিম্নলিখিত বিষয়াবলী অনুসরণ করতে হবে :

- ৭.১ কেপিআইয়ে সীমানা প্রাচীর হতে সংবিধিবদ্ধ দূরত্বের মধ্যে ইভঃপূর্বে যে সমস্ত ভবন নির্মাণ করা হয়েছে এবং যে সমস্ত ভবন অপসারণ সম্ভব নয় সে ক্ষেত্রে সংশ্লিষ্ট কেপিআই নিরাপত্তা কর্তৃপক্ষ কর্তৃক ভবনসমূহের তালিকা প্রস্তুত করতঃ নিরাপত্তা নজরদারী ব্যবস্থা জোরদার করতে হবে। কেপিআই নিরাপত্তা কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত হয়ে পূর্বে নির্মিত ভবন মালিকগণ দরজা জালানাসহ ভবনের অবকাঠামো পুনর্নির্মাণ করতে বাধ্য থাকবেন।
- ৭.২ জনস্বার্থে নতুন কোনো কেপিআই তালিকাভুক্তির ক্ষেত্রে সীমানা প্রাচীর হতে সংবিধিবদ্ধ দূরত্বের আওতাধীন ভূমি/স্থাপনাসমূহ কেপিআইডিসির সুপারিশক্রমে অধিগ্রহণের ব্যবস্থা করতে হবে। এছাড়া বিদ্যমান কেপিআইয়ের সংবিধিবদ্ধ দূরত্বে যে সকল জমির মালিকগণ অপরিহার্য কারণে কেপিআইডিসিতে ভবন নির্মাণের ছাড়পত্র গ্রহণে অপারগ হয়েছেন সে সকল জমি কেপিআইডিসির অনুমোদনক্রমে অধিগ্রহণ করতে হবে।
- ৭.৩ এখন থেকে নতুন কেপিআই নির্মাণকালে এর নিজস্ব সীমানা প্রাচীরের অভ্যন্তরে বিশেষ শ্রেণীর ক্ষেত্রে ২৫ (পঁচিশ) মিটার, ১ক শ্রেণীর ক্ষেত্রে ২০ (বিশ) মিটার, ১খ শ্রেণীর ক্ষেত্রে ১৫ (পনের) মিটার, ১গ শ্রেণীর ক্ষেত্রে ১০ (দশ) মিটার এবং ২য় শ্রেণীর ক্ষেত্রে ০৭ (সাত) মিটার ন্যূনতম দূরত্ব রেখে কেপিআইয়ের মূল স্থাপনা তৈরী করতে হবে।

পাতিকা/১২

৮. কেপিআইসমূহে নিয়োজিত নিরাপত্তা কর্মকর্তার কর্তব্য :

কেপিআইয়ের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে নিম্নোক্ত দায়িত্ব পালন করবেন :

- ৮.১ নিরাপত্তার সার্বিক দায়িত্ব পালন করবেন।
- ৮.২ অন্তর্গতমূলক কর্মকর্তা প্রতিরোধসহ অধিকতর নিরাপত্তা নিশ্চিতকল্পে সময়ে সময়ে স্থানীয় পুলিশ বিভাগ বিশেষ করে সংশ্লিষ্ট থানার অফিসার ইনচার্জগণের সাথে যত বিনিময় ও পরামর্শ গ্রহণ করবেন।
- ৮.৩ কেপিআই এর নিরাপত্তা বিধানসহ স্থাপনার নিরাপত্তা ব্যবস্থা সুশৃঙ্খল, সুসংহত ও জোরদার করার লক্ষ্যে সংশ্লিষ্ট স্থাপনা প্রধান/উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৮.৪ স্থাপনা প্রধানের অনুমতি সাপেক্ষে নিরাপত্তা কর্মকর্তা স্থাপনায় নিয়োজিত সকল নিরাপত্তা কর্মীদের কর্মকর্তা সমন্বয় সাধন ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।
- ৮.৫ স্থাপনার নিরাপত্তা কর্মকর্তা স্থাপনা প্রধানের তত্ত্বাবধানে দায়িত্ব পালন করবেন।
- ৮.৬ স্থাপনার নিরাপত্তা কর্মকর্তা স্থাপনার সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে স্থাপনা প্রধানের অনুমতি সাপেক্ষে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।
- ৮.৭ নিরাপত্তা বিম্বিত হওয়ার মত যে কোনো জরুরী পরিস্থিতিতে/জরুরী অবস্থা সৃষ্টির আশংকা দেখা দিলে সাথে সাথে যথাযথ উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করবেন।
- ৮.৮ কেপিআইয়ে কর্মরত নিরাপত্তা কর্মীদের সাথে মাঝে মাঝে নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে সচেতনতামূলক (মোটিভেশনাল) আলোচনা/সভার আয়োজন করবেন।

৯. জিটিসিএল প্রধান কার্যালয়সহ অন্যান্য আঞ্চলিক কার্যালয়ের নিরাপত্তা :

জিটিসিএল প্রধান কার্যালয়সহ অন্যান্য আঞ্চলিক কার্যালয়ের নিরাপত্তা বিধানের ক্ষেত্রে মানসম্মত নিরাপত্তা বিবেচনা করা হয়েছে।

৯.১ বাইঃ নিরাপত্তা (External Security) :


- ৯.১.১ সীমানা প্রাচীর ন্যূনতম ১.৭৫ মিটার (০৫ ফুট) উঁচু তার উপর ০.৭০ মিটার (০২ ফুট) কাটা তারের বেড়া নির্মাণ করতে হবে।
- ৯.১.২ সীমানা প্রাচীরের ভেতরে ও বাইরে ১.৪০ মিটারের (০৪ ফুট) মধ্যে অবস্থিত গাছপালা কেটে পরিষ্কার করতে হবে।
- ৯.১.৩ কার্যালয়ের অভ্যন্তর থেকে বাইরের সবকিছু দৃষ্টিগোচর/দৃশ্যমান হওয়ার জন্য গেইট সংলগ্ন একটি গেইট হাউজ (জানালাসহ) নির্মাণ করতে হবে।
- ৯.১.৪ প্রয়োজন অনুসারে গুরুত্বপূর্ণ পয়েন্ট/কক্ষ সিসিটিভির মাধ্যমে মনিটরিংয়ের ব্যবস্থা করতে হবে।
- ৯.১.৫ পরিচয়পত্রের ভিত্তিতে কর্তব্যরত নিরাপত্তা কর্মী দ্বারা কর্মকর্তা/কর্মচারীদের প্রবেশ নিয়ন্ত্রণ (Access Control) করতে হবে- যাতে অননুমোদিত/অনাকাঙ্ক্ষিত প্রবেশ রোধ করা যায়।
- ৯.১.৬ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ যেমন জলোচ্ছ্বাস এবং বন্যা থেকে নিরাপদ রাখার জন্য পর্যাপ্ত ব্যবস্থা রাখতে হবে।
- ৯.১.৭ সকল স্থাপনাকে শক্তিশালী ঘূর্ণিঝড় এবং ভূমিকম্পের প্রাথমিক ধাক্কা সহ্য করতে সক্ষম এমনভাবে নির্মাণ করতে হবে।
- ৯.১.৮ দর্শনার্থীদের বিশদ তথ্য লিপিবদ্ধ করার জন্য অভ্যর্থনা কক্ষে একটি রেজিস্ট্রার চালু রাখতে হবে।
- ৯.১.৯ সাক্ষাৎ প্রার্থী/অতিথিদের পাশ ইস্যু ও প্রয়োজনে এসকর্ট পদ্ধতি চালু করতে হবে।
- ৯.১.১০ যেইন গেইটে নিরাপত্তা তত্ত্বাবধির ব্যবস্থা (ব্যক্তি/যানবাহন/বস্তু) নিশ্চিত করতে হবে। কার্যালয়ের অভ্যন্তরে প্রবেশকৃত সকল গাড়ীর নম্বর তারিখসহ রেজিস্ট্রারে এন্ট্রি করতে হবে।

- ৯.১.১১ গেইট : গেইটের সংখ্যা যথাসম্ভব কম রাখতে হবে এবং অব্যবহৃত গেইটসমূহ সীলগালা করে বন্ধ রাখতে হবে। যানবাহন কিংবা জরুরী অবস্থায় প্রবেশের ক্ষেত্রে শুধুমাত্র প্রধান গেইট ব্যবহার করতে হবে এবং স্বাভাবিক চলাচলের জন্য পকেট গেইট ব্যবহার করতে হবে।
- ৯.১.১২ গেইটসমূহ অত্যন্ত সুরক্ষিত এবং সীমানা প্রাচীরের সাথে সামঞ্জস্যপূর্ণ উচ্চতাসম্পন্ন হতে হবে। গেইটসমূহের উপরিভাগ সুরক্ষিত করতে পেরেক কিংবা তারকাটা স্থাপন করতে হবে।
- ৯.১.১৩ অবৈধ প্রবেশ রোধে গেইটসমূহের নিম্নাংশ যথাসম্ভব ভূমির সন্নিহিতে স্থাপন করতে হবে যাতে কেউ হামাগুড়ি দিয়ে প্রবেশ করতে না পারে।
- ৯.১.১৪ গেইটসমূহ এমনভাবে স্থাপন করতে হবে যাতে কোনো ভাবেই তা সরানো কিংবা উঠানো না যায়।
- ৯.১.১৫ গেইটসমূহে উন্নতমানের তালা ও শিকল ব্যবহার করতে হবে এবং ছিটকিনি মজবুতভাবে ঝালাইকৃত হতে হবে।
- ৯.১.১৬ গেইটসমূহের পার্শ্ববর্তী এলাকার পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখতে হবে।
- ৯.১.১৭ টহলরত কর্মীগণ কর্তৃক গেইটের বাহিরের অংশ সার্বক্ষণিকভাবে যাতে দৃষ্টি সীমায় রাখতে পারেন তার জন্য পর্যাপ্ত ফাঁক রাখতে হবে।
- ৯.১.১৮ কার্যালয়ে বিদেশী নাগরিক কর্মরত থাকলে তাদের নিরাপত্তা দানের বিষয়টি বিবেচনা করতে হবে। এ সকল বিদেশী নাগরিকগণের গতিবিধি/কর্মকাল নিবিড় পর্যবেক্ষণের আওতায় আনতে হবে।

৯.২ অভ্যন্তরীণ নিরাপত্তা (Internal Security) :

- ৯.২.১ সীমানা প্রাচীরের তুল্কিপূর্ণ স্থানসমূহে (VP) রাতিকালে ফ্লাড লাইটের মাধ্যমে পর্যাপ্ত আলোর ব্যবস্থা রাখতে হবে।
- ৯.২.২ কার্যালয়সমূহে পর্যাপ্ত অগ্নিনির্বাপন ব্যবস্থা রাখতে হবে। পরবর্তীতে নির্মিতব্য সকল নতুন কার্যালয়ে অভ্যন্তরীণ Fire Hydrant ও অগ্নি সনাক্তকরণসহ প্রতিরোধ ব্যবস্থা থাকতে হবে। প্রতিটি অগ্নি-নির্বাপক যন্ত্রের কার্যকারিতার মেয়াদ/ব্যবহার শেষে তা রিফিল করতে হবে।
- ৯.২.৩ অত্যাবশ্যকীয় যন্ত্রপাতি নিয়মিত পরিচালনার জন্য প্রয়োজনীয় যন্ত্রাংশের অতিরিক্ত সার্বক্ষণিক মজুদ রাখতে হবে।
- ৯.২.৪ জরুরি পরিস্থিতি মোকাবেলায় স্বতন্ত্র বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা (যেমন- জেনারেটর ইত্যাদি) রাখতে হবে।
- ৯.২.৫ কার্যালয়সমূহে নিরবচ্ছিন্ন কর্মকাল নিশ্চিত করতে মজুদকৃত আনুষঙ্গিক সামগ্রীর নিরাপত্তা ব্যবস্থা যথাযথভাবে নিশ্চিত করতে হবে।
- ৯.২.৬ দাহ্য বস্তুসমূহের জন্য প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা রাখতে হবে।
- ৯.২.৭ কার্যালয়ের নিরাপত্তা সম্পর্কে দায়িত্বশীল কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক সার্বক্ষণিক নজরদারীর ব্যবস্থা রাখতে হবে।
- ৯.২.৮ জরুরি মুহূর্তের জন্য এলার্মের ব্যবস্থাসহ সম্ভাব্য ক্ষেত্রে বিভিন্ন ধরনের বিপর্যয় সনাক্তকরণ ব্যবস্থা রাখতে হবে।
- ৯.২.৯ গৃহীত নিরাপত্তা ব্যবস্থাসমূহের কার্যকারিতা যাচাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা রাখতে হবে।
- ৯.২.১০ জরুরি অবস্থা মোকাবেলার জন্য স্বল্প সময়ে বাস্তবায়নযোগ্য নিরাপত্তা পরিকল্পনা প্রস্তুত রাখতে হবে।
- ৯.২.১১ প্রবেশ নিয়ন্ত্রণ (Access Control) : প্রবেশকারী অভিযির নাম, ঠিকানা, আগমন ও প্রস্থানের সময়, উদ্দেশ্য এবং সাক্ষাৎ প্রার্থীর নাম/পদবি ইত্যাদি প্রবেশ নিয়ন্ত্রণ রেজিস্টার/কম্পিউটারে লিপিবদ্ধসহ তা সংরক্ষণ করতে হবে।

পাতাঃ ১০/১২



- ৯.২.১২ মেইন গেইটে প্রবেশকারী/দর্শনার্থীদের যথাসম্ভব মেটাল ডিটেক্টর, আর্চওয়ে মেশিন এবং প্রয়োজনে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত সদস্যদের দ্বারা দেহ তত্ত্বাশিসহ ব্যাগ/বই ও অন্যান্য জিনিসপত্র (ভিতরে প্রবেশের ক্ষেত্রে) স্ক্যানিং মেশিন দ্বারা চেক করে প্রবেশের ব্যবস্থা করতে হবে। যে সকল দ্রব্য নিরাপত্তার প্রতি হুমকিস্বরূপ বলে প্রতীয়মান হয় তা ভেতরে প্রবেশের অনুমতি দেওয়া যাবে না।
- ৯.২.১৩ নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ কোনো প্রকারের আগ্নেয়াস্ত্র বা অন্য কোনো ধরনের অস্ত্র কিংবা কোনো ব্যক্তিগত লাইসেন্স করা অস্ত্র অথবা কোনো প্রকার বিস্ফোরক দ্রব্য কার্যালয়ের অভ্যন্তরে প্রবেশের অনুমতি দেওয়া যাবে না। তবে সংশ্লিষ্ট এলাকার নিরাপত্তার দায়িত্বসহ সরকারি দায়িত্বে নিয়োজিত জনবলের জন্য ইস্যুকৃত সরকারি অস্ত্র এ নিবেদনকার আওতায় পড়বে না।
- ৯.২.১৪ নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত সদস্যগণ কর্তৃক কার্যালয়সমূহের নিরাপত্তা সম্পর্কে কোনো ঝুঁকি কিংবা ক্ষতিকর কোন তথ্য থাকলে তা তাৎক্ষণিকভাবে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত সদস্যগণ যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করবে।
- ৯.২.১৫ যে কোনো দুর্ঘটনা রোধে পানি, বিদ্যুৎ, গ্যাস ও সুর্যারোজ লাইন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নিয়মিত পরীক্ষা নিরীক্ষা নিশ্চিত করবে।
- ৯.২.১৬ প্রয়োজনীয় অগ্নি-নির্বাপক সরঞ্জামাদির ব্যবস্থা করা ও পর্যায়ক্রমে স্থাপনার সকলকে অগ্নি-নির্বাপন প্রশিক্ষণ প্রদান এবং নিয়মিত মহড়া অনুষ্ঠানের ব্যবস্থা করতে হবে।
- ৯.২.১৭ প্রয়োজন অনুসারে বহিঃ ও আন্তঃ যোগাযোগের নিমিত্ত মোবাইল ফোন, ওয়াকিটকি বা ইন্টারকমের ব্যবস্থা করতে হবে।
- ৯.২.১৮ বৈদ্যুতিক বিপদ সংকেতের ব্যবস্থা থাকাসহ মাঝে মাঝে মহড়ার ব্যবস্থা করতে হবে।
- ৯.২.১৯ নিরাপত্তা কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে অনুমোদিত প্রশিক্ষণ স্কুল (এনএসআই, ডিজিএফআই, এসএসএফ ও এসবি) থেকে পর্যায়ক্রমে নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করতে হবে।
- ৯.২.২০ কার্যালয়ের প্রতিটি কক্ষের চাবি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর নিকট জমা থাকবে। নিরাপত্তাকর্মীগণ বিভিন্ন গেইট এর চাবি জমা/গ্রহণের সময় জমাদানকারী/গ্রহণকারীর স্বাক্ষর রেজিস্টারে লিপিবদ্ধ করবে।
- ৯.২.২১ যে কোনো আকস্মিক দুর্ঘটনা রোধে/জরুরি প্রয়োজনে Evacuation Plan থাকতে হবে।
- ৯.২.২২ কার্যালয়ের প্রধান ফটকসহ প্রয়োজন অনুযায়ী চতুর্দিকে সার্বক্ষণিক নিরাপত্তা প্রহরী মোতায়েন করতে হবে।
- ৯.২.২৩ ভবন নির্মাণে মজবুত অবকাঠামো নিশ্চিত করতে হবে।
- ৯.২.২৪ কার্যালয় এলাকায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা থাকতে হবে।
- ৯.২.২৫ জিটিসিএল এর সকল কর্মকর্তা/কর্মচারী অফিস ভবনে প্রবেশের সময় ও অবস্থানকালে নিজ নিজ পরিধেয় বস্ত্রের উপর পরিচয়পত্র প্রদর্শনযোগ্য স্থানে ঝুলিয়ে রাখতে হবে।
- ৯.২.২৬ নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত নিরাপত্তাকর্মীদের নির্ধারিত ইউনিফর্ম থাকতে হবে এবং দায়িত্ব পালনকালে তাদেরকে অবশ্যই তা পরিধান করতে হবে।
- ৯.২.২৭ দাপ্তরিক প্রয়োজনে কোনো ধরনের মালামাল অফিসে আনা নেয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি/গেট পাশ প্রদানের ব্যবস্থা করতে হবে। উক্ত মালামাল আনা-নেয়ার প্রাক্কালে নিরাপত্তা কর্মীগণ সেগুলোর প্রয়োজনীয় চেক করবে। দাপ্তরিক মালামালের নিরাপত্তার স্বার্থে প্রয়োজনবোধে নিরাপত্তাকর্মীগণ দর্শনার্থীসহ যে কোনো কর্মকর্তা/কর্মচারীর দেহ/ব্যাগ তত্ত্বাশী করতে পারবে।
- ৯.২.২৮ ক্যান্টিন নির্মাণের প্রয়োজন হলে নিরাপত্তা সংক্রান্ত বিষয় সুনিশ্চিত করা সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০ গ্যাস সঞ্চালন পাইপলাইন, কনডেনসেট পাইপলাইন ও অন্যান্য স্থাপনার নিরাপত্তা :

- ১০.১ জিটিসিএল এর অন্যান্য স্থাপনা এবং গ্যাস ও কনডেনসেট পাইপলাইনের নিরাপত্তা প্রদানের ক্ষেত্রে দেশে প্রচলিত বিধি-বিধান ও কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত নিয়ম-নীতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।


পাতাঃ ১১/১২

- ১০.২ জিটিসিএল এর প্রতিটি কেপিআই/কার্যালয়ের (প্রয়োজ্যতা অনুযায়ী) নিরাপত্তা প্রদানের ক্ষেত্রে এ নীতিমালা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ১০.৩ ভবিষ্যতে সরকার/কেপিআইডিসি/কেপিআই জরিপ কমিটি/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক এতদবিষয়ে যে কোনো ধরনের সংশোধন/ পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন এ নীতিমালার অন্তর্ভুক্ত হবে।
- ১০.৪ সর্বোপরি সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নিরাপত্তা সংক্রান্ত আদেশ/নির্দেশাবলী যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করতে হবে।
১১. প্রধান কার্যালয়/আঞ্চলিক কার্যালয়ের নিরাপত্তা কর্মকর্তার কর্তব্য :
- ১১.১ কার্যালয়ের নিরাপত্তার সার্বিক দায়িত্ব পালন করবেন।
- ১১.২ অন্তর্গতমূলক কর্মকর্তা প্রতিরোধসহ অধিকতর নিরাপত্তা নিশ্চিতকল্পে সময়ে সময়ে স্থানীয় পুলিশ বিভাগ বিশেষ করে সংশ্লিষ্ট থানার অফিসার ইনচার্জগণের সাথে মত বিনিময় ও পরামর্শ গ্রহণ করবেন।
- ১১.৩ কার্যালয়ের নিরাপত্তা ব্যবস্থা সূক্ষ্ম, সুসংহত ও জোরদার করার লক্ষ্যে সংশ্লিষ্ট স্থাপনা প্রধান/উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
